সংস্কৃত ব্যাকরণ।

# উপক্রমণিকা

শ্রীঈশ্বরচন্দ্রবিদ্যাসাগরসঙ্কলিত।

সপ্তত্রিংশ সংস্করণ।

কলিকাতা

সংস্কৃত যন্ত্র।

সংবৎ ১৯৪৮।

PUBLISHED BY THE CALCUTTA LIBRARY.
No 25, SUKEAS' STREET CALCUTTA
1891

# বিজ্ঞাপন।

কলিকাতাস্থ গবর্ণমেণ্ট সংস্থাপিত সংস্কৃত কালেজে, সাহিত্য-শাস্ত্রের অধ্যয়ন করিতে আরম্ভ করিবার পূর্ব্বে, বিদ্যার্থিগণ মুগ্ধবোধ ব্যাকরণ আদ্যন্ত এবং ধাতুপাঠ, অমরকোষ ও ভট্টিকাব্যের কিয়দংশ পাঠ করিয়া থাকে। এই সকল গ্রন্থ পাঠ করিতে প্রায় পাঁচ বৎসর অতীত হয়, কিন্তু সংস্কৃত ভাষায় তাদৃশী ব্যুৎপত্তি জন্মে না। এই নিমিত্ত ছাত্রেরা যখন সাহিত্য শাস্ত্র অধ্যয়ন করিতে আরম্ভ করে উত্তম উত্তম কাব্যের প্রকৃত রূপে অর্থবোধ ও ভাবগ্রহ করিতে পারে না। বাস্তবিক ব্যাকরণ শাস্ত্রে সম্যক ব্যুৎপন্ন ও অগ্রে সহজ সহজ গ্রন্থ পাঠ করিয়া, সংস্কৃত ভাষায় কিঞ্চিৎ প্রবিষ্ট না হইলে, কোনও ক্রমে উৎকৃষ্ট কাব্য নাটকাদি গ্রন্থের অধ্যয়নে অধিকারী হইতে পারে না। কিন্তু মুগ্ধবোধ ব্যাকরণ, ধাতুপাঠ, অমরকোষ, ও ভট্টিকাব্যের কিয়দংশ মাত্র পাঠ করিয়া, ব্যাকরণশাস্ত্রে সম্যক ব্যুৎপন্ন ও সংস্কৃত ভাষায় অধিকারী হওয়া কোনও মতে সম্ভাবিত নহে।

মুগ্ধবোধ ব্যাকরণ অত্যন্ত সংক্ষিপ্ত ও দুরূহ, অল্পবয়স্ক বালকদিগের বুদ্ধিগম্য হইবার বিষয় নহে। যাহারা প্রথম অধ্যয়ন করিতে আরম্ভ করে, তাহারা গ্রন্থের অর্থ বুঝিতে ও তাৎপর্য্যগ্রহ

করিতে কোনও ক্রমে সমর্থ হয় না, অধ্যাপকের মুখে শুনে, তাহাই কণ্ঠস্থ করিয়া রাখে। বিশেষতঃ বিলক্ষণ মুগ্ধবোধ আদ্যন্ত পাঠ করিলেও, সংস্কৃত ব্যাকরণশাস্ত্রে বিশিষ্ট ব্যুৎপত্তি জন্মে না। অনেক স্থল এরূপে লিখিত হইয়াছে যে, সহজে তাৎপর্য্যগ্রহ হওয়া দুর্ঘট। সেই সেই স্থলে টীকাকার-দিগের সাহায্য আবশ্যক, কিন্তু যে সকল মহাশয়েরা মুগ্ধবোধের টীকা লিখিয়াছেন, দুর্ভাগ্যক্রমে তাঁহারা ব্যাকরণশাস্ত্রে সম্যক্ ব্যুৎপন্ন ছিলেন না। সুতরাং, ব্যাকরণের যথার্থমতগ্রহবিরহে অনেক স্থলেই স্বকপোলকল্পিত ব্যাখ্যা দ্বারা অসম্বদ্ধ অপ্রামাণিক অর্থ প্রতিপন্ন করিয়া গিয়াছেন।

মুগ্ধবোধব্যবসায়ীরা মুগ্ধবোধশব্দের দুইপ্রকার ব্যুৎপত্তি করিয়া থাকেন। তদনুসারে এই দুই অর্থ নিষ্পন্ন হয়। এক অর্থ এই যে, মুগ্ধবোধপাঠে ব্যাকরণে বিলক্ষণ ব্যুৎপত্তি জন্মে। অপর অর্থ এই যে, এই গ্রন্থ পাঠ করিলে, মূঢ় জনেরও ব্যাকরণ জ্ঞান জন্মে*। কিন্তু এই দুই কথাই অলীক ও অপ্রামাণিক। মুগ্ধবোধব্যবসায়ীরা, ব্যাকরণমাত্র পাঠ করিয়া, ব্যাকরণশাস্ত্রে ব্যুৎপন্ন হইতে পারেন না এবং অত্যন্ত সুবুদ্ধি না হইলে, মুগ্ধবোধে বোধাধিকার হয় না। ফলতঃ, মুগ্ধবোধের অধ্যয়নে ও অধ্যাপনে যাদৃশ পরিশ্রম ও কষ্ট, কোনও মতে তদনুযায়ী ফললাভ হয় না।

---

* মুগ্ধঃ সুন্দরো বোধো জ্ঞানং ভবত্যস্মাদিতি, মুগ্ধান্ মূঢ়ান্ বোধয়তীতি, মুগ্ধবোধম্।

অমরকোষ, সম্যক্‌রূপে অর্থ সঙ্কলন পূর্ব্বক কণ্ঠস্থ করিয়া রাখিতে পারিলে, অন্যান্য শাস্ত্রের অধ্যয়ন-কালে অর্থ পরিজ্ঞান বিষয়ে আনুকূল্য হয়, যথার্থ বটে, কিন্তু ঐ দুই গ্রন্থ আদ্যন্ত কণ্ঠস্থ করিতে, যেরূপ আয়াস ও পরিশ্রম স্বীকার করিতে হয়, ঐ আনুকূল্যে তদনুরূপ উপকার বোধ হয় না। বরং ঐ দুই গ্রন্থ কণ্ঠস্থ করিতে যে সময় যায় ও যে পরিশ্রম হয়, সেই সময় ও সেই পরিশ্রম বিবেচনা পূর্ব্বক, বিষয়বিশেষে নিয়োজিত হইলে, তদপেক্ষা অনেক অংশে সমধিক ফলোপধায়ক হইতে পারে।

এই সমস্ত পর্য্যালোচনা করিয়া, শিক্ষাসমাজের অধ্যক্ষ মহোদয়েরা মুগ্ধবোধ, ধাতুপাঠ, অমরকোষ এই গ্রন্থ ত্রিতয়ের পাঠনা রহিত করিয়া সিদ্ধান্তকৌমুদী অধ্যয়নের আদেশপ্রদান করিয়াছেন। সংস্কৃত ভাষায় যত ব্যাকরণ আছে, সিদ্ধান্তকৌমুদী সর্ব্বোৎকৃষ্ট। সিদ্ধান্তকৌমুদী আদ্যন্ত পাঠ হইলে, ব্যাকরণের অবগন্তব্য কোনও কথাই অপরিজ্ঞাত থাকে না।

ব্যাকরণপাঠ না হইলে, সংস্কৃত ভাষায় অধিকার হয় না, কিন্তু সংস্কৃত ব্যাকরণ সংস্কৃত ভাষায় রচিত। সুতরাং যাহারা প্রথম ব্যাকরণ পাঠ করিতে আরম্ভ করে, তাহারা অধীয়মান গ্রন্থের অর্থবোধ তাৎপর্য্যগ্রহ করিতে পারে না। সেই নিমিত্ত, সংস্কৃত ব্যাকরণ পাঠ করিতে এত সময় নষ্ট ও এত কষ্ট হয়। বিশেষতঃ, সংস্কৃত কালেজে যাহারা অধ্যয়ন করিতে আরম্ভ করে

তাহারা নিতান্ত শিশু; শিশুগণের পক্ষে, সংস্কৃতভাষায় সংস্কৃত ব্যাকরণ পাঠ, কোনও ক্রমে সহজ ও সুসাধ্য নয়। যাঁহারা ইঙ্গরেজী অধ্যয়ন করেন, তাঁহাদের মধ্যেও অনেকে সংস্কৃত ভাষা শিক্ষা করিতে অত্যন্ত উৎসুক ও অত্যন্ত অভিলাষী হইয়া থাকেন। কিন্তু সংস্কৃত ব্যাকরণ অত্যন্ত দুরূহ ও অত্যন্ত নীরস বলিয়া, সাহস করিয়া অধ্যয়নে প্রবৃত্ত হইতে পারেন না। বস্তুতঃ সংস্কৃত ব্যাকরণ ও সংস্কৃত ভাষা উভয়ের পরস্পর সাপেক্ষতা থাকাতেই, সংস্কৃতভাষা শিক্ষা এরূপ দুরূহ হইয়া রহিয়াছে।

প্রথমেই, সংস্কৃতভাষা লিখিত সংস্কৃত ব্যাকরণ, এবং ব্যাকরণ সমাপ্ত করিয়াই, এক বারে রঘুবংশ প্রভৃতি উৎকৃষ্ট কাব্য পড়িতে আরম্ভ করা কোনও অংশে শ্রেয়স্কর বোধ না হওয়াতে, শিক্ষা-সমাজের সম্মতিক্রমে, এই নিয়ম নির্দ্ধারিত হইয়াছে, ছাত্রেরা প্রথমতঃ সরল বাঙ্গালাভাষায় সংকলিত সংস্কৃত ব্যাকরণ ও অতি সহজ সংস্কৃত গ্রন্থ পাঠ করিবেক, তৎপরে সংস্কৃত ভাষায় কিঞ্চিৎ বোধাধিকার জন্মিলে, সিদ্ধান্তকৌমুদী ও রঘুবংশাদি পাঠ করিতে আরম্ভ করিবেক। তদনুসারে, সরল বাঙ্গালা ভাষায় ব্যাকরণসঙ্কলন ও দুই তিন খানি সহজ সংস্কৃত পুস্তক প্রস্তুত করা অত্যাবশ্যক বোধ হওয়াতে, প্রথমপাঠার্থে সংস্কৃত ব্যাকরণের উপক্রমণিকা নামে এই পুস্তক প্রস্তুত ও প্রচারিত হইল।

এই গ্রন্থে অল্পবয়স্ক বালকদিগের প্রথম শিক্ষার উপযোগী স্থূল স্থূল বিষয় সকল সঙ্কলিত হইয়াছে। ইহা পাঠ করিয়া,

সংস্কৃত ব্যাকরণে ব্যুৎপত্তি জন্মিবেক না, যথার্থ বটে, কিন্তু উপদেশসাপেক্ষ হইয়া, সহজ সহজ সংস্কৃত গ্রন্থ সকল সহজে অধ্যয়ন করিবার ক্ষমতা জন্মিবেক, সন্দেহ নাই। এবং ইহাই এই পুস্তক প্রস্তুত করিবার মুখ্য উদ্দেশ্য। প্রায় সমুদয় সংস্কৃত গ্রন্থ দেবনাগর অক্ষরেই মুদ্রিত, বাস্তবিকও, যাবতীয় সংস্কৃত গ্রন্থ দেবনাগর অক্ষরেই মুদ্রিত ও অনুশীলিত হওয়া উচিত। এই নিমিত্ত, বালকদিগের দেবনাগর অক্ষর পরিচয় অত্যাবশ্যক বোধ হওয়াতে, এই পুস্তকের শেষে সহজে উক্ত অক্ষর পরিচয়ের উপায় বিধান করা গিয়াছে। আর, হিতোপদেশ, পঞ্চতন্ত্র রামায়ণ, মহাভারত, বিষ্ণুপুরাণ, ভট্টিকাব্য, ঋতুসংহার, বেণীসংহার এই কয়েক গ্রন্থ হইতে, বালকদিগের পাঠোপযোগী অংশ সকল সঙ্কলন করিয়া, ঋজুপাঠ নামে তিন খানি পুস্তক প্রস্তুত হইয়াছে। এতদ্ব্যতিরিক্ত, মুগ্ধবোধ অথবা লঘুকৌমুদীতে ব্যাকরণের যত বিষয় লিখিত আছে, সে সমুদয় বাঙ্গালা ভাষায় সঙ্কলন করিয়া, অতি ত্বরায় ব্যাকরণকৌমুদী নামে আর একখানি পুস্তক প্রস্তুত করা যাইবেক।

সংস্কৃত কালেজে প্রথমপ্রবিষ্ট ছাত্রেরা, প্রথম বৎসরে, অগ্রে সংস্কৃত ব্যাকরণের উপক্রমণিকা পাঠ করিয়া, ঋজুপাঠের প্রথম ভাগ পাঠ করিবেক। দ্বিতীয় বৎসর ব্যাকরণকৌমুদী ও ঋজুপাঠের দ্বিতীয় ভাগ। এই সকল পাঠ করিয়া ব্যাকরণে একপ্রকার ব্যুৎপত্তি জন্মিলে, এবং সংস্কৃত ভাষায় কিঞ্চিৎ

প্রবেশ হইলেই, তৃতীয় ও চতুর্থ বৎসরে সিদ্ধান্তকৌমুদী, ঋজু-পাঠের তৃতীয় ভাগ এবং রঘুবংশ ও কুমারসম্ভব পাঠ করিবেক। এই রূপে চারি পাঁচ বৎসরে, ব্যাকরণে অসাধারণ ব্যুৎপত্তি ও সংস্কৃত ভাষাতেও বিলক্ষণ বোধাধিকার জন্মিতে পারিবেক।

শ্রীঈশ্বরচন্দ্র শর্ম্মা

কলিকাতা। সংস্কৃত কালেজ।

১লা অগ্রহায়ণ সং ১৯১৮।

# সূচী

# সূচী।

১২০৪

# ব্যাকরণের উপক্রমণিকা।

## বর্ণনির্ণয়।

১। অ ই উ, ক খ গ ইত্যাদি এক একটিকে বর্ণ বলে। বর্ণ দ্বিবিধ, স্বর ও ব্যঞ্জন।

### স্বরবর্ণ।

২। অ আ ই ঈ উ ঊ ঋ ৠ ঌ এ ঐ ও ঔ এই ত্রয়োদশ বর্ণকে স্বর বলে। স্বর দুই প্রকার, হ্রস্ব ও দীর্ঘ। অ ই উ ঋ ঌ এই পাঁচটি হ্রস্ব স্বর। আ ঈ ঊ ৠ এ ঐ ও ঔ এই আটটি দীর্ঘ স্বর। ঌকার দীর্ঘ নাই।

### ব্যঞ্জনবর্ণ।

৩। ক খ গ ঘ ঙ, চ ছ জ ঝ ঞ, ট ঠ ড ঢ ণ, ত থ দ ধ ন, প ফ ব ভ ম, য র ল ব, শ ষ স হ, ং ঃ এই পঁয়ত্রিশটি ব্যঞ্জনবর্ণ। তন্মধ্যে

ক অবধি ম পর্য্যন্ত পঁচিশটিকে স্পর্শবর্ণ বলে। স্পর্শবর্ণ সকল পাঁচ বর্গে বিভক্ত। ক খ গ ঘ ঙ, এ পাঁচটি কবর্গ। চ ছ জ ঝ ঞ, এই পাঁচটি চবর্গ। ট ঠ ড ঢ ণ, এই পাঁচটি টবর্গ। ত থ দ ধ ন, এই পাঁচটি তবর্গ। প ফ ব ভ ম, এই পাঁচটি পবর্গ। য র ল ব, এই চারিটিকে অন্তঃস্থ বর্ণ বলে। শ ষ স হ, ইহাদের নাম ঊষ্মবর্ণ। ং অনুস্বার এবং ঃ বিসর্গ, এই দুই বর্ণকে অযোগবাহ বলে।

---

## বর্ণের উচ্চারণস্থান।

৪। অ আ হ, ইহাদের উচ্চারণস্থান কণ্ঠ; ইহাদিগকে কণ্ঠ্য বর্ণ বলে।

৫। ক খ গ ঘ ঙ, ইহাদের উচ্চারণস্থান জিহ্বামূল; ইহাদিগকে জিহ্বামূলীয় বর্ণ বলে।

৬। ই ঈ চ ছ জ ঝ ঞ য শ, ইহাদের উচ্চারণস্থান তালু; ইহাদিগকে তালব্য বর্ণ বলে।

৭। ঋ ৠ ট ঠ ড ঢ ণ র ষ, ইহাদের উচ্চারণস্থান মূর্দ্ধা; ইহাদিগকে মূর্দ্ধন্য বর্ণ বলে।

৮। ঌ ত থ দ ধ ন ল স, ইহাদের উচ্চারণ-স্থান দন্ত ; ইহাদিগকে দন্ত্য বর্ণ বলে।

৯। উ ঊ প ফ ব ভ ম, ইহাদের উচ্চারণস্থান ওষ্ঠ ; ইহাদিগকে ওষ্ঠ্য বর্ণ বলে।

১০। এ ঐ, ইহাদের উচ্চারণস্থান কণ্ঠ ও তালু ; ইহাদিগকে কণ্ঠ্যতালব্য বর্ণ বলে।

১১। ও ঔ, ইহাদের উচ্চারণস্থান কণ্ঠ ও ওষ্ঠ ; ইহাদিগকে কণ্ঠ্যৌষ্ঠ্য বর্ণ বলে।

১২। অন্তঃস্থ বকারের উচ্চারণস্থান দন্ত ও ওষ্ঠ ; ইহাকে দন্ত্যৌষ্ঠ্য বর্ণ বলে।

১৩। ং অনুস্বারের উচ্চারণস্থান নাসিকা ; ইহাকে অনুনাসিক বর্ণ বলে।

১৪। ঃ বিসর্গ আশ্রয়স্থানভাগী, অর্থাৎ যখন যে স্বরবর্ণের পর থাকে, সেই স্বরবর্ণের উচ্চারণস্থানই বিসর্গের উচ্চারণস্থান।

১৫। ঙ ঞ ণ ন ম, ইহারা, জিহ্বামূল তালু প্রভৃতির ন্যায়, নাসিকাতেও উচ্চারিত হয়, এজন্য ইহাদিগকে অনুনাসিক বর্ণও বলে।

---

# সন্ধিপ্রকরণ

সন্ধি।

দুই বর্ণ, পরস্পর নিকটবর্ত্তী হইলে, মিলিত হয়। এই মিলনকে সন্ধি বলে। সন্ধি দুই প্রকার, স্বরসন্ধি ও ব্যঞ্জনসন্ধি। স্বরবর্ণে স্বরবর্ণে যে সন্ধি হয়, তাহাকে স্বরসন্ধি বলে। আর, ব্যঞ্জনবর্ণে ব্যঞ্জনবর্ণে অথবা ব্যঞ্জনবর্ণে ও স্বরবর্ণে যে সন্ধি হয়, তাহাকে ব্যঞ্জনসন্ধি বলে।

স্বরসন্ধি।

১৬। যদি অকারের পর অকার কিংবা আকার থাকে, উভয়ে মিলিয়া আকার হয়। আকার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা, শশ–অঙ্কঃ শশাঙ্কঃ; উত্তম–অঙ্গম্ উত্তমাঙ্গম্; অদ্য–অবধি অদ্যাবধি; রত্ন–আকরঃ রত্নাকরঃ; দেব–আলয়ঃ দেবালয়ঃ; কুশ–আসনম্ কুশাসনম্।

১৭। যদি আকারের পর অকার কিংবা আকার থাকে, উভয়ে মিলিয়া আকার হয়। আকার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা, দয়া–অর্ণবঃ দয়ার্ণবঃ; মহা–অর্ঘঃ মহার্ঘঃ; লতা–অন্তঃ

অস্তাস্তঃ ; মহা-আশয়ঃ মহাশয়ঃ ; গদা-আঘাতঃ গদাঘাতঃ ; বিদ্যা-আলয়ঃ বিদ্যালয়ঃ।

১৮। যদি হ্রস্ব ইকারের পর ই কিংবা ঈ থাকে, উভয়ে মিলিয়া দীর্ঘ ঈকার হয়। ঈকার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা, গিরি-ইন্দ্রঃ গিরীন্দ্রঃ ; অতি-ইব অতীব ; প্রতি-ইতিঃ প্রতীতিঃ ; কবি-ঈশ্বরঃ কবীশ্বরঃ ; ক্ষিতি-ঈশঃ ক্ষিতীশঃ ; প্রতি-ঈক্ষা প্রতীক্ষা।

১৯। যদি দীর্ঘ ঈকারের পর ই কিংবা ঈ থাকে, উভয়ে মিলিয়া দীর্ঘ ঈকার হয়। ঈকার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা, মহী-ইন্দ্রঃ মহীন্দ্রঃ ; মহতী-ইচ্ছা মহতীচ্ছা ; লক্ষ্মী-ঈশঃ লক্ষ্মীশঃ ; পৃথ্বী-ঈশ্বরঃ পৃথ্বীশ্বরঃ।

২০। যদি হ্রস্ব উকারের পর উ কিংবা ঊ থাকে, উভয়ে মিলিয়া দীর্ঘ ঊকার হয়। ঊকার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা, বিধু-উদয়ঃ বিধূদয়ঃ ; মধু-উৎসবঃ মধূৎসবঃ ; সাধু-উক্তম্ সাধূক্তম্ ; লঘু-ঊর্ম্মিঃ লঘূর্ম্মিঃ ; গুরু-ঊহঃ গুরূহঃ।

২১। যদি দীর্ঘ ঊকারের পর উ কিংবা ঊ থাকে, উভয়ে মিলিয়া দীর্ঘ ঊকার হয়। ঊকার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা, বধূ-উৎসবঃ বধূ-

সবঃ; স্বয়ম্ভু-উদয়ঃ স্বয়ম্ভুদয়ঃ; ভূ-ঊর্দ্ধম্ ভূর্দ্ধম্; বধূ-ঊহনম্ বধূহনম্।

২২। যদি ঋকারের পর ঋকার থাকে, উভয়ে মিলিয়া দীর্ঘ ৠকার হয়। ৠকার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা, পিতৃ-ঋণম্ পিতৄণম্; ভ্রাতৃ-ঋদ্ধিঃ ভ্রাতৄদ্ধিঃ।

২৩। যদি অকারের পর ই কিংবা ঈ থাকে, উভয়ে মিলিয়া একার হয়। একার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা, দেব-ইন্দ্রঃ দেবেন্দ্রঃ; পূর্ণ-ইন্দুঃ পূর্ণেন্দুঃ; গণ-ঈশঃ গণেশঃ; অব-ঈক্ষণম্ অবেক্ষণম্।

২৪। যদি আকারের পর ই কিংবা ঈ থাকে, উভয়ে মিলিয়া একার হয। একার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা, মহা-ইন্দ্রঃ মহেন্দ্রঃ; লতা-ইব লতেব; রমা-ঈশঃ রমেশঃ; মহা-ঈশ্বরঃ মহেশ্বরঃ।

২৫। যদি অকারের পর উ কিংবা ঊ থাকে, উভয়ে মিলিয়া ওকার হয়। ওকার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা, নীল-উৎপলম্ নীলোৎপলম্; সূর্য্য-উদয়ঃ সূর্য্যোদয়ঃ; এক-ঊনবিংশতিঃ একোনবিংশতিঃ; গৃহ-ঊর্দ্ধম্ গৃহোর্দ্ধম্।

২৬। যদি আকারের পর উ কিংবা ঊ থাকে, উভয়ে মিলিয়া ওকার হয়। ওকার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা, মহা-উদয়ঃ মহোদয়ঃ; গঙ্গা-উদকম্ গঙ্গোদকম্; গঙ্গা-ঊর্ম্মিঃ গঙ্গোর্ম্মিঃ; মহা-ঊর্ম্মিঃ মহোর্ম্মিঃ।

২৭। যদি অকারের পর ঋ থাকে, ঋ স্থানে র্ হয়। র্ পরবর্ণের মস্তকে যায়। যথা, দেব-ঋষিঃ দেবর্ষিঃ; হিম-ঋতুঃ হিমর্ত্তুঃ।

২৮। যদি আকারের পর ঋ থাকে, আকার স্থানে অকার হয় এবং ঋস্থানে র্ হয়। র্ পরবর্ণের মস্তকে যায়। যথা, মহা-ঋষিঃ মহর্ষিঃ; দেবতা-ঋষভঃ দেবতর্ষভঃ। –

২৯। যদি অকারের পর এ কিংবা ঐ থাকে, উভয়ে মিলিয়া ঐকার হয়। ঐকার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা, অত্র-এব অত্রৈব; এক-একম্ একৈকম্; মত-ঐক্যম্ মতৈক্যম্; তব-ঐশ্বর্য্যম্ তবৈশ্বর্য্যম্।

৩০। যদি আকারের পর এ কিংবা ঐ থাকে, উভয়ে মিলিয়া ঐকার হয়। ঐকার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা, সদা-এব সদৈব; তথা-এতৎ তথৈতৎ; মহা-ঐরাবতঃ মহৈরাবতঃ; মহা-ঐশ্বর্য্যম্ মহৈশ্বর্য্যম্।

৩১। যদি অকারের পর ও কিংবা ঔ থাকে, উভয়ে মিলিয়া ঔকার হয়। ঔকার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা, জল-ওঘঃ জলৌঘঃ; গ্রাম-ওকঃ গ্রামৌকঃ; চিত্ত-ঔদার্য্যম্ চিত্তৌদার্য্যম্; গত-ঔৎসুক্যঃ গতৌৎসুক্যঃ।

৩২। যদি আকারের পর ও কিংবা ঔ থাকে, উভয়ে মিলিয়া ঔকার হয়। ঔকার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা, মহা-ওষধিঃ মহৌষধিঃ; সদা-ওদনম্ সদৌদনম্; মহা-ঔদার্য্যম্ মহৌদার্য্যম্; সদা-ঔৎসুক্যম্ সদৌৎসুক্যম্।

৩৩। ই ঈ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে, হ্রস্ব ই স্থানে য হয়। য পূর্ব্ব বর্ণে যুক্ত হয়, আর পরের স্বর যকারে যুক্ত হয়। যথা, যদি-অপি যদ্যপি; অতি-আচারঃ অত্যাচারঃ; অভি-উদয়ঃ অভ্যুদয়ঃ; প্রতি-ঊহঃ প্রত্যূহঃ; মুনি-ঋষভঃ মুন্যৃষভঃ; প্রতি-একম্ প্রত্যেকম্; অতি-ঐশ্বর্য্যম্ অত্যৈশ্বর্য্যম্; পচতি-ওদনম্ পচত্যোদনম্; অতি-ঔদার্য্যম্ অত্যৌদার্য্যম্।

৩৪। ই ঈ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে, দীর্ঘ ঈ স্থানে য হয়। য পূর্ব্ব বর্ণে যুক্ত হয়, আর পরের স্বর যকারে যুক্ত হয়। যথা, নদী-অম্বু

নদ্যম্বু ; দেবী-আগতা দেব্যাগতা ; সখী-উক্রম্ সখ্যুক্রম্ ; শশী-উর্দ্ধগঃ শশ্যূর্দ্ধগঃ ; বলী-ঋষভঃ বল্যৃষভঃ ; গোপী-এষা গোপ্যেষা ; বলী-ঐরাবতঃ বল্যৈরাবতঃ ; সরস্বতী-ওঘঃ সরস্বত্যোঘঃ ; বাণী-ঔচিত্যম্ বাণ্যৌচিত্যম্ ।

৩৫। উ ঊ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে, হ্রস্ব উ স্থানে ব হয়। ব পূর্ব্ব বর্ণে যুক্ত হয়, আর পরের স্বর বকারে যুক্ত হয়। যথা, অনু-অয়ঃ অন্বয়ঃ ; সু-আগতম্ স্বাগতম্ ; মধু-ইদম্ মধ্বিদম্ ; সাধু-ঈহিতম্ সাধ্বীহিতম্ ; মধু-ঋতে মধ্বৃতে ; অনু-এষণম্ অন্বেষণম্ ; অনু-ঐক্ষিষ্ট অন্বৈক্ষিষ্ট ; পচতু-ওদনম্ পচত্বোদনম্ ; দদাতু-ঔষধম্ দদাত্বৌষধম্ ।

৩৬। উ ঊ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে, দীর্ঘ ঊ স্থানে ব হয়। ব পূর্ব্ব বর্ণে যুক্ত হয়, আর পরের স্বর বকারে যুক্ত হয়। যথা, সরযূ-অম্বু সরয্বম্বু ; বধূ-আদিঃ বধ্বাদিঃ ; তনু-ইন্দ্রিয়ম্ তন্বিন্দ্রিয়ম্ ; তনূ-ঈশ্বরঃ তন্বীশ্বরঃ ; সরযূ-এধিতম্ সরয্বেধিতম্ ; বধূ-ঐশ্বর্য্যম্ বধ্বৈশ্বর্য্যম্ ; সরযূ-ওঘঃ সরয্বোঘঃ ; বধূ-ঔদার্য্যম্ বধ্বৌদার্য্যম্।

৩৭। ঋ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে, ঋস্থানে

র হয়। র পূর্ব্ব বর্ণে যুক্ত হয়, আর পরের স্বর রকারে যুক্ত হয়। যথা, পিতৃ—অনুমতিঃ পিত্রনুমতিঃ; পিতৃ—আদেশঃ পিত্রাদেশঃ; পিতৃ—ইচ্ছা পিত্রিচ্ছা; পিতৃ—ঈহিতম্ পিত্রীহিতম্; পিতৃ—উপদেশঃ পিত্রুপদেশঃ; পিতৃ—ঊহঃ পিত্রূহঃ; পিতৃ—এষণা পিত্রেষণা; পিতৃ—ঐশ্বর্য্যম্ পিত্রৈশ্বর্য্যম্; পিতৃ—ওকঃ পিত্রোকঃ; পিতৃ—ঔদার্য্যম্ পিত্রৌদার্য্যম্।

৩৮। স্বরবর্ণ পরে থাকিলে, একারস্থানে অয়্ হয়। অকার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়, আর পরের স্বর য়কারে যুক্ত হয়। যথা, শে—অনম্ শয়নম্, নে—অনম্ নয়নম্; জে—অতি জয়তি; সঞ্চে—অঃ সঞ্চয়ঃ; শে—আতে শয়াতে; অশে—আতাম্ অশয়াতাম্; শে—ইতম্ শয়িতম্; অশে—ইষ্ট অশয়িষ্ট; শে—ঈত শয়ীত; শে—ঈরন্ শয়ীরন্; শে—এ শয়ে; শে—ঐ শয়ৈ।

৩৯। স্বরবর্ণ পরে থাকিলে, ঐকারস্থানে আয়্ হয়। আকার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়, আর পরের স্বর য়কারে যুক্ত হয়। যথা, বিনৈ—অকঃ বিনায়কঃ; সঞ্চৈ—অকঃ সঞ্চায়কঃ; রৈ-আ রায়া; রৈ—ই রায়ি; রৈ—এ রায়ে; রৈ—ওঃ রায়োঃ।

৪০। স্বরবর্ণ পরে থাকিলে, ওকারস্থানে অব্ হয়। অকার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়, আর পরের স্বর বকারে যুক্ত হয়। যথা, ভো-অনম্ ভবনম্; পো-অনঃ পবনঃ; শ্রো-অণম্ শ্রবণম্; গো-আ গবা; ভো-ইতা ভবিতা; পো-ইত্রম্ পবিত্রম্; গো-এ গবে; গো-ওঃ গবোঃ।

৪১। স্বরবর্ণ পরে থাকিলে, ঔকারস্থানে আব্ হয়। আকার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়, আর পরের স্বর বকারে যুক্ত হয়। যথা, পৌ-অকঃ পাবকঃ; নৌ-আ নাবা; ভৌ-ইনী ভাবিনী; ভৌ-উকঃ ভাবুকঃ; নৌ-এ নাবে; নৌ-ওঃ নাবোঃ; নৌ-ঔ নাবৌ।

৪২। পদের অন্তে স্থিত একার কিংবা ওকারের পর যে অকার থাকে, তাহার লোপ হয়। লোপ হইলে অকারের যে চিহ্ন থাকে, তাহাকে লুপ্ত অকার বলে। যথা, কবে-অবেহি কবে ঽবেহি; সখে-অর্পয় সখে ঽর্পয়; প্রভো-অনুগৃহাণ প্রভো ঽনুগৃহাণ; গুরো-অনুমন্যস্ব গুরো ঽনুমন্যস্ব।

---

ব্যঞ্জনসন্ধি ।

৪৩। যদি চ কিংবা ছ পরে থাকে, ত ও দ স্থানে চ হয়। যথা, মহৎ-চক্রম্ মহচ্চক্রম্ ; ভবৎ-চরণম্ ভবচ্চরণম্ ; উৎ-চারণম্ উচ্চারণম্ ; এতদ্-চন্দ্রমণ্ডলম্ এতচ্চন্দ্রমণ্ডলম্ ; বিপদ্-চয়ঃ বিপচ্চয়ঃ ; তদ্-চলনম্ তচ্চলনম্ ; মহৎ-ছত্রম্ মহচ্ছত্রম্ ; ভবৎ-ছলনম্ ভবচ্ছলনম্ ; উৎ-ছিনত্তি উচ্ছিনত্তি ; তদ্-ছবিঃ তচ্ছবিঃ ; এতদ্-ছায়া এতচ্ছায়া ।

৪৪। যদি জ কিংবা ঝ পরে থাকে, ত ও দ স্থানে জ হয়। যথা, ভবৎ-জীবনম্ ভবজ্জীবনম্ ; উৎ-জ্বলঃ উজ্জ্বলঃ ; সরিৎ-জলম্ সরিজ্জলম্ ; তদ্-জন্ম তজ্জন্ম ; এতদ্-জননম্ এতজ্জননম্ ; বিপদ্-জালম্ বিপজ্জালম্ ; মহৎ-ঝঞ্ঝনম্ মহজ্ঝঞ্ঝনম্ ; তৎ-ঝনৎকারঃ তজ্ঝনৎকারঃ ।

৪৫। যদি জ কিংবা ঝ পরে থাকে, দন্ত্য ন স্থানে ঞ হয়। যথা, মহান্-জয়ঃ মহাঞ্জয়ঃ ; রাজন্-জাগৃহি রাজঞ্জাগৃহি ; ভবান্-জীবতু ভবাঞ্জীবতু ; উত্তন্-ঝঙ্কারঃ উত্তঞ্ঝঙ্কারঃ ; বিরমন্-ঝনৎকারঃ বিরমঞ্ঝনৎকারঃ ; গচ্ছন্-ঝটিতি গচ্ছঞ্ঝটিতি ।

৪৬। যদি পদের অন্তে স্থিত তকার কিংবা দকারের পর তালব্য শ থাকে, ত ও দ স্থানে চ এবং শ স্থানে ছ হয়। যথা, জগৎ-শরণ্যঃ জগচ্ছরণ্যঃ; মহৎ-শকটম্ মহচ্ছকটম্; তদ্-শরীরম্ তচ্ছরীরম্; এতদ্-শকাব্দীয়ম্ এতচ্ছকাব্দীয়ম্।

৪৭। যদি পদের অন্তে স্থিত নকারের পর তালব্য শ থাকে, ন স্থানে ঞ এবং তালব্য শ স্থানে ছ হয়। যথা, মহান্-শব্দঃ মহাঞ্ছব্দঃ; ধাবন্-শশঃ ধাবঞ্ছশঃ; নিন্দন্-শঠঃ নিন্দঞ্ছঠঃ।

৪৮। যদি পদের অন্তে স্থিত তকার কিংবা দকারের পর হ থাকে, ত স্থানে দ এবং হ স্থানে ধ হয়। যথা, উৎ-হতঃ উদ্ধতঃ; উৎ-হরণম্ উদ্ধরণম্; মহৎ-হসনম্ মহদ্ধসনম্; তদ্-হিতম্ তদ্ধিতম্; তদ্-হেয়ম্ তদ্ধেয়ম্; বিপদ্-হেতুঃ বিপদ্ধেতুঃ।

৪৯। যদি চকার কিংবা জকারের পর দন্ত্য ন থাকে, তাহার স্থানে ঞ হয়। যথা, যাচ্-না যাচ্ঞা; যজ্-নঃ যজ্ঞঃ; জজ্-নাতে জজ্ঞাতে; জজ্-নিষে জজ্ঞিষে; জজ্-নিধ্বে জজ্ঞিধ্বে; জজ্-নে জজ্ঞে; রাজ্-না রাজ্ঞা; রাজ্-নী রাজ্ঞী।

৫০। যদি ট কিংবা ঠ পরে থাকে, ত

দ স্থানে ট হয়। যথা, উৎ-টলতি উট্টলতি ; মহৎ-টঙ্কনম্ মহট্টঙ্কনম্ ; তদ্-টীকা তট্টীকা ; এতদ্-টঙ্কারঃ এতট্টঙ্কারঃ ; সৎ-ঠকারঃ সট্-ঠকারঃ ; এতদ্-ঠক্কুরঃ এতট্ঠক্কুরঃ।

৫১। যদি ড কিংবা ঢ পরে থাকে, ত ও দ স্থানে ড হয়। যথা, উৎ-ডীনঃ উড্ডীনঃ ; ভবৎ-ডমরুঃ ভবড্ডমরুঃ ; তদ্-ডিণ্ডিমঃ তড্ডিণ্ডিমঃ ; এতদ্-ডামরঃ এতড্ডামরঃ ; উৎ-ঢৌকতে উড্-ঢৌকতে ; মহৎ-ঢালম্ মহড্ঢালম্ ; এতদ্-ঢক্কা এতড্ঢক্কা ; তদ্-ঢুণ্ঢনম্ তড্ঢুণ্ঢনম্।

৫২। যদি ড কিংবা ঢ পরে থাকে, দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয়। যথা, মহান্-ডামরঃ মহাণ্ডামরঃ ; রুবন্-ডিণ্ডিমঃ রুবণ্ডিণ্ডিমঃ ; ভবান্-ঢুণ্ঢতি ভবাণ্ঢুণ্ঢতি ; রাজন্-ঢৌকসে রাজণ্ঢৌকসে।

৫৩। মূর্দ্ধন্য ষকারের পরস্থিত ত স্থানে ট এবং থ স্থানে ঠ হয়। যথা, আকৃষ্-তঃ আকৃষ্টঃ ; স্রষ্-তা স্রষ্টা ; দ্রষ্-তা দ্রষ্টা ; নিবিষ্-তঃ নিবিষ্টঃ ; প্রবিষ্-তঃ প্রবিষ্টঃ ; উৎকৃষ্-তঃ উৎকৃষ্টঃ ; ষষ্-থঃ ষষ্ঠঃ।

৫৪। যদি ল পরে থাকে, ত, দ, ও ন স্থানে ল হয়, নকারের পূর্ব্ব বর্ণ চন্দ্রবিন্দুসংযুক্ত হয়।

যথা, বৃহৎ-ললাটম্ বৃহল্ললাটম্ ; উৎ-লেখঃ উল্লেখঃ ; তদ্-লীলায়িতম্ তল্লীলায়িতম্ ; এতদ্-লীলোত্থানম্ এতল্লীলোত্থানম্ ; মহান্-লাভঃ মহাঁল্লাভঃ ; ভবান্-লভতে ভবাঁল্লভতে।

৫৫। যদি স্বরবর্ণ পরে থাকে, পদের অন্তে স্থিত নকারের দ্বিত্ব হয়। যথা, ধাবন্-অশ্বঃ ধাবন্নশ্বঃ ; হসন্-আগতঃ হসন্নাগতঃ ; চিন্তয়ন্-ইহ চিন্তয়ন্নিহ ; সৃজন্-ঈশ্বরঃ সৃজন্নীশ্বরঃ ; স্মরন্-উবাচ স্মরন্নুবাচ।

৫৬। যদি ন দীর্ঘ স্বরের পরে থাকে, দ্বিত্ব হয় না। যথা, মহান্-আগ্রহঃ মহানাগ্রহঃ ; কবীন্-আহ্বয় কবীনাহ্বয় ; সাধূন্-আদ্রিয়স্ব সাধূনাদ্রিয়স্ব ; ভ্রাতৄন্-অনুগৃহ্লিষ ভ্রাতৄননুগৃহ্লিষ।

৫৭। যদি চ কিংবা ছ পরে থাকে, পদের অন্তে স্থিত ন স্থানে অনুস্বার হয়, আর চ ও ছ স্থানে শ্চ ও শ্ছ হয়। যথা, পশ্যন্-চকিতঃ পশ্যংশ্চকিতঃ ; হসন্-চলিতঃ হসংশ্চলিতঃ ; নৃত্যন্-চকোরঃ নৃত্যংশ্চকোরঃ ; ধাবন্-ছাগঃ ধাবংশ্ছাগঃ ; মহান্-ছেদঃ মহাংশ্ছেদঃ ; বিরাজন্-ছায়াপথঃ বিরাজংশ্ছায়াপথঃ।

৫৮। যদি ট কিংবা ঠ পরে থাকে, পদের

অন্তে স্থিত ন স্থানে অনুস্বার হয়, আর ট ও ঠ স্থানে ষ্ট ও ষ্ঠ হয়। যথা, চলন্-টিট্টিভঃ চলংষ্টিট্টিভঃ; উচ্ছন্-টঙ্কারঃ উচ্ছংষ্টঙ্কারঃ; মহান্-ঠক্কুরঃ মহাংষ্ঠক্কুরঃ।

৫৯। যদি ত কিংবা থ পরে থাকে, পদের অন্তে স্থিত ন স্থানে অনুস্বার হয়, আর ত ও থ স্থানে স্ত ও স্থ হয়। যথা, পতন্-তরুঃ পতংস্তরুঃ; মহান্-তড়াগঃ মহাংস্তড়াগঃ; উত্তিষ্ঠন্-তরঙ্গঃ উত্তিষ্ঠংস্তরঙ্গঃ; শাম্যন্-তাপঃ শাম্যংস্তাপঃ; ক্ষিপন্-থুৎকারম্ ক্ষিপংস্থুৎকারম্; স্পৃশন্-থুধ্যতি স্পৃশংস্থুধ্যতি।

৬০। যদি অন্তঃস্থ অথবা ঊষ্ম বর্ণ পরে থাকে, পদের অন্তে স্থিত ম স্থানে অনুস্বার হয়। যথা, সত্বরম্-যাতি সত্বরং যাতি; করুণম্-রোদিতি করুণং রোদিতি; বিস্তাম্-লভতে বিস্তাং লভতে; ভারম্-বহতি ভারং বহতি; শয্যায়াম্-শেতে শয্যায়াং শেতে; কষ্টম্-সহতে কষ্টং সহতে; মধুরম্-হসতি মধুরং হসতি।

৬১। যদি স্পর্শ বর্ণ পরে থাকে, পদের অন্তে স্থিত ম স্থানে অনুস্বার হয়, অথবা যে বর্গ পরে থাকে সেই বর্গের পঞ্চম বর্ণ হয়। যথা,

কিম্-করোষি কিং করোষি, কিঙ্করোষি; গৃহম্-গচ্ছ গৃহং গচ্ছ, গৃহঙ্গচ্ছ; ক্ষিপ্রম্-চলতি ক্ষিপ্রং চলতি, ক্ষিপ্রঞ্চলতি; শত্রুম্-জহি শত্রুং জহি, শত্রুঞ্জহি; নদীম্-তরতি নদীং তরতি, নদীন্তরতি; ধনম্-দদাতি ধনং দদাতি, ধনন্দদাতি; স্তনম্-ধয়তি স্তনং ধয়তি, স্তনন্ধয়তি; গুরুম্-নমতি গুরুং নমতি, গুরুন্নমতি; চন্দ্রম্-পশ্যতি চন্দ্রং পশ্যতি, চন্দ্রম্পশ্যতি; কিম্-ফলম্ কিং ফলম্, কিম্ফলম্; সত্যম্-ব্রূয়াৎ সত্যং ব্রূয়াৎ, সত্যম্ব্রূয়াৎ; মধুরম্-ভাষতে মধুরং ভাষতে, মধুরম্ভাষতে; শাস্ত্রম্-মীমাংসতে শাস্ত্রং মীমাংসতে, শাস্ত্রম্মীমাংসতে।

৩২। যদি ছ পরে থাকে, স্বরবর্ণের পর চ হয়, চ ছ মিলিয়া চ্ছ হয়। যথা, সিত-ছত্রম্ সিতচ্ছত্রম্; পরি-ছদঃ পরিচ্ছদঃ; অব-ছেদঃ অবচ্ছেদঃ; বৃক্ষ-ছায়া বৃক্ষচ্ছায়া; গৃহ-ছিদ্রম্ গৃহচ্ছিদ্রম্।

৩৩। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয় কিংবা চতুর্থ বর্ণ, অথবা য র ল ব পরে থাকে, পদের অন্তে স্থিত ক স্থানে গ হয়। যথা, দিক্-অন্তঃ দিগন্তঃ; বাক্-আড়ম্বরঃ বাগাড়ম্বরঃ; ত্বক্-ইন্দ্রি-

য়ম্ ত্বগিন্দ্রিয়ম্; বাক্-ঈশঃ বাগীশঃ; সম্যক্-উক্তম্ সম্যগুক্তম্; ধিক্-ঋণকারিণম্ ধিগৃণকারিণম্; প্রাক্-এব প্রাগেব; ধিক্-ঐশ্বর্য্যমত্তম্ ধিগৈশ্বর্য্যমত্তম্; সম্যক্-ওজঃ সম্যগোজঃ; বাক্-ঔচিত্যম্ বাগৌচিত্যম্; দিক্-গজঃ দিগ্গজঃ; প্রাক্-ঘনোদয়ঃ প্রাগ্ঘনোদয়ঃ; বাক্-জালম্ বাগ্-জালম্; সম্যক্-ঝঙ্কারঃ সম্যগ্ঝঙ্কারঃ; সম্যক্-ডয়তে সম্যগ্ডয়তে; সম্যক্-ঢৌকতে সম্যগ্-ঢৌকতে; বাক্-দানম্ বাগ্দানম্; ধিক্-ধন-গর্বিতম্ ধিগ্ধনগর্বিতম্; বাক্-বাহুল্যম্ বাগ্বাহুল্যম্; দিক্-ভাগঃ দিগ্ভাগঃ; ধিক্-যাচকম্ ধিগ্-যাচকম্; বাক্-রোধঃ বাগ্রোধঃ; ধিক্-লোভিনম্ ধিগ্লোভিনম্; সম্যক্-বদতি সম্যগ্বদতি।

৩৪। যদি স্বরবর্ণ অথবা গ ঘ দ ধ ব ভ য র ব পরে থাকে, পদের অন্তে স্থিত ত স্থানে দ হয়। যথা, জগৎ-অন্তঃ জগদন্তঃ; জগৎ-আদিঃ জগদাদিঃ; জগৎ-ইন্দ্রঃ জগদিন্দ্রঃ; জগৎ-ঈশঃ জগদীশঃ; ভবৎ-উক্তম্ ভবদুক্তম্; ভবৎ-উহনম্ ভবদূহনম্; তৎ-ঋণম্ তদৃণম্; জগৎ-এতৎ জগদেতৎ; মহৎ-ঐশ্বর্য্যম্ মহদৈশ্বর্য্যম্; মহৎ-ওজঃ মহদোজঃ; মহৎ-ঔষধম্ মহদৌষধম্;

বৃহৎ–গাহনম্ বৃহদ্গাহনম্ ; বৃহৎ–ঘটঃ বৃহদ্ঘটঃ ; ভবৎ–দর্শনম্ ভবদ্দর্শনম্ ; মহৎ–ধনুঃ মহদ্ধনুঃ ; জগৎ–বন্ধুঃ জগদ্বন্ধুঃ , মহৎ–ভয়ম্ মহদ্ভয়ম্ ; বৃহৎ–যানম্ বৃহদ্যানম্ ; বৃহৎ–রথঃ বৃহদ্রথঃ ; মহৎ–বনম্ মহদ্বনম্।

৩৫। যদি ন কিংবা ম পরে থাকে, পদের অন্তে স্থিত ক স্থানে ঙ এবং ত ও দ স্থানে ন হয়। যথা, দিক্–নাগঃ দিঙ্নাগঃ ; জগৎ–নাথঃ জগন্নাথঃ ; তদ্–নীরম্ তন্নীরম্ ; প্রাক্–মুখঃ প্রাঙ্মুখঃ ; ভবৎ–মতম্ ভবন্মতম্ ; এতদ্–মানসম্ এতন্মানসম্।

৩৬। যদি চ কিংবা ছ পরে থাকে, বিসর্গ-স্থানে তালব্য শ হয়। যথা, পূর্ণঃ–চন্দ্রঃ পূর্ণশ্চন্দ্রঃ ; জ্যোতিঃ–চক্রম্ জ্যোতিশ্চক্রম্ ; নিঃ–চয়ঃ নিশ্চয়ঃ ; বায়ুঃ-চলতি বায়ুশ্চলতি ; ধাবিতঃ-ছাগঃ ধাবিতশ্ছাগঃ ; রবেঃ–ছবিঃ রবেশ্ছবিঃ ; তরোঃ–ছায়া তরোশ্ছায়া ; রজ্জুঃ–ছিদ্যতে রজ্জুশ্ছিদ্যতে।

৩৭। যদি ট কিংবা ঠ পরে থাকে, বিসর্গ-স্থানে মূর্দ্ধন্য ষ হয়। যথা, ভীতঃ–টলতি ভীতষ্টলতি ; উড্ডীনঃ–টিট্টিভঃ উড্ডীনষ্টিট্টিভঃ ; ধনুঃ–টঙ্কারঃ ধনুষ্টঙ্কারঃ ; স্থিরঃ–ঠকুরঃ স্থিরষ্ঠকুরঃ ; ভগ্নঃ–ঠকুরঃ ভগ্নষ্ঠকুরঃ।

৬৮। যদি ত কিংবা থ পরে থাকে, বিসর্গ স্থানে দন্ত্য স হয়। যথা, উন্নতঃ-তরুঃ উন্নতস্তরুঃ; নদ্যাঃ-তীরম্ নদ্যাস্তীরম্, ভূমেঃ-তলম্ ভূমেস্তলম্; ক্ষিপ্তঃ-থূৎকারঃ ক্ষিপ্তস্থূৎকারঃ; স্নাতঃ-থুধ্যতি স্নাতস্থুধ্যতি।

৬৯। যদি অকারের পর বিসর্গ থাকে, এবং অকার পরে থাকে, পূর্ব্ববর্ত্তী অকার ও বিসর্গ উভয়স্থানে ও হয়; ওকার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়, আর পরবর্ত্তী অকারের লোপ হয়। যথা, নরঃ-অয়ম্ নরো ঽয়ম্; নবঃ-অঙ্কুরঃ নবো ঽঙ্কুরঃ; তীক্ষ্ণঃ-অঙ্কুশঃ তীক্ষ্ণো ঽঙ্কুশঃ; জ্বলিতঃ-অঙ্গারঃ জ্বলিতো ঽঙ্গারঃ; বেদঃ-অধীতঃ বেদো ঽধীতঃ।

৭০। যদি বর্গের তৃতীয়, চতুর্থ অথবা পঞ্চম বর্ণ, কিংবা য র ল ব হ পরে থাকে, অকার ও অকারের পরবর্ত্তী বিসর্গ উভয়স্থানে ও হয়; ওকার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা, শোভনঃ-গন্ধঃ শোভনো গন্ধঃ; নূতনঃ-ঘটঃ নূতনো ঘটঃ; সদ্যঃ-জাতঃ সদ্যো জাতঃ; মধুরঃ-ঝঙ্কারঃ মধুরো ঝঙ্কারঃ; নবঃ-ডমরুঃ নবো ডমরুঃ; গজঃ-ঢৌকতে গজো ঢৌকতে; মূর্দ্ধন্যঃ-ণকারঃ মূর্দ্ধন্যো ণকারঃ; নির্ব্বাণঃ-দীপঃ নির্ব্বাণো দীপঃ; অশ্বঃ-

ধাবতি অশ্বো ধাবতি ; উন্নতঃ-নগঃ উন্নতো নগঃ ; দৃঢ়ঃ-বন্ধঃ দৃঢ়ো বন্ধঃ ; অকুতঃ-ভয়ঃ অকুতো-ভয়ঃ ; অতীতঃ-মাসঃ অতীতো মাসঃ ; কৃতঃ-যত্নঃ কৃতো যত্নঃ ; শান্তঃ-রোষঃ শান্তো রোষঃ ; ক্রুতঃ-লোভঃ ক্রুতো লোভঃ ; শীতঃ-বায়ুঃ শীতো বায়ুঃ ; বামঃ-হস্তঃ বামো হস্তঃ।

৭১। যদি অকারভিন্ন স্বরবর্ণ পরে থাকে, অকারের পরবর্ত্তী বিসর্গের লোপ হয়। লোপের পর আর সন্ধি হয় না। যথা, কুতঃ-আগতঃ কুত আগতঃ ; নরঃ-ইব নর ইব ; কঃ-ঈহতে ক ঈহতে ; চন্দ্রঃ-উদেতি চন্দ্র উদেতি ; ইতঃ-ঊর্দ্ধম্ ইত ঊর্দ্ধম্ ; দেবঃ-ঋষিঃ দেব ঋষিঃ ; উচ্চারিতঃ-ঌকারঃ উচ্চারিত ঌকারঃ ; কঃ-এষঃ ক এষঃ ; কুতঃ-ঐক্যম্ কুত ঐক্যম্ ; রক্তঃ-ওষ্ঠঃ রক্ত ওষ্ঠঃ ; রাজ্ঞঃ-ঔদার্য্যম্ রাজ্ঞ ঔদার্য্যম্।

৭২। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, অথবা পঞ্চম বর্ণ, কিংবা য র ল ব হ পরে থাকে, আকারের পরবর্ত্তী বিসর্গের লোপ হয়। লোপের পর আর সন্ধি হয় না। যথা, অশ্বাঃ-অমী অশ্বা অমী ; গজাঃ-ইমে গজা ইমে ; তারাঃ-উদিতাঃ তারা উদিতাঃ ; গতাঃ-ঋষয়ঃ গতা ঋষয়ঃ ; নরাঃ-

এতে নরা এতে; হতাঃ–গজাঃ হতা গজাঃ; ক্রুতাঃ–ঘটাঃ ক্রুতা ঘটাঃ; পুত্রাঃ–জাতাঃ পুত্রা জাতাঃ; মধুরাঃ–ঝঙ্কারাঃ মধুরা ঝঙ্কারাঃ; নবাঃ–ডমরবঃ নবা ডমরবঃ; গজাঃ–ঢৌকন্তে গজা ঢৌকন্তে; নির্বাণাঃ–দীপাঃ নির্বাণা দীপাঃ; অশ্বাঃ–ধাবন্তি অশ্বা ধাবন্তি; উন্নতাঃ–নগাঃ উন্নতা নগাঃ; দৃঢাঃ–বদ্ধাঃ দৃঢা বদ্ধাঃ; নরাঃ–ভীতাঃ নরা ভীতাঃ; অতীতাঃ–মাসাঃ অতীতা মাসাঃ; ছাত্রাঃ–যতন্তে ছাত্রা যতন্তে; এতাঃ–রথ্যাঃ এতা রথ্যাঃ; নরাঃ–লভন্তে নরা লভন্তে; বাতাঃ–বান্তি বাতা বান্তি; বালকাঃ–হসন্তি বালকা হসন্তি।

৭৩। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ, কিংবা য র ল ব হ পরে থাকে, অ আ ভিন্ন স্বরবর্ণের পরবর্ত্তী বিসর্গ স্থানে র হয়। যথা, কবিঃ–অয়ম্ কবিরয়ম্; গতিঃ–ইয়ম্ গতিরিয়ম্; রবিঃ–উদেতি রবিরুদেতি; শ্রীঃ–অসৌ শ্রীরসৌ; সুধীঃ–এষঃ সুধীরেষঃ; বন্ধুঃ–আগতঃ বন্ধুরাগতঃ; গুরুঃ–উবাচ গুরুরুবাচ; বধূঃ–এষা বধূরেষা; ভূঃ–ইয়ম্ ভূরিয়ম্; মাতৃঃ–অর্চ্চয় মাতৃবর্চ্চয়; দুহিতৃঃ–আহ্বয় দুহিতৃরাহ্বয়;

রবেঃ-উদয়ঃ রবেরুদয়ঃ ; তৈঃ-উক্তম্ তৈরুক্তম্ ; বিধোঃ-অস্তগমনম্ বিধোরস্তগমনম্ ; প্রভোঃ-আদেশঃ প্রভোরাদেশঃ ; গৌঃ-অয়ম্ গৌরয়ম্ ; ঋষিঃ-গচ্ছতি ঋষির্গচ্ছতি ; হবিঃ-ঘ্রাণম্ হবির্ঘ্রাণম্ ; গুরুঃ-জয়তি গুরুর্জয়তি ; কৃতৈঃ-ঝঙ্কারৈঃ কৃতৈর্ঝঙ্কারৈঃ ; নবৈঃ-ডমরুভিঃ নবৈর্ডমরুভিঃ ; গৌঃ-ঢৌকতে গৌর্ঢৌকতে ; রবেঃ-দর্শনম্ রবের্দর্শনম্ ; নিঃ-ধনঃ নির্ধনঃ ; দুঃ-নীতিঃ দুর্নীতিঃ ; নিঃ-বন্ধঃ নির্বন্ধঃ ; নিঃ-ভয়ঃ নির্ভয়ঃ ; মুহুঃ-মুহুঃ মুহুর্মুহুঃ ; বহিঃ-যোগঃ বহির্যোগঃ ; বিধুঃ-লীয়তে বিধুর্লীয়তে ; বায়ুঃ-বাতি বায়ুর্বাতি ; শিশুঃ-হসতি শিশুর্হসতি।

৭৪। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ, কিংবা য র ল ব হ পরে থাকে, অকারের পরবর্ত্তী রজাত বিসর্গ স্থানে র হয়। যথা, পুনঃ-অপি পুনরপি ; পুনঃ-আগতঃ পুনরাগতঃ ; প্রাতঃ-ইহাগতঃ প্রাতরিহাগতঃ ; প্রাতঃ-এব প্রাতরেব ; অন্তঃ-ধানম্ অন্তর্ধানম্ ; স্বঃ-গতঃ স্বর্গতঃ ; ভ্রাতঃ-আগচ্ছ ভ্রাতরাগচ্ছ ; পিতঃ-অনুমন্যস্ব পিতরনুমন্যস্ব ; মাতঃ-দেহি মাতর্দেহি ; জামাতঃ-বদ জামাতর্বদ ; দুহিতঃ-যাহি দুহিতর্যাহি।

৭৫। র পরে থাকিলে, বিসর্গস্থানে যে র হয়, তাহার লোপ এবং পূর্ব্ব স্বর দীর্ঘ হয়; যথা, পিতঃ-রক্ষ পিতা রক্ষ; নিঃ-রসঃ নীরসঃ; নিঃ-রোগঃ নীরোগঃ; বিধুঃ-রাজতে বিধূরাজতে; মাতুঃ-রোদনম্ মাতূ রোদনম্।

৭৬। যদি অকার ভিন্ন স্বর, অথবা ব্যঞ্জন বর্ণ পরে থাকে, সঃ এবং এই দুই পদের বিসর্গের লোপ হয়। লোপের পর আর সন্ধি হয় না। যথা, সঃ-আগতঃ স আগতঃ; সঃ-ইচ্ছতি স ইচ্ছতি; সঃ-ঈহতে স ঈহতে; সঃ-উবাচ স উবাচ; সঃ-করোতি স করোতি, সঃ-গচ্ছতি স গচ্ছতি; সঃ-চলতি স চলতি; সঃ-হসতি স হসতি; এষঃ-আয়াতি এষ আয়াতি; এষঃ-এতি এষ এতি; এষঃ-ধাবতি এষ ধাবতি; এষঃ-রোদিতি এষ রোদিতি; এষঃ-বদতি এষ বদতি; এষঃ-শেতে এষ শেতে; এষঃ-সহতে এষ সহতে।

৭৭। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ, কিংবা য র ল ব হ পরে থাকে, ভোঃ এই পদের বিসর্গের লোপ হয়। লোপের পর আর সন্ধি হয় না। যথা, ভোঃ-অম্বরীষ ভো অম্বরীষ; ভোঃ-ঈশান ভো ঈশান; ভোঃ-

উমাপতে ভো উমাপতে ; ভোঃ-গদাধর ভো গদাধর ; ভোঃ-জনমেজয় ভো জনমেজয় ; ভোঃ দামোদর ভো দামোদর ; ভোঃ-মাধব ভো মাধব ; ভোঃ-যদুপতে ভো যদুপতে।

---

## ণত্ববিধান।

৭৮। ঋ, ৠ, র, মূর্দ্ধন্য ষ, এই চারি বর্ণের পরবর্ত্তী দন্ত্য ন মূর্দ্ধন্য হয়। যথা, নৃ-নাম্ নৃণাম্, তিসৃ-নাম্ তিসৃণাম্, চতসৃ-নাম্ চতসৃণাম্; ন্ৄ-নাম্ ন্ৄণাম্, ভ্রাতৃ-নাম্ ভ্রাতৃণাম্, দাতৃ-নাম্ দাতৃণাম্ ; চতুর্-নাম্ চতুর্ণাম্ ; দোষ্-না দোষ্ণা, পুষ্-নে পুষ্ণে।

৭৯। স্বরবর্ণ, কবর্গ, পবর্গ, য, ব, হ, ও অনুস্বার এই সকল বর্ণের ব্যবধান থাকিলেও, দন্ত্য ন মূর্দ্ধন্য হয়। যথা, কর-নম্ করণম্, করা-নাম্ করাণাম্, করি-না করিণা, গুরু-না গুরুণা, পরে-ন পরেণ ; অর্কে-ন অর্কেণ, মূর্খে-ন মূর্খেণ, মৃগে-ন মৃগেণ, দীর্ঘে-ন দীর্ঘেণ, দর্পে-ন দর্পেণ, রেফে-ন রেফেণ, দর্ভে-ন দর্ভেণ, ক্রমে-ন ক্রমেণ;

রয়ে-ন রয়েণ, গর্ব্বে-ন গর্ব্বেণ, গ্রহে-ন গ্রহেণ ; বৃংহ-নম্ বৃংহণম্ ।

৮০। এতদ্ব্যতিরিক্ত বর্ণের ব্যবধান থাকিলে, দন্ত্য ন মূর্দ্ধন্য হয় না। যথা, অর্চ্চনা, মূর্চ্ছনা, অর্জ্জনম্, কিরীটেন, ষষ্ঠেন, মূঢ়েন, দৃঢ়েন, বর্ণানাম্, আর্ত্তেন, অর্থেন, বিমর্দ্দেন, অর্দ্ধেন, বিরলেন, স্পর্শেন, রসেন।

৮১। পদের অন্তে স্থিত দন্ত্য ন মূর্দ্ধন্য হয় না। যথা, নরান্, হরীন্, গুরূন্, ভ্রাতৄন্।

---

## ষত্ববিধান।

৮২। অ আ ভিন্ন স্বর, এবং ক ও র, এই সকল বর্ণের পরবর্ত্তী প্রত্যয়ের দন্ত্য স মূর্দ্ধন্য হয়। যথা, মুনি-সু মুনিষু, গুণি-সু গুণিষু, নদী-সু নদীষু, সুধী-সু সুধীষু, সাধু-সু সাধুষু, গুরু-সু গুরুষু, প্রতিভূ-সু প্রতিভূষু, বধূ-সু বধূষু, ভ্রাতৃ-সু ভ্রাতৃষু, স্বসৃ-সু স্বসৃষু, সর্ব্বে-সাম্ সর্ব্বেষাম্, অন্যে-সাম্ অন্যেষাম্, গো-সু গোষু, স্তো-সু স্তোষু, গ্লৌ-সু গ্লৌষু, নৌ-সু নৌষু, বাক্-সু

বাক্ষু, দিক্‌-সু দিক্ষু, চতুর্‌-সু চতুর্ষু, গীর্‌-সু গীর্ষু।

৮৩। অনুস্বার ও বিসর্গের ব্যবধান থাকিলেও, দন্ত্য স মূর্দ্ধন্য হয়। যথা, হবীং-সি হবীংষি, ধনুং-সি ধনুংষি, আশীঃ-সু আশীঃষু, ধনুঃ-সু ধনুঃষু।

---

## সুবন্ত প্রকরণ।

প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, সপ্তমী, এই সাত বিভক্তি। শব্দের উত্তর এই সাত বিভক্তি হয়। বিভক্তিযুক্ত হইলে, শব্দকে সুবন্ত ও পদ বলা যায়।

এক এক বিভক্তিতে তিন তিন বচন; এক-বচন, দ্বিবচন, বহুবচন। শব্দে একবচনের বিভক্তির যোগ করিলে, একটি বস্তু বুঝায়; দ্বিবচনের বিভক্তির যোগ করিলে, দুটি বস্তু বুঝায়; বহুবচনে তিন অবধি পরার্দ্ধ পর্য্যন্ত সকল সংখ্যাই বুঝায়।

---

# বিভক্তির আকৃতি।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ঃ | ঔ | অঃ |
| দ্বিতীয়া | অম্ | ঔ | অঃ |
| তৃতীয়া | আ | ভ্যাম্ | ভিঃ |
| চতুর্থী | এ | ভ্যাম্ | ভ্যঃ |
| পঞ্চমী | অঃ | ভ্যাম্ | ভ্যঃ |
| ষষ্ঠী | অঃ | ওঃ | আম্ |
| সপ্তমী | ই | ওঃ | সু |

কোন শব্দে কোন বিভক্তির যোগ করিলে, কিরূপ পদ হয়, তাহা ক্রমে দর্শিত হইতেছে। সম্বোধনে প্রথমা বিভক্তি হয়; সুতরাং, সম্বোধনে শব্দের রূপ প্রথমার ন্যায় হয়। কিন্তু কোনও কোনও শব্দের সম্বোধনের একবচনে কিছু বিভিন্নতা আছে; এজন্য একবচনের রূপ পৃথক দর্শিত হইবেক।

# স্বরান্ত শব্দ।

## পুংলিঙ্গ।

অকারান্ত- -গজশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | গজঃ | গজৌ | গজাঃ |
| দ্বিতীয়া | গজম্ | গজৌ | গজান্ |
| তৃতীয়া | গজেন | গজাভ্যাম্ | গজৈঃ |
| চতুর্থী | গজায় | গজাভ্যাম্ | গজেভ্যঃ |
| পঞ্চমী | গজাৎ | গজাভ্যাম্ | গজেভ্যঃ |
| ষষ্ঠী | গজস্য | গজয়োঃ | গজানাম্ |
| সপ্তমী | গজে | গজয়োঃ | গজেষু |
| সম্বোধন | গজ | | |

প্রায় সমুদায় অকারান্ত পুংলিঙ্গ শব্দ গজশব্দের তুল্য।

ইকারান্ত—মুনিশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | মুনিঃ | মুনী | মুনয়ঃ |
| দ্বিতীয়া | মুনিম্ | মুনী | মুনীন্ |
| তৃতীয়া | মুনিনা | মুনিভ্যাম্ | মুনিভিঃ |
| চতুর্থী | মুনয়ে | মুনিভ্যাম্ | মুনিভ্যঃ |

| | | | |
|---|---|---|---|
| পঞ্চমী | মুনেঃ | মুনিভ্যাম্ | মুনিভ্যঃ |
| ষষ্ঠী | মুনেঃ | মুন্যোঃ | মুনীনাম্ |
| সপ্তমী | মুনৌ | মুন্যোঃ | মুনিষু |
| সম্বোধন | মুনে | | |

পতি সখি ভিন্ন সমুদায় ইকারান্ত পুংলিঙ্গ শব্দ মুনিশব্দের তুল্য।

পতিশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | পতিঃ | পতী | পতয়ঃ |
| দ্বিতীয়া | পতিম্ | পতী | পতীন্ |
| তৃতীয়া | পত্যা | পতিভ্যাম্ | পতিভিঃ |
| চতুর্থী | পত্যে | পতিভ্যাম্ | পতিভ্যঃ |
| পঞ্চমী | পত্যুঃ | পতিভ্যাম | পতিভ্যঃ |
| ষষ্ঠী | পত্যুঃ | পত্যোঃ | পতীনাম |
| সপ্তমী | পত্যৌ | পত্যোঃ | পতিষু |
| সম্বোধন | পতে | | |

সখিশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | সখা | সখায়ৌ | সখায়ঃ |
| দ্বিতীয়া | সখায়ম | সখায়ৌ | সখীন্ |
| তৃতীয়া | সখ্যা | সখিভ্যাম্ | সখিভিঃ |

| | | | |
|---|---|---|---|
| চতুর্থী | সখ্যে | সখিভ্যাম্ | সখিভ্যঃ |
| পঞ্চমী | সখ্যুঃ | সখিভ্যাম্ | সখিভ্যঃ |
| ষষ্ঠী | সখ্যুঃ | সখ্যোঃ | সখীনাম্ |
| সপ্তমী | সখ্যৌ | সখ্যোঃ | সখিষু |
| সম্বোধন | সখে | | |

ঈকারান্ত—সুধীশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | সুধীঃ | সুধিয়ৌ | সুধিয়ঃ |
| দ্বিতীয়া | সুধিয়ম্ | সুধিয়ৌ | সুধিয়ঃ |
| তৃতীয়া | সুধিয়া | সুধীভ্যাম্ | সুধীভিঃ |
| চতুর্থী | সুধিয়ে | সুধীভ্যাম্ | সুধীভ্যঃ |
| পঞ্চমী | সুধিয়ঃ | সুধীভ্যাম্ | সুধীভ্যঃ |
| ষষ্ঠী | সুধিয়ঃ | সুধিয়োঃ | সুধিয়াম্ |
| সপ্তমী | সুধিয়ি | সুধিয়োঃ | সুধীষু |
| সম্বোধন | সুধীঃ | | |

অনেক পুংলিঙ্গ ঈকারান্ত শব্দ সুধীশব্দের তুল্য।

উকারান্ত—সাধুশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | সাধুঃ | সাধূ | সাধবঃ |
| দ্বিতীয়া | সাধুম্ | সাধূ | সাধূন্ |

| | | | |
|---|---|---|---|
| তৃতীয়া | সাধুনা | সাধুভ্যাম্ | সাধুভিঃ |
| চতুর্থী | সাধবে | সাধুভ্যাম্ | সাধুভ্যঃ |
| পঞ্চমী | সাধোঃ | সাধুভ্যাম্ | সাধুভ্যঃ |
| ষষ্ঠী | সাধোঃ | সাধ্বোঃ | সাধূনাম্ |
| সপ্তমী | সাধৌ | সাধ্বোঃ | সাধুষু |
| সম্বোধন | সাধো | | |

প্রায় সমুদায় পুংলিঙ্গ উকারান্ত শব্দ সাধুশব্দের তুল্য।

ঋকারান্ত—দাতৃশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | দাতা | দাতারৌ | দাতারঃ |
| দ্বিতীয়া | দাতারম্ | দাতারৌ | দাতৄন্ |
| তৃতীয়া | দাত্রা | দাতৃভ্যাম্ | দাতৃভিঃ |
| চতুর্থী | দাত্রে | দাতৃভ্যাম্ | দাতৃভ্যঃ |
| পঞ্চমী | দাতুঃ | দাতৃভ্যাম্ | দাতৃভ্যঃ |
| ষষ্ঠী | দাতুঃ | দাত্রোঃ | দাতৄণাম্ |
| সপ্তমী | দাতরি | দাত্রোঃ | দাতৃষু |
| সম্বোধন | দাতঃ | | |

ভ্রাতৃ, পিতৃ, জামাতৃ, নৃ প্রভৃতি কয়েকটি ভিন্ন সমুদায় ঋকারান্ত পুংলিঙ্গ শব্দ দাতৃশব্দের তুল্য।

ভ্রাতৃশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ভ্রাতা | ভ্রাতরৌ | ভ্রাতরঃ |
| দ্বিতীয়া | ভ্রাতরম্ | ভ্রাতরৌ | |
| সম্বোধন | ভ্রাতঃ | | |

এ ভিন্ন সকল বিভক্তিতে দাতৃশব্দের তুল্য।

পিতৃ, জামাতৃ, নৃ প্রভৃতি কয়েকটি শব্দ ভ্রাতৃশব্দের তুল্য। কেবল নৃশব্দের ষষ্ঠীর বহুবচনে নৃণাম নৃণাম, এই দুই পদ হয়।

ওকারান্ত—গোশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | গৌঃ | গাবৌ | গাবঃ |
| দ্বিতীয়া | গাম্ | গাবৌ | গাঃ |
| তৃতীয়া | গবা | গোভ্যাম্ | গোভিঃ |
| চতুর্থী | গবে | গোভ্যাম্ | গোভ্যঃ |
| পঞ্চমী | গোঃ | গোভ্যাম্ | গোভ্যঃ |
| ষষ্ঠী | গোঃ | গবোঃ | গবাম্ |
| সপ্তমী | গবি | গবোঃ | গোষু |
| সম্বোধন | গৌঃ | | |

সমুদায় পুংলিঙ্গ ওকারান্ত শব্দ এইরূপ।

## স্ত্রীলিঙ্গ।

### আকারান্ত—লতাশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | লতা | লতে | লতাঃ |
| দ্বিতীয়া | লতাম্ | লতে | লতাঃ |
| তৃতীয়া | লতয়া | লতাভ্যাম্ | লতাভিঃ |
| চতুর্থী | লতায়ৈ | লতাভ্যাম্ | লতাভ্যঃ |
| পঞ্চমী | লতায়াঃ | লতাভ্যাম্ | লতাভ্যঃ |
| ষষ্ঠী | লতায়াঃ | লতয়োঃ | লতানাম্ |
| সপ্তমী | লতায়াম্ | লতয়োঃ | লতাসু |
| সম্বোধন | লতে | | |

প্রায় সমুদায় আকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ এইরূপ।

### ইকারান্ত—মতিশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | মতিঃ | মতী | মতয়ঃ |
| দ্বিতীয়া | মতিম্ | মতী | মতীঃ |
| তৃতীয়া | মত্যা | মতিভ্যাম্ | মতিভিঃ |
| চতুর্থী | মত্যৈ, মতয়ে | মতিভ্যাম্ | মতিভ্যঃ |
| পঞ্চমী | মত্যাঃ, মতেঃ | মতিভ্যাম্ | মতিভ্যঃ |
| ষষ্ঠী | মত্যাঃ, মতেঃ | মত্যোঃ | মতীনাম্ |

| | | | |
|---|---|---|---|
| **সপ্তমী** | মত্যাম্, মতৌ | মত্যোঃ | মতিষু |
| **সম্বোধন** | মতে | | |

সমুদায় ইকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ এইরূপ।

ঈকারান্ত—নদীশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | নদী | নদ্যৌ | নদ্যঃ |
| দ্বিতীয়া | নদীম্ | নদ্যৌ | নদীঃ |
| তৃতীয়া | নদ্যা | নদীভ্যাম্ | নদীভিঃ |
| চতুর্থী | নদ্যৈ | নদীভ্যাম্ | নদীভ্যঃ |
| পঞ্চমী | নদ্যাঃ | নদীভ্যাম্ | নদীভ্যঃ |
| ষষ্ঠী | নদ্যাঃ | নদ্যোঃ | নদীনাম্ |
| সপ্তমী | নদ্যাম্ | নদ্যোঃ | নদীষু |
| সম্বোধন | নদি | | |

শ্রীশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | শ্রীঃ | শ্রিয়ৌ | শ্রিয়ঃ |
| দ্বিতীয়া | শ্রিয়ম্ | শ্রিয়ৌ | শ্রিয়ঃ |
| তৃতীয়া | শ্রিয়া | শ্রীভ্যাম্ | শ্রীভিঃ |
| চতুর্থী | শ্রিয়ৈ, শ্রিয়ে | শ্রীভ্যাম্ | শ্রীভ্যঃ |
| পঞ্চমী | শ্রিয়াঃ, শ্রিয়ঃ | শ্রীভ্যাম্ | শ্রীভ্যঃ |

| | | | | |
|---|---|---|---|---|
| ষষ্ঠী | শ্রিয়াঃ, শ্রিয়ঃ | শ্রিয়োঃ | শ্রীণাম্, শ্রিয়াম্ |
| সপ্তমী | শ্রিয়াম্, শ্রিয়ি | শ্রিয়োঃ | শ্রীষু |
| সম্বোধন | শ্রীঃ | | |

দীর্ঘ ঈকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের মধ্যে কতকগুলি নদীশব্দের মত কতকগুলি শ্রীশব্দের মত। স্ত্রীশব্দের কিছু বিশেষ আছে।

স্ত্রীশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | স্ত্রী | স্ত্রিয়ৌ | স্ত্রিয়ঃ |
| দ্বিতীয়া | স্ত্রিয়ম্, স্ত্রীম্ | স্ত্রিয়ৌ | স্ত্রিয়ঃ, স্ত্রীঃ |
| তৃতীয়া | স্ত্রিয়া | স্ত্রীভ্যাম্ | স্ত্রীভিঃ |
| চতুর্থী | স্ত্রিয়ৈ | স্ত্রীভ্যাম্ | স্ত্রীভ্যঃ |
| পঞ্চমী | স্ত্রিয়াঃ | স্ত্রীভ্যাম্ | স্ত্রীভ্যঃ |
| ষষ্ঠী | স্ত্রিয়াঃ | স্ত্রিয়োঃ | স্ত্রীণাম্ |
| সপ্তমী | স্ত্রিয়াম্ | স্ত্রিয়োঃ | স্ত্রীষু |
| সম্বোধন | স্ত্রি | | |

উকারান্ত—ধেনুশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ধেনুঃ | ধেনূ | ধেনবঃ |
| দ্বিতীয়া | ধেনুম্ | ধেনূ | ধেনূঃ |
| তৃতীয়া | ধেন্বা | ধেনুভ্যাম্ | ধেনুভিঃ |
| চতুর্থী | ধেন্বৈ, ধেনবে | ধেনুভ্যাম্ | ধেনুভ্যঃ |

| | | | |
|---|---|---|---|
| পঞ্চমী | ধেন্বাঃ, ধেনোঃ | ধেনুভ্যাম্ | ধেনুভ্যঃ |
| ষষ্ঠী | ধেন্বাঃ, ধেনোঃ | ধেন্বোঃ | ধেনূনাম্ |
| সপ্তমী | ধেন্বাম্, ধেনৌ | ধেন্বোঃ | ধেনুষু |
| সম্বোধন | ধেনো | | |

সমুদায় হ্রস্ব উকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের এই রূপ।

ঊকারান্ত—বধূশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | বধূঃ | বধ্বৌ | বধ্বঃ |
| দ্বিতীয়া | বধূম্ | বধ্বৌ | বধূঃ |
| তৃতীয়া | বধ্বা | বধূভ্যাম্ | বধূভিঃ |
| চতুর্থী | বধ্বৈ | বধূভ্যাম্ | বধূভ্যঃ |
| পঞ্চমী | বধ্বাঃ | বধূভ্যাম্ | বধূভ্যঃ |
| ষষ্ঠী | বধ্বাঃ | বধ্বোঃ | বধূনাম্ |
| সপ্তমী | বধ্বাম্ | বধ্বোঃ | বধূষু |
| সম্বোধন | বধূ | | |

ভ্রূশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ভ্রূঃ | ভ্রুবৌ | ভ্রুবঃ |
| দ্বিতীয়া | ভ্রুবম্ | ভ্রুবৌ | ভ্রুবঃ |
| তৃতীয়া | ভ্রুবা | ভ্রূভ্যাম্ | ভ্রূভিঃ |

| | | | |
|---|---|---|---|
| চতুর্থী | ভ্রুবৈ, ভ্রুবে | ভ্রূভ্যাম্ | ভ্রূভ্যঃ |
| পঞ্চমী | ভ্রুবাঃ, ভ্রুবঃ | ভ্রূভ্যাম্ | ভ্রূভ্যঃ |
| ষষ্ঠী | ভ্রুবাঃ, ভ্রুবঃ | ভ্রুবোঃ | ভ্রূণাম্, ভ্রুবাম্ |
| সপ্তমী | ভ্রুবাম্, ভ্রুবি | ভ্রুবোঃ | ভ্রূষু |
| সম্বোধন | ভ্রূঃ | | |

দীর্ঘ উকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের মধ্যে কতকগুলি বধূশব্দের মত কতকগুলি ভ্রূশব্দের মত। সুভ্রূশব্দ ভ্রূশব্দের তুল্য কেবল সম্বোধনের একবচনে সুভ্রু এই হ্রস্ব উকারান্ত বিসর্গহীন পদ হয়, এইমাত্র বিশেষ।

ঋকারান্ত—দুহিতৃশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | দুহিতা | দুহিতরৌ | দুহিতরঃ |
| দ্বিতীয়া | দুহিতরম্ | দুহিতরৌ | দুহিতৄঃ |
| তৃতীয়া | দুহিত্রা | দুহিতৃভ্যাম্ | দুহিতৃভিঃ |
| চতুর্থী | দুহিত্রে | দুহিতৃভ্যাম্ | দুহিতৃভ্যঃ |
| পঞ্চমী | দুহিতুঃ | দুহিতৃভ্যাম্ | দুহিতৃভ্যঃ |
| ষষ্ঠী | দুহিতুঃ | দুহিত্রোঃ | দুহিতৄণাম্ |
| সপ্তমী | দুহিতরি | দুহিত্রোঃ | দুহিতৃষু |
| সম্বোধন | দুহিতঃ | | |

স্বসৃশব্দ ভিন্ন সমুদায় ঋকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের এই রূপ।

স্বসৃশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | স্বসা | স্বসারৌ | স্বসারঃ |
| দ্বিতীয়া | স্বসারম্ | স্বসারৌ | |
| সম্বোধন | স্বসঃ | | |

এ ভিন্ন আর সকল বিভক্তিতেই, দুহিতৃশব্দের তুল্য।

---

ক্লীবলিঙ্গ।

অকারান্ত—ফলশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ফলম্ | ফলে | ফলানি |
| দ্বিতীয়া | ফলম্ | ফলে | ফলানি |
| সম্বোধন | ফল | | |

আর আর বিভক্তিতে পুংলিঙ্গ অকারান্ত শব্দের তুল্য।
প্রায় সমুদয় অকারান্ত ক্লীবলিঙ্গ শব্দের এই রূপ।

ইকারান্ত—বারিশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | বারি | বারিণী | বারীণি |
| দ্বিতীয়া | বারি | বারিণী | বারীণি |
| তৃতীয়া | বারিণা | বারিভ্যাম্ | বারিভিঃ |
| চতুর্থী | বারিণে | বারিভ্যাম্ | বারিভ্যঃ |

| | | | |
|---|---|---|---|
| পঞ্চমী | বারিণঃ | বারিভ্যাম্ | বারিভ্যঃ |
| ষষ্ঠী | বারিণঃ | বারিণোঃ | বারীণাম্ |
| সপ্তমী | বারিণি | বারিণোঃ | বারিষু |
| সম্বোধন | বারে, বারি | | |

দধি প্রভৃতি কতিপয় শব্দ ভিন্ন, প্রায় সমুদায় হ্রস্ব ইকারান্ত ক্লীবলিঙ্গ শব্দের এই রূপ।

দধিশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | দধি | দধিনী | দধীনি |
| দ্বিতীয়া | দধি | দধিনী | দধীনি |
| তৃতীয়া | দধ্না | দধিভ্যাম্ | দধিভিঃ |
| চতুর্থী | দধ্নে | দধিভ্যাম্ | দধিভ্যঃ |
| পঞ্চমী | দধ্নঃ | দধিভ্যাম্ | দধিভ্যঃ |
| ষষ্ঠী | দধ্নঃ | দধ্নোঃ | দধ্নাম্ |
| সপ্তমী | দধ্নি, দধনি | দধ্নোঃ | দধিষু |
| সম্বোধন | দধে, দধি | | |

অক্ষ, অস্থি, ও সক্থি শব্দ অবিকল এইরূপ।

উকারান্ত—মধুশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | মধু | মধুনী | মধূনি |
| দ্বিতীয়া | মধু | মধুনী | মধূনি |

| | | | |
|---|---|---|---|
| তৃতীয়া | মধুনা | মধুভ্যাম্ | মধুভিঃ |
| চতুর্থী | মধুনে | মধুভ্যাম্ | মধুভ্যঃ |
| পঞ্চমী | মধুনঃ | মধুভ্যাম্ | মধুভ্যঃ |
| ষষ্ঠী | মধুনঃ | মধুনোঃ | মধূনাম্ |
| সপ্তমী | মধুনি | মধুনোঃ | মধুষু |
| সম্বোধন | মধো, মধু | | |

প্রায় সমুদায় হ্রস্ব উকারান্ত ক্লীবলিঙ্গ শব্দের এই রূপ।

---

## ব্যঞ্জনান্ত শব্দ।

### পুংলিঙ্গ।

জকারান্ত—সম্রাজ্‌শব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | সম্রাট্ | সম্রাজৌ | সম্রাজঃ |
| দ্বিতীয়া | সম্রাজম্ | সম্রাজৌ | সম্রাজঃ |
| তৃতীয়া | সম্রাজা | সম্রাড্ভ্যাম্ | সম্রাড্ভিঃ |
| চতুর্থী | সম্রাজে | সম্রাড্ভ্যাম্ | সম্রাডভ্যঃ |
| পঞ্চমী | সম্রাজঃ | সম্রাড্ভ্যাম্ | সম্রাড্ভ্যঃ |
| ষষ্ঠী | সম্রাজঃ | সম্রাজোঃ | সম্রাজাম্ |
| সপ্তমী | সম্রাজি | সম্রাজোঃ | সম্রাট্সু |
| সম্বোধন | সম্রাট্ | | |

প্রায় সমুদায় জকারান্ত শব্দ সম্রাজ্‌শব্দের তুল্য।

তকারান্ত—ভূভৃৎশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ভূভৃৎ | ভূভৃতৌ | ভূভৃতঃ |
| দ্বিতীয়া | ভূভৃতম্ | ভূভৃতৌ | ভূভৃতঃ |
| তৃতীয়া | ভূভৃতা | ভূভৃদ্ভ্যাম্ | ভূভৃদ্ভিঃ |
| চতুর্থী | ভূভৃতে | ভূভৃদ্ভ্যাম্ | ভূভৃদ্ভ্যঃ |
| পঞ্চমী | ভূভৃতঃ | ভূভৃদ্ভ্যাম্ | ভূভৃদ্ভ্যঃ |
| ষষ্ঠী | ভূভৃতঃ | ভূভৃতোঃ | ভূভৃতাম্ |
| সপ্তমী | ভূভৃতি | ভূভৃতোঃ | ভূভৃৎসু |
| সম্বোধন | ভূভৃৎ | | |

শ্রীমৎশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | শ্রীমান্ | শ্রীমন্তৌ | শ্রীমন্তঃ |
| দ্বিতীয়া | শ্রীমন্তম্ | শ্রীমন্তৌ | শ্রীমতঃ |
| তৃতীয়া | শ্রীমতা | শ্রীমদ্ভ্যাম্ | শ্রীমদ্ভিঃ |
| চতুর্থী | শ্রীমতে | শ্রীমদ্ভ্যাম্ | শ্রীমদ্ভ্যঃ |
| পঞ্চমী | শ্রীমতঃ | শ্রীমদ্ভ্যাম্ | শ্রীমদ্ভ্যঃ |
| ষষ্ঠী | শ্রীমতঃ | শ্রীমতোঃ | শ্রীমতাম্ |
| সপ্তমী | শ্রীমতি | শ্রীমতোঃ | শ্রীমৎসু |
| সম্বোধন | শ্রীমন্ | | |

গায়ৎশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | গায়ন্ | গায়ন্তৌ | গায়ন্তঃ |
| দ্বিতীয়া | গায়ন্তম্ | গায়ন্তৌ | গায়তঃ |
| তৃতীয়া | গায়তা | গায়দ্ভ্যাম্ | গায়দ্ভিঃ |
| চতুর্থী | গায়তে | গায়দ্ভ্যাম্ | গায়দ্ভ্যঃ |
| পঞ্চমী | গায়তঃ | গায়দ্ভ্যাম্ | গায়দ্ভ্যঃ |
| ষষ্ঠী | গায়তঃ | গায়তোঃ | গায়তাম্ |
| সপ্তমী | গায়তি | গায়তোঃ | গায়ৎসু |
| সম্বোধন | গায়ন্ | | |

তকারান্ত শব্দের মধ্যে কতকগুলি ভূভৃৎশব্দের তুল্য, কতকগুলি শ্রীমৎশব্দের তুল্য, কতকগুলি গায়ৎশব্দের তুল্য। ভবৎশব্দ গায়ৎশব্দের তুল্য, কিন্তু যখন তুমি অর্থে প্রয়োগ হয়, তখন শ্রীমৎশব্দের ন্যায়। মহৎশব্দ গায়ৎশব্দের তুল্য, কেবল প্রথমা ও দ্বিতীয়াতে বিশেষ আছে।

মহৎশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | মহান্ | মহান্তৌ | মহান্তঃ |
| দ্বিতীয়া | মহান্তম্ | মহান্তৌ | |
| সম্বোধন | মহন্ | | |

নকারান্ত—লঘিমন্‌শব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | লঘিমা | লঘিমানৌ | লঘিমানঃ |
| দ্বিতীয়া | লঘিমানম্‌ | লঘিমানৌ | লঘিম্নঃ |
| তৃতীয়া | লঘিম্না | লঘিমভ্যাম্‌ | লঘিমভিঃ |
| চতুর্থী | লঘিম্নে | লঘিমভ্যাম্‌ | লঘিমভ্যঃ |
| পঞ্চমী | লঘিম্নঃ | লঘিমভ্যাম্‌ | লঘিমভ্যঃ |
| ষষ্ঠী | লঘিম্নঃ | লঘিম্নোঃ | লঘিম্নাম্‌ |
| সপ্তমী | লঘিম্নি, লঘিমনি | লঘিম্নোঃ | লঘিমসু |
| সম্বোধন | লঘিমন্‌ | | |

আত্মন্‌, যুবন্‌, শ্বন্‌ প্রভৃতি কতিপয় ভিন্ন প্রায় সমুদায় নকারান্ত শব্দ লঘিমন্‌ শব্দের তুল্য।

আত্মন্‌শব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | আত্মা | আত্মানৌ | আত্মানঃ |
| দ্বিতীয়া | আত্মানম্‌ | আত্মানৌ | আত্মনঃ |
| তৃতীয়া | আত্মনা | আত্মভ্যাম্‌ | আত্মভিঃ |
| চতুর্থী | আত্মনে | আত্মভ্যাম্‌ | আত্মভ্যঃ |
| পঞ্চমী | আত্মনঃ | আত্মভ্যাম্‌ | আত্মভ্যঃ |
| ষষ্ঠী | আত্মনঃ | আত্মনোঃ | আত্মনাম্‌ |
| সপ্তমী | আত্মনি | আত্মনোঃ | আত্মসু |
| সম্বোধন | আত্মন্‌ | | |

যে সকল শব্দের অন্ত্যভাগের অকার মসংযুক্ত অথবা বসংযুক্ত বর্ণে মিলিত থাকে, তাহাদের রূপ আত্মন্‌শব্দের তুল্য।

যুবন্‌শব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | যুবা | যুবানৌ | যুবানঃ |
| দ্বিতীয়া | যুবানম্‌ | যুবানৌ | যূনঃ |
| তৃতীয়া | যূনা | যুবভ্যাম্‌ | যুবভিঃ |
| চতুর্থী | যূনে | যুবভ্যাম্‌ | যুবভ্যঃ |
| পঞ্চমী | যূনঃ | যুবভ্যাম্‌ | যুবভ্যঃ |
| ষষ্ঠী | যূনঃ | যূনোঃ | যূনাম্‌ |
| সপ্তমী | যূনি | যূনোঃ | যুবসু |
| সম্বোধন | যুবন্‌ | | |

শ্বন্‌শব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | শ্বা | শ্বানৌ | শ্বানঃ |
| দ্বিতীয়া | শ্বানম্‌ | শ্বানৌ | শুনঃ |
| তৃতীয়া | শুনা | শ্বভ্যাম্‌ | শ্বভিঃ |
| চতুর্থী | শুনে | শ্বভ্যাম্‌ | শ্বভ্যঃ |
| পঞ্চমী | শুনঃ | শ্বভ্যাম্‌ | শ্বভ্যঃ |
| ষষ্ঠী | শুনঃ | শুনোঃ | শুনাম্‌ |
| সপ্তমী | শুনি | শুনোঃ | শ্বসু |
| সম্বোধন | শ্বন্‌ | | |

গুণিন্‌শব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | গুণী | গুণিনৌ | গুণিনঃ |
| দ্বিতীয়া | গুণিনম্ | গুণিনৌ | গুণিনঃ |
| তৃতীয়া | গুণিনা | গুণিভ্যাম্ | গুণিভিঃ |
| চতুর্থী | গুণিনে | গুণিভ্যাম্ | গুণিভ্যঃ |
| পঞ্চমী | গুণিনঃ | গুণিভ্যাম্ | গুণিভ্যঃ |
| ষষ্ঠী | গুণিনঃ | গুণিনোঃ | গুণিনাম্ |
| সপ্তমী | গুণিনি | গুণিনোঃ | গুণিষু |
| সম্বোধন | গুণিন্ | | |

পথিন্ প্রভৃতি কয়েকটি ভিন্ন সমুদায় ইনভাগান্ত শব্দ গুণিন শব্দের তুল্য।

পথিন্‌শব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | পন্থাঃ | পন্থানৌ | পন্থানঃ |
| দ্বিতীয়া | পন্থানম্ | পন্থানৌ | পথঃ |
| তৃতীয়া | পথা | পথিভ্যাম্ | পথিভিঃ |
| চতুর্থী | পথে | পথিভ্যাম্ | পথিভ্যঃ |
| পঞ্চমী | পথঃ | পথিভ্যাম্ | পথিভ্যঃ |
| ষষ্ঠী | পথঃ | পথোঃ | পথাম্ |
| সপ্তমী | পথি | পথোঃ | পথিষু |
| সম্বোধন | পন্থাঃ | | |

সকারান্ত—বেধস্‌শব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | বেধাঃ | বেধসৌ | বেধসঃ |
| দ্বিতীয়া | বেধসম্ | বেধসৌ | বেধসঃ |
| তৃতীয়া | বেধসা | বেধোভ্যাম্ | বেধোভিঃ |
| চতুর্থী | বেধসে | বেধোভ্যাম্ | বেধোভ্যঃ |
| পঞ্চমী | বেধসঃ | বেধোভ্যাম্ | বেধোভ্যঃ |
| ষষ্ঠী | বেধসঃ | বেধসোঃ | বেধসাম্ |
| সপ্তমী | বেধসি | বেধসোঃ | বেধঃসু |
| সম্বোধন | বেধঃ | | |

বিদ্বস্, লঘীয়স্, পুংস্ প্রভৃতি কতকগুলি শব্দ ভিন্ন প্রায় সমুদায় দন্ত্যসকারান্ত শব্দ এইরূপ।

বিদ্বস্‌শব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | বিদ্বান্ | বিদ্বাংসৌ | বিদ্বাংসঃ |
| দ্বিতীয়া | বিদ্বাংসম্ | বিদ্বাংসৌ | বিদুষঃ |
| তৃতীয়া | বিদুষা | বিদ্বদ্ভ্যাম্ | বিদ্বদ্ভিঃ |
| চতুর্থী | বিদুষে | বিদ্বদ্ভ্যাম্ | বিদ্বদ্ভ্যঃ |
| পঞ্চমী | বিদুষঃ | বিদ্বদ্ভ্যাম্ | বিদ্বদ্ভ্যঃ |

| | | | |
|---|---|---|---|
| ষষ্ঠী | বিদুষঃ | বিদুষোঃ | বিদুষাম্ |
| সপ্তমী | বিদুষি | বিদুষোঃ | বিদ্বৎসু |
| সম্বোধন | বিদ্বন্ | | |

যাবতীয় বস্‌প্রত্যয়ান্ত শব্দ বিদ্বস্‌শব্দের তুল্য।

লঘীয়স্‌শব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | লঘীয়ান্ | লঘীয়াংসৌ | লঘীয়াংসঃ |
| দ্বিতীয়া | লঘীয়াংসম্ | লঘীয়াংসৌ | লঘীয়সঃ |
| তৃতীয়া | লঘীয়সা | লঘীয়োভ্যাম্ | লঘীয়োভিঃ |
| চতুর্থী | লঘীয়সে | লঘীয়োভ্যাম্ | লঘীয়োভ্যঃ |
| পঞ্চমী | লঘীয়সঃ | লঘীয়োভ্যাম্ | লঘীয়োভ্যঃ |
| ষষ্ঠী | লঘীয়সঃ | লঘীয়সোঃ | লঘীয়সাম্ |
| সপ্তমী | লঘীয়সি | লঘীয়সোঃ | লঘীয়ঃসু |
| সম্বোধন | লঘীয়ন্ | | |

যাবতীয় ঈয়স্‌প্রত্যয়নিষ্পন্ন শব্দের এই রূপ।

পুমস্‌শব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | পুমান্ | পুমাংসৌ | পুমাংসঃ |
| দ্বিতীয়া | পুমাংসম্ | পুমাংসৌ | পুংসঃ |
| তৃতীয়া | পুংসা | পুম্ভ্যাম্ | পুম্ভিঃ |

| | | | |
|---|---|---|---|
| চতুর্থী | পুংসে | পুম্ভ্যাম্ | পুম্ভ্যঃ |
| পঞ্চমী | পুংসঃ | পুম্ভ্যাম্ | পুম্ভ্যঃ |
| ষষ্ঠী | পুংসঃ | পুংসোঃ | পুংসাম্ |
| সপ্তমী | পুংসি | পুংসোঃ | পুংসু |
| সম্বোধন | পুমন্ | | |

---

## স্ত্রীলিঙ্গ।

### চকারান্ত—বাচ্‌শব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | বাক্ | বাচৌ | বাচঃ |
| দ্বিতীয়া | বাচম্ | বাচৌ | বাচঃ |
| তৃতীয়া | বাচা | বাগ্ভ্যাম্ | বাগ্ভিঃ |
| চতুর্থী | বাচে | বাগ্ভ্যাম্ | বাগ্ভ্যঃ |
| পঞ্চমী | বাচঃ | বাগ্ভ্যাম্ | বাগ্ভ্যঃ |
| ষষ্ঠী | বাচঃ | বাচোঃ | বাচাম্ |
| সপ্তমী | বাচি | বাচোঃ | বাক্ষু |
| সম্বোধন | বাক্ | | |

অন্য অন্য শব্দের সহিত যোগ করিলে বাচ্‌শব্দ পুংলিঙ্গও হয়। তখনও এই রূপ।

দকারান্ত—আপদ্‌শব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | আপৎ | আপদৌ | আপদঃ |
| দ্বিতীয়া | আপদম্ | আপদৌ | আপদঃ |
| তৃতীয়া | আপদা | আপদ্ভ্যাম্ | আপদ্ভিঃ |
| চতুর্থী | আপদে | আপদ্ভ্যাম্ | আপদ্ভ্যঃ |
| পঞ্চমী | আপদঃ | আপদ্ভ্যাম্ | আপদ্ভ্যঃ |
| ষষ্ঠী | আপদঃ | আপদোঃ | আপদাম্ |
| সপ্তমী | আপদি | আপদোঃ | আপৎসু |
| সম্বোধন | আপৎ | | |

অন্য অন্য শব্দের সহিত যোগ করিলে, আপদ্‌শব্দ পুংলিঙ্গও হয়। তখনও এই রূপ। সমুদায় পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ দকারান্ত শব্দ আপদ্‌শব্দের তুল্য।

পকারান্ত—অপ্‌শব্দ।

অপ্‌শব্দের কেবল বহুবচনে প্রয়োগ হয়।

| | বহুবচন |
|---|---|
| প্রথমা | আপঃ |
| দ্বিতীয়া | অপঃ |
| তৃতীয়া | অদ্ভিঃ |
| চতুর্থী | অদ্ভ্যঃ |

| | |
|---|---|
| পঞ্চমী | অদ্ভ্যঃ |
| ষষ্ঠী | অপাম্ |
| সপ্তমী | অপ্সু |

শকারান্ত—দিশ্‌শব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | দিক্ | দিশৌ | দিশঃ |
| দ্বিতীয়া | দিশম্ | দিশৌ | দিশঃ |
| তৃতীয়া | দিশা | দিগ্‌ভ্যাম্ | দিগ্‌ভিঃ |
| চতুর্থী | দিশে | দিগ্‌ভ্যাম্ | দিগ্‌ভ্যঃ |
| পঞ্চমী | দিশঃ | দিগ্‌ভ্যাম্ | দিগ্‌ভ্যঃ |
| ষষ্ঠী | দিশঃ | দিশোঃ | দিশাম্ |
| সপ্তমী | দিশি | দিশোঃ | দিক্ষু |
| সম্বোধন | দিক্ | | |

---

ক্লীবলিঙ্গ।

তকারান্ত—শ্রীমৎশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | শ্রীমৎ | শ্রীমতী | শ্রীমন্তি |
| দ্বিতীয়া | শ্রীমৎ | শ্রীমতী | শ্রীমন্তি |
| সম্বোধন | শ্রীমৎ | | |

আর সকল বিভক্তিতে পুংলিঙ্গের মত প্রায় সমুদায় তকারান্ত ক্লীবলিঙ্গ শব্দ শ্রীমৎশব্দের তুল্য।

মহৎশব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | মহৎ | মহতী | মহান্তি |
| দ্বিতীয়া | মহৎ | মহতী | মহান্তি |
| সম্বোধন | মহৎ | | |

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের তুল্য।

নকারান্ত—ধামন্‌শব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ধাম | ধাম্নী, ধামনী | ধামানি |
| দ্বিতীয়া | ধাম | ধাম্নী, ধামনী | ধামানি |
| সম্বোধন | ধাম, ধামন্ | | |

আর আর বিভক্তিতে, পুংলিঙ্গ মহিমন্‌শব্দের তুল্য। প্রায় সমুদায় নকারান্ত শব্দ এইরূপ।

কর্ম্মন্‌শব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | কর্ম্ম | কর্ম্মণী | কর্ম্মাণি |
| দ্বিতীয়া | কর্ম্ম | কর্ম্মণী | কর্ম্মাণি |
| সম্বোধন | কর্ম্ম, কর্ম্মন্ | | |

আর আর বিভক্তিতে, পুংলিঙ্গ আত্মন্‌শব্দের তুল্য।

যে সকল শব্দের অন্ভাগের অকার মসংযুক্ত অথবা বসংযুক্ত বর্ণে মিলিত থাকে তাহাদের এই রূপ।

অহন্‌শব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | অহঃ | অহ্নী, অহনী | অহানি |
| দ্বিতীয়া | অহঃ | অহ্নী, অহনী | অহানি |
| তৃতীয়া | অহ্না | অহোভ্যাম্ | অহোভিঃ |
| চতুর্থী | অহ্নে | অহোভ্যাম্ | অহোভ্যঃ |
| পঞ্চমী | অহ্নঃ | অহোভ্যাম্ | অহোভ্যঃ |
| ষষ্ঠী | অহ্নঃ | অহ্নোঃ | অহ্নাম্ |
| সপ্তমী | অহ্নি, অহনি | অহ্নোঃ | অহঃসু |
| সম্বোধন | অহঃ | | |

নকারান্ত—পয়স্‌শব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | পয়ঃ | পয়সী | পয়াংসি |
| দ্বিতীয়া | পয়ঃ | পয়সী | পয়াংসি |
| সম্বোধন | পয়ঃ | | |

আর আর বিভক্তিতে বেধস্‌শব্দের তুল্য। মনস্, চেতস্ প্রভৃতি প্রায় সমুদায় সকারান্ত ক্লীবলিঙ্গ শব্দের এই রূপ।

হবিস্‌শব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | হবিঃ | হবিষী | হবীংষি |

| | | | |
|---|---|---|---|
| দ্বিতীয়া | হবিঃ | হবিষী | হবীংষি |
| তৃতীয়া | হবিষা | হবির্ভ্যাম্ | হবির্ভিঃ |
| চতুর্থী | হবিষে | হবির্ভ্যাম্ | হবির্ভ্যঃ |
| পঞ্চমী | হবিষঃ | হবির্ভ্যাম্ | হবির্ভ্যঃ |
| ষষ্ঠী | হবিষঃ | হবিষোঃ | হবিষাম্ |
| সপ্তমী | হবিষি | হবিষোঃ | হবিঃষু |
| সম্বোধন | হবিঃ | | |

সর্পিস্ প্রভৃতি সমুদায় ইস্ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দের এই রূপ।

ধনুস্শব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ধনুঃ | ধনুষী | ধনূংষি |
| দ্বিতীয়া | ধনুঃ | ধনুষী | ধনূংষি |
| তৃতীয়া | ধনুষা | ধনুর্ভ্যাম্ | ধনুর্ভিঃ |
| চতুর্থী | ধনুষে | ধনুর্ভ্যাম্ | ধনুর্ভ্যঃ |
| পঞ্চমী | ধনুষঃ | ধনুর্ভ্যাম্ | ধনুর্ভ্যঃ |
| ষষ্ঠী | ধনুষঃ | ধনুষোঃ | ধনুষাম্ |
| সপ্তমী | ধনুষি | ধনুষোঃ | ধনুঃষু |
| সম্বোধন | ধনুঃ | | |

চক্ষুস্ ও আর আর উস্ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দের এই রূপ।

# সর্ব্বনাম।

---

## পূর্ব্বশব্দ।

### পুংলিঙ্গ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | সর্ব্বঃ | সর্ব্বৌ | সর্ব্বে |
| দ্বিতীয়া | সর্ব্বম্ | সর্ব্বৌ | সর্ব্বান্ |
| তৃতীয়া | সর্ব্বেণ | সর্ব্বাভ্যাম্ | সর্ব্বৈঃ |
| চতুর্থী | সর্ব্বস্মৈ | সর্ব্বাভ্যাম্ | সর্ব্বেভ্যঃ |
| পঞ্চমী | সর্ব্বস্মাৎ | সর্ব্বাভ্যাম্ | সর্ব্বেভ্যঃ |
| ষষ্ঠী | সর্ব্বস্য | সর্ব্বয়োঃ | সর্ব্বেষাম্ |
| সপ্তমী | সর্ব্বস্মিন্ | সর্ব্বয়োঃ | সর্ব্বেষু |
| সম্বোধন | সর্ব্ব | | |

### ক্লীবলিঙ্গ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | সর্ব্বম্ | সর্ব্বে | সর্ব্বাণি |
| দ্বিতীয়া | সর্ব্বম্ | সর্ব্বে | সর্ব্বাণি |

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত।

স্ত্রীলিঙ্গ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | সর্ব্বা | সর্ব্বে | সর্ব্বাঃ |
| দ্বিতীয়া | সর্ব্বাম্ | সর্ব্বে | সর্ব্বাঃ |
| তৃতীয়া | সর্ব্বয়া | সর্ব্বাভ্যাম্ | সর্ব্বাভিঃ |
| চতুর্থী | সর্ব্বস্যৈ | সর্ব্বাভ্যাম্ | সর্ব্বাভ্যঃ |
| পঞ্চমী | সর্ব্বস্যাঃ | সর্ব্বাভ্যাম্ | সর্ব্বাভ্যঃ |
| ষষ্ঠী | সর্ব্বস্যাঃ | সর্ব্বয়োঃ | সর্ব্বাসাম্ |
| সপ্তমী | সর্ব্বস্যাম্ | সর্ব্বয়োঃ | সর্ব্বাসু |
| সম্বোধন | সর্ব্বে | | |

অন্যশব্দ ঠিক সর্ব্বশব্দের মত, কেবল ক্লীবলিঙ্গের প্রথমার ও দ্বিতীয়ার একবচনে অন্যৎ এই পদ হয়।

পূর্ব্বশব্দ।

পুংলিঙ্গ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | পূর্ব্বঃ | পূর্ব্বৌ | পূর্ব্বে, পূর্ব্বাঃ |
| দ্বিতীয়া | পূর্ব্বম্ | পূর্ব্বৌ | পূর্ব্বান্ |
| তৃতীয়া | পূর্ব্বেণ | পূর্ব্বাভ্যাম্ | পূর্ব্বৈঃ |
| চতুর্থী | পূর্ব্বস্মৈ | পূর্ব্বাভ্যাম্ | পূর্ব্বেভ্যঃ |

| | | | |
|---|---|---|---|
| পঞ্চমী | পূর্ব্বস্মাৎ, পূর্ব্বাৎ | পূর্ব্বাভ্যাম্ | পূর্ব্বেভ্যঃ |
| ষষ্ঠী | পূর্ব্বস্য | পূর্ব্বয়োঃ | পূর্ব্বেষাম্ |
| সপ্তমী | পূর্ব্বস্মিন্, পূর্ব্বে | পূর্ব্বয়োঃ | পূর্ব্বেষু |
| সম্বোধন | পূর্ব্ব | | |

ক্লীবলিঙ্গ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | পূর্ব্বম্ | পূর্ব্বে | পূর্ব্বাণি |
| দ্বিতীয়া | পূর্ব্বম্ | পূর্ব্বে | পূর্ব্বাণি |

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত। স্ত্রীলিঙ্গে ঠিক সর্ব্ব-শব্দের ন্যায়, কোনও প্রভেদ নাই। পর, অপর, দক্ষিণ, উত্তর প্রভৃতি কতকগুলি শব্দ পূর্ব্বশব্দের তুল্য।

অস্মদ্‌শব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | অহম্ | আবাম্ | বয়ম্ |
| দ্বিতীয়া | মাম্, মা | আবাম্, নৌ | অস্মান্, নঃ |
| তৃতীয়া | ময়া | আবাভ্যাম্ | অস্মাভিঃ |
| চতুর্থী | মহ্যম্, মে | আবাভ্যাম্, নৌ | অস্মভ্যম্, নঃ |
| পঞ্চমী | মৎ | আবাভ্যাম্ | অস্মৎ |
| ষষ্ঠী | মম, মে | আবয়োঃ, নৌ | অস্মাকম্, নঃ |
| সপ্তমী | ময়ি | আবয়োঃ | অস্মাসু |

তিন লিঙ্গেই সমান, কোনও প্রভেদ নাই।

যুষ্মদ্‌শব্দ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ত্বম্ | যুবাম্ | যূয়ম্ |
| দ্বিতীয়া | ত্বাম্, ত্বা | যুবাম্, বাম্ | যুষ্মান্, বঃ |
| তৃতীয়া | ত্বয়া | যুবাভ্যাম্ | যুষ্মাভিঃ |
| চতুর্থী | তুভ্যম্, তে | যুবাভ্যাম্, বাম্ | যুষ্মভ্যম্, বঃ |
| পঞ্চমী | ত্বৎ | যুবাভ্যাম্ | যুষ্মৎ |
| ষষ্ঠী | তব, তে | যুবয়োঃ, বাম্ | যুষ্মাকম্, বঃ |
| সপ্তমী | ত্বয়ি | যুবয়োঃ | যুষ্মাসু |

তিন লিঙ্গেই সমান, কোনও প্রভেদ নাই।

ইদম্‌শব্দ।

পুংলিঙ্গ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | অয়ম্ | ইমৌ | ইমে |
| দ্বিতীয়া | ইমম্ | ইমৌ | ইমান্ |
| তৃতীয়া | অনেন | আভ্যাম্ | এভিঃ |
| চতুর্থী | অস্মৈ | আভ্যাম্ | এভ্যঃ |
| পঞ্চমী | অস্মাৎ | আভ্যাম্ | এভ্যঃ |
| ষষ্ঠী | অস্য | অনয়োঃ | এষাম্ |
| সপ্তমী | অস্মিন্ | অনয়োঃ | এষু |

ক্লীবলিঙ্গ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ইদম্ | ইমে | ইমানি |
| দ্বিতীয়া | ইদম্ | ইমে | ইমানি |

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত

স্ত্রীলিঙ্গ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | ইয়ম্ | ইমে | ইমাঃ |
| দ্বিতীয়া | ইমাম্ | ইমে | ইমাঃ |
| তৃতীয়া | অনয়া | আভ্যাম্ | আভিঃ |
| চতুর্থী | অস্যৈ | আভ্যাম্ | আভ্যঃ |
| পঞ্চমী | অস্যাঃ | আভ্যাম্ | আভ্যঃ |
| ষষ্ঠী | অস্যাঃ | অনয়োঃ | আসাম্ |
| সপ্তমী | অস্যাম্ | অনয়োঃ | আসু |

কিমশব্দ।

পুংলিঙ্গ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | কঃ | কৌ | কে |
| দ্বিতীয়া | কম্ | কৌ | কান্ |
| তৃতীয়া | কেন | কাভ্যাম্ | কৈঃ |

| | | | |
|---|---|---|---|
| চতুর্থী | কস্মৈ | কাভ্যাম্ | কেভ্যঃ |
| পঞ্চমী | কস্মাৎ | কাভ্যাম্ | কেভ্যঃ |
| ষষ্ঠী | কস্য | কয়োঃ | কেষাম্ |
| সপ্তমী | কস্মিন্ | কয়োঃ | কেষু |

ক্লীবলিঙ্গ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | কিম্ | কে | কানি |
| দ্বিতীয়া | কিম্ | কে | কানি |

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত।

স্ত্রীলিঙ্গ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | কা | কে | কাঃ |
| দ্বিতীয়া | কাম্ | কে | কাঃ |
| তৃতীয়া | কয়া | কাভ্যাম্ | কাভিঃ |
| চতুর্থী | কস্যৈ | কাভ্যাম্ | কাভ্যঃ |
| পঞ্চমী | কস্যাঃ | কাভ্যাম্ | কাভ্যঃ |
| ষষ্ঠী | কস্যাঃ | কয়োঃ | কাসাম্ |
| সপ্তমী | কস্যাম্ | কয়োঃ | কাসু |

যদ্‌শব্দ।

পুংলিঙ্গ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | যঃ | যৌ | যে |
| দ্বিতীয়া | যম্ | যৌ | যান্ |
| তৃতীয়া | যেন | যাভ্যাম্ | যৈঃ |
| চতুর্থী | যস্মৈ | যাভ্যাম্ | যেভ্যঃ |
| পঞ্চমী | যস্মাৎ | যাভ্যাম্ | যেভ্যঃ |
| ষষ্ঠী | যস্য | যয়োঃ | যেষাম্ |
| সপ্তমী | যস্মিন্ | যয়োঃ | যেষু |

ক্লীবলিঙ্গ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | যৎ | যে | যানি |
| দ্বিতীয়া | যৎ | যে | যানি |

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত।

স্ত্রীলিঙ্গ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | যা | যে | যাঃ |
| দ্বিতীয়া | যাম্ | যে | যাঃ |
| তৃতীয়া | যয়া | যাভ্যাম্ | যাভিঃ |

| | | | |
|---|---|---|---|
| চতুর্থী | যস্যৈ | যাভ্যাম্ | যাভ্য |
| পঞ্চমী | যস্যাঃ | যাভ্যাম্ | যাভ্যঃ |
| ষষ্ঠী | যস্যাঃ | যয়োঃ | যাসা |
| সপ্তমী | যস্যাম্ | যয়োঃ | যাসু |

তদ্‌শব্দ।

পুংলিঙ্গ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | সঃ | তৌ | তে |
| দ্বিতীয়া | তম্ | তৌ | তান্ |
| তৃতীয়া | তেন | তাভ্যাম্ | তৈঃ |
| চতুর্থী | তস্মৈ | তাভ্যাম্ | তেভ্যঃ |
| পঞ্চমী | তস্মাৎ | তাভ্যাম্ | তেভ্যঃ |
| ষষ্ঠী | তস্য | তয়োঃ | তেষাম্ |
| সপ্তমী | তস্মিন্ | তয়োঃ | তেষু |

ক্লীবলিঙ্গ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | তৎ | তে | তানি |
| দ্বিতীয়া | তৎ | তে | তানি |

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত।

স্ত্রীলিঙ্গ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | সা | তে | তাঃ |
| দ্বিতীয়া | তাম্ | তে | তাঃ |
| তৃতীয়া | তয়া | তাভ্যাম্ | তাভিঃ |
| চতুর্থী | তস্যৈ | তাভ্যাম্ | তাভ্যঃ |
| পঞ্চমী | তস্যাঃ | তাভ্যাম্ | তাভ্যঃ |
| ষষ্ঠী | তস্যাঃ | তয়োঃ | তাসাম্ |
| সপ্তমী | তস্যাম্ | তয়োঃ | তাসু |

এতদ্‌শব্দ অবিকল তদ্‌শব্দের তুল্য, কেবল একারমাত্র অধিক। আর, পুংলিঙ্গে ও স্ত্রীলিঙ্গে, প্রথমার একবচনে মূর্দ্ধন্য ষ হয়। যথা, এষঃ, এষা।

অদস্‌শব্দ।

পুংলিঙ্গ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | অসৌ | অমূ | অমী |
| দ্বিতীয়া | অমুম্ | অমূ | অমূন্ |
| তৃতীয়া | অমুনা | অমূভ্যাম্ | অমীভিঃ |
| চতুর্থী | অমুষ্মৈ | অমূভ্যাম্ | অমীভ্যঃ |
| পঞ্চমী | অমুষ্মাৎ | অমূভ্যাম্ | অমীভ্যঃ |

| | | | |
|---|---|---|---|
| ষষ্ঠী | অমুষ্য | অমুয়োঃ | অমীষাম্ |
| সপ্তমী | অমুষ্মিন্ | অমুয়োঃ | অমীষু |

ক্লীবলিঙ্গ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | অদঃ | অমূ | অমূনি |
| দ্বিতীয়া | অদঃ | অমূ | অমূনি |

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত।

স্ত্রীলিঙ্গ।

| | একবচন | দ্বিবচন | বহুবচন |
|---|---|---|---|
| প্রথমা | অসৌ | অমূ | অমূঃ |
| দ্বিতীয়া | অমূম্ | অমূ | অমূঃ |
| তৃতীয়া | অমুয়া | অমূভ্যাম্ | অমূভিঃ |
| চতুর্থী | অমুষ্যৈ | অমূভ্যাম্ | অমূভ্যঃ |
| পঞ্চমী | অমুষ্যাঃ | অমূভ্যাম্ | অমূভ্যঃ |
| ষষ্ঠী | অমুষ্যাঃ | অমুয়োঃ | অমূষাম্ |
| সপ্তমী | অমুষ্যাম্ | অমুয়োঃ | অমূষু |

---

## সংখ্যাবাচক।

একশব্দ।

একশব্দ একবচনান্ত, কেহ কেহ, এই অর্থে বহুবচনান্ত হইয়া থাকে। তিন লিঙ্গেই সর্ব্বশব্দের তুল্য, কোনও প্রভেদ নাই।

অনেকশব্দ।

এই শব্দ বহুবচনান্ত, তিন লিঙ্গেই সর্ব্ব শব্দের তুল্য।

দ্বিশব্দ—দ্বিবচনান্ত।

| | পুংলিঙ্গ | ক্লীবলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ |
|---|---|---|
| | দ্বিবচন | দ্বিবচন |
| প্রথমা | দ্বৌ | দ্বে |
| দ্বিতীয়া | দ্বৌ | দ্বে |
| তৃতীয়া | দ্বাভ্যাম্ | দ্বাভ্যাম্ |
| চতুর্থী | দ্বাভ্যাম্ | দ্বাভ্যাম্ |
| পঞ্চমী | দ্বাভ্যাম্ | দ্বাভ্যাম্ |
| ষষ্ঠী | দ্বয়োঃ | দ্বয়োঃ |
| সপ্তমী | দ্বয়োঃ | দ্বয়োঃ |

ত্রিশব্দ—বহুবচনান্ত।

| | পুংলিঙ্গ | ক্লীবলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|
| | বহুবচন | বহুবচন | বহুবচন |
| প্রথমা | ত্রয়ঃ | ত্রীণি | তিস্রঃ |
| দ্বিতীয়া | ত্রীন্ | ত্রীণি | তিস্রঃ |
| তৃতীয়া | ত্রিভিঃ | ত্রিভিঃ | তিসৃভিঃ |
| চতুর্থী | ত্রিভ্যঃ | ত্রিভ্যঃ | তিসৃভ্যঃ |
| পঞ্চমী | ত্রিভ্যঃ | ত্রিভ্যঃ | তিসৃভ্যঃ |
| ষষ্ঠী | ত্রয়াণাম্ | ত্রয়াণাম্ | তিসৃণাম্ |
| সপ্তমী | ত্রিষু | ত্রিষু | তিসৃষু |

চতুর্‌শব্দ—বহুবচনান্ত।

| | পুংলিঙ্গ | ক্লীবলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|
| | বহুবচন | বহুবচন | বহুবচন |
| প্রথমা | চত্বারঃ | চত্বারি | চতস্রঃ |
| দ্বিতীয়া | চতুরঃ | চত্বারি | চতস্রঃ |
| তৃতীয়া | চতুর্ভিঃ | চতুর্ভিঃ | চতসৃভিঃ |
| চতুর্থী | চতুর্ভ্যঃ | চতুর্ভ্যঃ | চতসৃভ্যঃ |
| পঞ্চমী | চতুর্ভ্যঃ | চতুর্ভ্যঃ | চতসৃভ্যঃ |
| ষষ্ঠী | চতুর্ণাম্ | চতুর্ণাম্ | চতসৃণাম্ |
| সপ্তমী | চতুর্ষু | চতুর্ষু | চতসৃষু |

ষষ্‌শব্দ—বহুবচনান্ত।

| প্র | দ্বি | তৃ | চ | প | ষ | স |
|---|---|---|---|---|---|---|
| ষট্ | ষট্ | ষড়্‌ভিঃ | ষড়্‌ভ্যঃ | ষড়্‌ভ্যঃ | ষণ্ণাম্ | ষট্‌সু |

তিন লিঙ্গেই এই রূপ।

অষ্টন্‌শব্দ—বহুবচনান্ত।

| | বহুবচন |
|---|---|
| প্রথমা | অষ্টৌ, অষ্ট |
| দ্বিতীয়া | অষ্টৌ, অষ্ট |
| তৃতীয়া | অষ্টাভিঃ, অষ্টভিঃ |
| চতুর্থী | অষ্টাভ্যঃ, অষ্টভ্যঃ |

| | |
|---|---|
| পঞ্চমী | অষ্টাভ্যঃ, অষ্টভ্যঃ |
| ষষ্ঠী | অষ্টানাম্ |
| সপ্তমী | অষ্টাসু, অষ্টসু |

তিন লিঙ্গেই সমান।

পঞ্চন্‌শব্দ—বহুবচনান্ত।

| | বহুবচন |
|---|---|
| প্রথমা | পঞ্চ |
| দ্বিতীয়া | পঞ্চ |
| তৃতীয়া | পঞ্চভিঃ |
| চতুর্থী | পঞ্চভ্যঃ |
| পঞ্চমী | পঞ্চভ্যঃ |
| ষষ্ঠী | পঞ্চানাম্ |
| সপ্তমী | পঞ্চসু |

তিন লিঙ্গেই সমান।

সপ্তন্ নবন্ দশন্ প্রভৃতি সমুদয় নকারান্ত সংখ্যাবাচক শব্দ পঞ্চন্‌শব্দের তুল্য।

## অব্যয় শব্দ।

কতকগুলি শব্দ এরূপ আছে যে, তাহাদের উত্তর বিভক্তি থাকে না। সুতরাং, যেমন শব্দ তেমনই থাকে ; কোনও পরিবর্ত্ত হয় না, কেবল অন্তস্থিত র ও স বিসর্গ হয়। এই সকল শব্দকে অব্যয় বলে। যথা, প্রাতর্, অন্তর্, স্বর্, পুনর্, উচ্চৈস্, নীচৈস্, শনৈস্, নমস্, যুগপৎ, পৃথক্, বিনা, ঋতে, স্বয়ম্, সায়ম্, বৃথা, মৃষা, মিথ্যা, সহ, সার্দ্ধম্, অলম্, অথ, এবম্, এব, নূনম্, ধিক্, চ, বা, তু, হি, ভোস্, অথবা, প্র, পরা, অপ, সম্, নি, অব, অনু, নির্, দুর্, বি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অভি, অতি, অপি, উপ, আ। যদি ক্রিয়ার সহিত যোগ হয়, তাহা হইলে প্র অবধি আ পর্য্যন্ত কুড়িটি অব্যয়কে উপসর্গ বলা যায়।

---

## স্ত্রীলিঙ্গ প্রত্যয়।

৮৪। অকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের মধ্যে, কতকগুলি আকারান্ত ও কতকগুলি ঈকারান্ত হয়। যথা, সর্ব্ব-সর্ব্বা, স্থির-স্থিরা, প্রবল-প্রবলা, কৃশ-কৃশা, বৈশ্য-বৈশ্যা, শূদ্র-শূদ্রা, দৃঢ়-দৃঢ়া ইত্যাদি। বৈষ্ণব-বৈষ্ণবী, নদ-নদী, হংস-

হংসী, মৃগ-মৃগী, গৌর-গৌরী, কুমার-কুমারী, সুন্দর-সুন্দরী ইত্যাদি।

৮৫। যে সকল স্ত্রীলিঙ্গ শব্দের অন্তে মৎ অথবা বৎ থাকে, তাহাদের অন্তে প্রায় ঈকার হয়। যথা, বুদ্ধিমৎ-বুদ্ধিমতী, শ্রীমৎ-শ্রীমতী, ভক্তিমৎ-ভক্তিমতী, বলবৎ-বলবতী, লজ্জাবৎ-লজ্জাবতী, বিদ্যাবৎ-বিদ্যাবতী, গুণবৎ-গুণবতী ইত্যাদি।

৮৬। যে সকল স্ত্রীলিঙ্গ শব্দের অন্তে অৎ থাকে, তাহাদের অন্তে প্রায় ঈকার হয়। তন্মধ্যে কতকগুলি ৎ ন্ত হয়। যথা, রুদৎ-রুদতী, কুর্ব্বৎ-কুর্ব্বতী, গৃহ্নৎ-গৃহ্নতী, দ্বিষৎ-দ্বিষতী, গচ্ছৎ-গচ্ছন্তী, তিষ্ঠৎ-তিষ্ঠন্তী, পশ্যৎ-পশ্যন্তী, পতৎ-পতন্তী, নৃত্যৎ-নৃত্যন্তী, বদৎ-বদন্তী, গায়ৎ-গায়ন্তী, ধ্যায়ৎ-ধ্যায়ন্তী ইত্যাদি।

৮৭। যে সকল স্ত্রীলিঙ্গ শব্দের অন্তে ইন্ থাকে, তাহাদের অন্তে ঈ হয়। যথা, কমলিন্-কমলিনী, মালিন্-মালিনী, মানিন্-মানিনী, শুভদায়িন্-শুভদায়িনী, মনোহারিন্-মনোহারিণী, চমৎকারিন্-চমৎকারিণী, মেধাবিন্-মেধাবিনী, মায়াবিন্-মায়াবিনী ইত্যাদি।

৮৮। যে সকল স্ত্রীলিঙ্গ শব্দের অন্তে হ্রস্ব উ থাকে, প্রায় তাহাদের উকারের পর বিকল্পে ঈ হয়। যথা, মৃদু–মৃদ্বী, মৃদুঃ; সাধু–সাধ্বী, সাধুঃ; গুরু–গুর্ব্বী, গুরুঃ; লঘু–লঘ্বী, লঘুঃ ইত্যাদি।

৮৯। যে সকল স্ত্রীলিঙ্গ শব্দের অন্তে ঋ থাকে, তাহাদের ঋকারের পর প্রায় ঈ হয়। যথা, কর্ত্তৃ–কর্ত্রী, ধাতৃ–ধাত্রী, জনয়িতৃ–জনয়িত্রী, প্রসবিতৃ–প্রসবিত্রী ইত্যাদি।

---

## কারক।

কারক ছয় প্রকার; অপাদান, সম্প্রদান, করণ, অধিকরণ, কর্ম্ম, কর্ত্তা।

### অপাদান।

৯০। যাহা হইতে কোনও বস্তু বা ব্যক্তি চলিত, ভীত, গৃহীত, বা উৎপন্ন হয়, তাহাকে অপাদান কারক বলে। অপাদান কারকে পঞ্চমী বিভক্তি হয়। যথা, বৃক্ষাৎ পত্রং পততি, বৃক্ষ হইতে পত্র পতিত হইতেছে। ব্যাঘ্রাৎ বিভেতি, ব্যাঘ্র হইতে ভীত হইতেছে। সরোবরাৎ জলং

গৃহ্লাতি, সরোবর হইতে জল গৃহীত হইতেছে। দুগ্ধাৎ ঘৃতমুৎপদ্যতে, দুগ্ধ হইতে ঘৃত উৎপন্ন হয়।

সম্প্রদান।

৯১। যাহাকে কোনও বস্তু দান করা যায়, তাহাকে সম্প্রদান কারক বলে; সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি হয়। যথা, দরিদ্রায় ধনং দীয়তাম্, দরিদ্রকে ধন দাও। দীনেভ্যঃ অন্নং দেহি, দীন জনকে অন্ন দাও। মহ্যং পুস্তকং দেহি, আমাকে পুস্তক দাও।

করণ।

৯২। যাহা দ্বারা কর্ম্ম নিষ্পন্ন হয়, তাহাকে করণ কারক বলে। করণ কারকে তৃতীয়া বিভক্তি হয়। যথা, হস্তেন গৃহ্লাতি, হস্ত দ্বারা গ্রহণ করিতেছে। চক্ষুষা পশ্যতি, চক্ষু দ্বরা দর্শন করিতেছে। দন্তেন চর্ব্বয়তি, দন্ত দ্বারা চর্ব্বণ করিতেছে। দণ্ডেন তাড়য়তি, দণ্ড দ্বারা তাড়না করিতেছে। জলেন অগ্নিং নির্ব্বাপয়তি, জল দ্বারা অগ্নি নির্ব্বাণ করিতেছে।

অধিকরণ।

৯৩। ক্রিয়ার যে আধার, তাহাকে অধিকরণ বলে। অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি

হয়। যথা, শয্যায়াং শেতে, শয্যায় শুইতেছে। আসনে উপবিশতি, আসনে বসিতেছে ; গৃহে তিষ্ঠতি, গৃহে থাকে। দুগ্ধে মাধুর্য্যম্ অস্তি, দুগ্ধে মাধুর্য্য আছে। কলসে জলমস্তি, কলসে জল আছে। তিলেষু তৈলমস্তি, তিলেতে তৈল আছে। পাত্রে দুগ্ধং স্থাপয়তি, পাত্রে দুগ্ধ রাখিতেছে। বর্ষাসু বৃষ্টির্ভবতি, বর্ষাকালে বৃষ্টি হয়। রাত্রৌ চন্দ্র উদেতি, রাত্রিতে চন্দ্র উদিত হয়।

কর্ম্ম।

৯৪। যাহা করা যায়, দেখা যায়, খাওয়া যায়, পান করা যায়, দান করা যায়, স্পর্শ করা যায় ইত্যাদিকে কর্ম্ম কারক বলে। কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, ঘটং করোতি, ঘট করিতেছে। চন্দ্রং পশ্যতি, চন্দ্র দেখিতেছে। অন্নং ভুঙ্‌ক্তে অন্ন খাইতেছে। দুগ্ধং পিবতি, দুগ্ধ পান করিতেছে। ধনং দদাতি, ধন দান করিতেছে। গাত্রং স্পৃশতি, গাত্র স্পর্শ করিতেছে। শত্রুং জয়তি, শত্রু জয় করিতেছে। শাস্ত্রম্ অধীতে, শাস্ত্র অধ্যয়ন করিতেছে। পুষ্পং চিনোতি, পুষ্প চয়ন করিতেছে। গুরুং পৃচ্ছতি,

গুরুকে জিজ্ঞাসা করিতেছে। গ্রামং গচ্ছতি, গ্রামে যাইতেছে ইত্যাদি।

কর্ত্তা।

৯৫। যে করে সে কর্ত্তা; কর্ত্তায় প্রথমা বিভক্তি হয়। যথা, বালকো রোদিতি, বালক রোদন করিতেছে। মৃগো ধাবতি, মৃগ দৌড়িতেছে; মৃগৌ ধাবতঃ, দুই মৃগ দৌড়িতেছে; মৃগাঃ ধাবন্তি, অনেক মৃগ দৌড়িতেছে।

---

অর্থ বিশেষে ও শব্দ বিশেষযোগে বিভক্তি নির্ণয়।

৯৬। সম্বোধনে প্রথমা বিভক্তি হয়। যথা, হে পিতঃ, হে ভ্রাতরৌ, হে পুত্রাঃ ইত্যাদি।

৯৭। যে স্থলে কর্ম্মপদ ক্রিয়াপদ প্রভৃতি না থাকে, কেবল কোনও বস্তু বা ব্যক্তি বুঝাইবার নিমিত্ত শব্দের প্রয়োগ করা যায়, সেখানে সেই শব্দের উত্তর প্রথমা বিভক্তি হয়। যথা, বৃক্ষঃ, নদী, পুষ্পম্, ফলম্, জলম্, নরঃ, মহিষঃ, রাজা, গৃহম্, পুস্তকম্, অন্নম্, বস্ত্রম্, অস্ত্রম্ ইত্যাদি।

৯৮। ধিক্, প্রতি ইত্যাদি কতকগুলি শব্দের

যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা, পাপিনং ধিক্‌, পাপীকে ধিক্‌। কৃপণং ধিক্‌, কৃপণকে ধিক্‌। গুরো মাং প্রতি সদয়ো ভব, হে গুরো আমার প্রতি সদয় হও। দীনং প্রতি দয়া উচিতা, দীনের প্রতি দয়া করা উচিত।

৯৯। ক্রিয়ার বিশেষণে দ্বিতীয়ার একবচন হয়, এবং ক্লীবলিঙ্গের ন্যায় রূপ হয়। যথা,শীঘ্রং গচ্ছতি, শীঘ্র যাইতেছে। সত্বরং ধাবতি, সত্বর যাইতেছে। মধুরং হসতি, মধুর হাসিতেছে।

১০০। সহ, সার্দ্ধম্‌, অলম্‌, কিম্‌ ইত্যাদি কতকগুলি শব্দের যোগে তৃতীয়া বিভক্তি হয়। যথা, রামো লক্ষ্মণেন সহ বনং জগাম, রাম লক্ষ্মণের সহিত বনে গিয়াছিলেন। কেনাপি সার্দ্ধং বিরোধো ন কর্ত্তব্যঃ, কাহারও সহিত বিরোধ করা কর্ত্তব্য নহে। বিবাদেন অলম্‌, বিবাদে প্রয়োজন নাই। কলহেন কিম্‌, কলহে প্রয়োজন কি।

১০১। নিমিত্ত অর্থে ও নমস্‌শব্দের যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা, জ্ঞানায় অধ্যয়নম্‌, জ্ঞানের নিমিত্ত অধ্যয়ন। সুখায় ধনোপার্জ্জনম্‌, সুখের নিমিত্ত ধনোপার্জ্জন। পরোপকারায় সতাং জীবনম্‌, পরোপকারের নিমিত্ত সাধুদিগের

জীবন। গুরবে নমঃ, গুরুকে প্রণাম। পিত্রে নমঃ, পিতাকে প্রণাম।

১০২। হেতু অর্থে তৃতীয়া ও পঞ্চমী বিভক্তি হয়। যথা, ভয়েন কম্পতে, ভয় হেতু কাঁপিতেছে। ক্রোধেন তাড়য়তি, ক্রোধ হেতু তাড়না করিতেছে। দুঃখাৎ রোদিতি, দুঃখ হেতু রোদন করিতেছে।

১০৩। অন্য, পৃথক্ ইত্যাদি কতকগুলি শব্দের যোগে, এবং অপেক্ষা অর্থ বুঝাইলে, পঞ্চমী বিভক্তি হয়। যথা, মিত্রাদন্যঃ কঃ পরিত্রাতুং সমর্থঃ, মিত্র ভিন্ন অন্য কে পরিত্রাণ করিতে পারে। ইদম্ অস্মাৎ পৃথক্, ইহা হইতে ইহা পৃথক্। ধনাৎ বিদ্যা গরীয়সী, ধন অপেক্ষা বিদ্যার গৌরব অধিক।

১০৪। বিনাশব্দের যোগে দ্বিতীয়া, তৃতীয়া ও পঞ্চমী বিভক্তি হয়। যথা, বিদ্যাং বিনা বৃথা জীবনম্, বিদ্যা বিনা বৃথা জীবন। যত্নেন বিনা কিমপি ন সিধ্যতি, বিনা যত্নে কিছুই সিদ্ধ হয় না। পাপাৎ বিনা দুঃখং ন ভবতি, পাপ না করিলে, দুঃখ হয় না।

১০৫। ঋতেশব্দের যোগে দ্বিতীয়া ও পঞ্চমী

বিভক্তি হয়। যথা, শ্রমম্ ঋতে বিদ্যা ন ভবতি, শ্রম না করিলে বিদ্যা হয় না। ধর্ম্মাৎ ঋতে সুখং ন ভবতি, ধর্ম্ম ব্যতিরেকে সুখ হয় না।

১০৬। সম্বন্ধে ষষ্ঠী বিভক্তি হয়। যথা, মম হস্তঃ, আমার হাত। তব পুত্রঃ, তোমার পুত্র। নদ্যাঃ জলম্, নদীর জল। বৃক্ষস্য শাখা, বৃক্ষের শাখা। কোকিলস্য কলরবঃ, কোকিলের কলরব। প্রভোরাদেশঃ, প্রভুর আদেশ।

১০৭। সম, তুল্য, সমান, সদৃশ, ইত্যাদি শব্দের যোগে তৃতীয়া ও ষষ্ঠী বিভক্তি হয়। যথা, বিদ্যয়া সমং ধনং নাস্তি, বিদ্যার সমান ধন নাই। বিনয়স্য তুল্যো গুণো নাস্তি, বিনয়ের তুল্য গুণ নাই।

১০৮। যেখানে অনেকের মধ্যে এক বস্তু অথবা এক ব্যক্তিকে নির্দ্ধারিত করা যায়, তাহাকে নির্দ্ধার কহে। নির্দ্ধার অর্থ বুঝাইলে, ষষ্ঠী ও সপ্তমী বিভক্তি হয়। যথা, পর্ব্বতানাং হিমালয়ঃ শ্রেষ্ঠঃ, পর্ব্বতের মধ্যে হিমালয় শ্রেষ্ঠ। কবিষু কালিদাসঃ শ্রেষ্ঠঃ, কবির মধ্যে কালিদাস শ্রেষ্ঠ।

---

## বিশেষ্য বিশেষণ।

১০৯। যাহা দ্বারা কেবল কোনও বস্তু বা ব্যক্তির বোধ হয়, তাহাকে বিশেষ্য কহে। যথা, গৃহম্, জলম্, বৃক্ষঃ, লতা, নৌকা, বস্ত্রম্, পুস্তকম্, পৃথিবী, চন্দ্রঃ, সূর্য্যঃ, নক্ষত্রম্, শিশুঃ ইত্যাদি।

১১০। যাহা দ্বারা বিশেষ্যের গুণ, ও অবস্থা প্রকাশিত হয়, তাহাকে বিশেষণ কহে। বিশেষণ প্রায় বিশেষ্যের পূর্ব্বে থাকে। যথা, নূতনং গৃহম্, নির্ম্মলং জলম্, ফলবান্ বৃক্ষঃ, পুষ্পিতা লতা, ভগ্না নৌকা, ছিন্নং বস্ত্রম্, উত্তমং পুস্তকম্, গোলাকারা পৃথিবী, শীতলশ্চন্দ্রঃ, প্রদীপ্তঃ সূর্য্যঃ, উজ্জ্বলং নক্ষত্রম্, ধার্ম্মিকঃ পুরুষঃ, সুশীলঃ শিশুঃ।

কতকগুলি বিশেষ্য শব্দ পুংলিঙ্গ, কতকগুলি স্ত্রীলিঙ্গ, কতকগুলি ক্লীবলিঙ্গ।

১১১। বিশেষ্য শব্দের যে লিঙ্গ, বিশেষণ শব্দেরও সেই লিঙ্গ হয়। যথা, সুন্দরঃ শিশুঃ, সুন্দরী কন্যা, সুন্দরং গৃহম্। উজ্জ্বলঃ শশী, উজ্জ্বলা দীপশিখা, উজ্জ্বলং নক্ষত্রম্। বুদ্ধিমান্

পুরুষঃ, বুদ্ধিমতী স্ত্রী। নির্মলা বুদ্ধিঃ, নির্মলং জলম্।

১১২। বিশেষ্য পদ যে বচনের, বিশেষণ পদও সেই বচনের হয়, অর্থাৎ বিশেষ্য পদ একবচনান্ত হইলে, বিশেষণ পদও একবচনান্ত হয়। বিশেষ্য পদ দ্বিবচনান্ত হইলে, বিশেষণ পদও দ্বিবচনান্ত হয়। বিশেষ্য পদ বহুবচনান্ত হইলে, বিশেষণ পদও বহুবচনান্ত হয়। যথা, বলবান্ সিংহঃ, বলবন্তৌ সিংহৌ, বলবন্তঃ সিংহাঃ। বেগবতী নদী, বেগবত্যৌ নদ্যৌ, বেগবত্যঃ নদ্যঃ। নিবিড়ং বনম্, নিবিড়ে বনে, নিবিড়ানি বনানি।

১১৩। বিশেষ্য পদে যে বিভক্তি থাকে, বিশেষণ পদেও সেই বিভক্তি হয়। যথা, সুন্দরঃ শিশুঃ। সুন্দরং শিশুম্। সুন্দরেণ শিশুনা। সুন্দরায় শিশবে। সুন্দরাৎ শিশোঃ সুন্দরস্য শিশোঃ। সুন্দরে শিশৌ। নির্মলং জলম্। নির্মলেন জলেন। নির্মলায় জলায় নির্মলাৎ জলাৎ। নির্মলস্য জলস্য নির্মলে জলে।

---

# তিঙন্ত প্রকরণ।

১১৪। ভূ, স্থা, গম্, দৃশ্ প্রভৃতিকে ধাতু বলে। এক এক ধাতুতে এক এক ক্রিয়া বুঝায়।

১১৫। ধাতুর উত্তর যে সকল বিভক্তি হয়, তাহাদের নাম তিঙ্। এই নিমিত্ত, ক্রিয়াবাচক পদকে তিঙন্ত বলে।

১১৬। ক্রিয়া তিন কালে হয়; বর্ত্তমান, অতীত, ভবিষ্যৎ। যাহা উপস্থিত আছে, তাহাকে বর্ত্তমান কাল বলে। যথা, পশ্যতি, দেখিতেছে; পশ্যামি, দেখিতেছি। করোতি, করিতেছে; করোমি, করিতেছি। যাহা গত হইয়াছে, তাহাকে অতীত কাল বলে। যথা, দদর্শ, দেখিল, দেখিয়াছে, দেখিয়াছিল; চকার, করিল, করিয়াছে, করিয়াছিল। যাহা পরে হইবেক, তাহাকে ভবিষ্যৎ কাল বলে। যথা, গমিষ্যামি, যাইব; করিষ্যামি, করিব।

১১৭। ক্রিয়ার তিন বচন; একবচন, দ্বিবচন, বহুবচন। একবচনে এক জনের ক্রিয়া বুঝায়; দ্বিবচনে দুই জনের ক্রিয়া বুঝায়; বহুবচনে বহু জনের ক্রিয়া বুঝায়। যথা, গচ্ছামি,

## হস্‌ধাতু—হাস্য, হাসা।

বর্ত্তমান কাল।

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | হসতি | হসসি | হসামি |
| দ্বিবচন | হসতঃ | হসথঃ | হসাবঃ |
| বহুবচন | হসন্তি | হসথ | হসামঃ |

অতীত কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | জহাস | জহসিথ | জহাস, জহস |
| দ্বিবচন | জহসতুঃ | জহসথুঃ | জহসিব |
| বহুবচন | জহসুঃ | জহস | জহসিম |

ভবিষ্যৎ কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | হসিষ্যতি | হসিষ্যসি | হসিষ্যামি |
| দ্বিবচন | হসিষ্যতঃ | হসিষ্যথঃ | হসিষ্যাবঃ |
| বহুবচন | হসিষ্যন্তি | হসিষ্যথ | হসিষ্যামঃ |

অনুজ্ঞা।

| | | | |
|---|---|---|---|
| একবচন | হসতু | হস | হসানি |
| দ্বিবচন | হসতাম্ | হসতম্ | হসাব |
| বহুবচন | হসন্তু | হসত | হসাম |

## রুদ্‌ধাতু—রোদন, কাঁদা।

বর্ত্তমান কাল।

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | রোদিতি | রোদিষি | রোদিমি |
| দ্বিবচন | রুদিতঃ | রুদিথঃ | রুদিবঃ |
| বহুবচন | রুদন্তি | রুদিথ | রুদিমঃ |

অতীত কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | রুরোদ | রুরোদিথ | রুরোদ |
| দ্বিবচন | রুরুদতু | রুরুদথুঃ | রুরুদিব |
| বহুবচন | রুরুদুঃ | রুরুদ | রুরুদিম |

ভবিষ্যৎ কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | রোদিষ্যতি | রোদিষ্যসি | রোদিষ্যামি |
| দ্বিবচন | রোদিষ্যতঃ | রোদিষ্যথঃ | রোদিষ্যাবঃ |
| বহুবচন | রোদিষ্যন্তি | রোদিষ্যথ | রোদিষ্যামঃ |

অনুজ্ঞা।

| | | | |
|---|---|---|---|
| একবচন | রোদিতু | রুদিহি | রোদানি |
| দ্বিবচন | রুদিতাম্‌ | রুদিতম্‌ | রোদাব |
| বহুবচন | রুদন্তু | রুদিত | রোদাম |

## পত্‌ধাতু—পতন, পড়া।

### বর্ত্তমান কাল।

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | পততি | পতসি | পতামি |
| দ্বিবচন | পততঃ | পতথঃ | পতাবঃ |
| বহুবচন | পতন্তি | পতথ | পতামঃ |

### অতীত কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | পপাত | পেতিথ | পপাত, পপত |
| দ্বিবচন | পেততুঃ | পেতথুঃ | পেতিব |
| বহুবচন | পেতুঃ | পেত | পেতিম |

### ভবিষ্যৎ কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | পতিষ্যতি | পতিষ্যসি | পতিষ্যামি |
| দ্বিবচন | পতিষ্যতঃ | পতিষ্যথঃ | পতিষ্যাবঃ |
| বহুবচন | পতিষ্যন্তি | পতিষ্যথ | পতিষ্যামঃ |

### অনুজ্ঞা।

| | | | |
|---|---|---|---|
| একবচন | পততু | পত | পতানি |
| দ্বিবচন | পততাম্‌ | পততম্‌ | পতাব |
| বহুবচন | পতন্তু | পতত | পতাম |

---

সকর্ম্মক।

## কৃধাতু—করণ, করা।

বর্ত্তমান কাল।

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | করোতি | করোষি | করোমি |
| দ্বিবচন | কুরুতঃ | কুরুথঃ | কুর্ব্বঃ |
| বহুবচন | কুর্ব্বন্তি | কুরুথ | কুর্ম্মঃ |

অতীত কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | চকার | চকর্থ | চকার, চকর |
| দ্বিবচন | চক্রতুঃ | চক্রথুঃ | চকৃব |
| বহুবচন | চক্রুঃ | চক্র | চকৃম |

ভবিষ্যৎ কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | করিষ্যতি | করিষ্যসি | করিষ্যামি |
| দ্বিবচন | করিষ্যতঃ | করিষ্যথঃ | করিষ্যাবঃ |
| বহুবচন | করিষ্যন্তি | করিষ্যথ | করিষ্যামঃ |

অনুজ্ঞা।

| | | | |
|---|---|---|---|
| একবচন | করোতু | কুরু | করবাণি |
| দ্বিবচন | কুরুতাম্ | কুরুতম্ | করবাব |
| বহুবচন | কুর্ব্বন্তু | কুরুত | করবাম |

---

## গম্‌ধাতু—গমন, যাওয়া।

### বর্ত্তমান কাল।

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | গচ্ছতি | গচ্ছসি | গচ্ছামি |
| দ্বিবচন | গচ্ছতঃ | গচ্ছথঃ | গচ্ছাবঃ |
| বহুবচন | গচ্ছন্তি | গচ্ছথ | গচ্ছামঃ |

### অতীত কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | জগাম | জগমিথ, জগন্থ | জগাম, জগম |
| দ্বিবচন | জগ্মতুঃ | জগ্মথুঃ | জগ্মিব |
| বহুবচন | জগ্মুঃ | জগ্ম | জগ্মিম |

### ভবিষ্যৎ কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | গমিষ্যতি | গমিষ্যসি | গমিষ্যামি |
| দ্বিবচন | গমিষ্যতঃ | গমিষ্যথঃ | গমিষ্যাবঃ |
| বহুবচন | গমিষ্যন্তি | গমিষ্যথ | গমিষ্যামঃ |

### অনুজ্ঞা।

| | | | |
|---|---|---|---|
| একবচন | গচ্ছতু | গচ্ছ | গচ্ছানি |
| দ্বিবচন | গচ্ছতাম্ | গচ্ছতম্ | গচ্ছাব |
| বহুবচন | গচ্ছন্তু | গচ্ছত | গচ্ছাম |

## শ্রুধাতু—শ্রবণ, শুনা।

### বর্ত্তমান কাল।

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | শৃণোতি | শৃণোষি | শৃণোমি |
| দ্বিবচন | শৃণুতঃ | শৃণুথঃ | শৃণ্বঃ, শৃণুবঃ |
| বহুবচন | শৃণ্বন্তি | শৃণুথ | শৃণ্মঃ, শৃণুমঃ |

### অতীত কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | শুশ্রাব | শুশ্রোথ | শুশ্রাব, শুশ্রব |
| দ্বিবচন | শুশ্রুবতুঃ | শুশ্রুবথুঃ | শুশ্রুব |
| বহুবচন | শুশ্রুবুঃ | শুশ্রুব | শুশ্রুম |

### ভবিষ্যৎ কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | শ্রোষ্যতি | শ্রোষ্যসি | শ্রোষ্যামি |
| দ্বিবচন | শ্রোষ্যতঃ | শ্রোষ্যথঃ | শ্রোষ্যাবঃ |
| বহুবচন | শ্রোষ্যন্তি | শ্রোষ্যথ | শ্রোষ্যামঃ |

### অনুজ্ঞা।

| | | | |
|---|---|---|---|
| একবচন | শৃণোতু | শৃণু | শৃণবানি |
| দ্বিবচন | শৃণুতাম্ | শৃণুতম্ | শৃণবাব |
| বহুবচন | শৃণ্বন্তু | শৃণুত | শৃণবাম |

## দৃশ্‌ধাতু—দর্শন, দেখা।

### বর্ত্তমান কাল।

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | পশ্যতি | পশ্যসি | পশ্যামি |
| দ্বিবচন | পশ্যতঃ | পশ্যথঃ | পশ্যাবঃ |
| বহুবচন | পশ্যন্তি | পশ্যথ | পশ্যামঃ |

### অতীত কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | দদর্শ | দদর্শিথ, দদ্রষ্ঠ | দদর্শ |
| দ্বিবচন | দদৃশতুঃ | দদৃশথুঃ | দদৃশিব |
| বহুবচন | দদৃশুঃ | দদৃশ | দদৃশিম |

### ভবিষ্যৎ কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | দ্রক্ষ্যতি | দ্রক্ষ্যসি | দ্রক্ষ্যামি |
| দ্বিবচন | দ্রক্ষ্যতঃ | দ্রক্ষ্যথঃ | দ্রক্ষ্যাবঃ |
| বহুবচন | দ্রক্ষ্যন্তি | দ্রক্ষ্যথ | দ্রক্ষ্যামঃ |

### অনুজ্ঞা।

| | | | |
|---|---|---|---|
| একবচন | পশ্যতু | পশ্য | পশ্যানি |
| দ্বিবচন | পশ্যতাম্ | পশ্যতম্ | পশ্যাব |
| বহুবচন | পশ্যন্তু | পশ্যত | পশ্যাম |

---

## দাধাতু—দান, দেওয়া।

### বর্ত্তমান কাল।

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | দদাতি | দদাসি | দদামি |
| দ্বিবচন | দত্তঃ | দত্থঃ | দদ্বঃ |
| বহুবচন | দদতি | দত্থ | দদ্মঃ |

### অতীত কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | দদৌ | দদিথ, দদাথ | দদৌ |
| দ্বিবচন | দদতুঃ | দদথুঃ | দদিব |
| বহুবচন | দদুঃ | দদ | দদিম |

### ভবিষ্যৎ কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | দাস্যতি | দাস্যসি | দাস্যামি |
| দ্বিবচন | দাস্যতঃ | দাস্যথঃ | দাস্যাবঃ |
| বহুবচন | দাস্যন্তি | দাস্যথ | দাস্যামঃ |

### অনুজ্ঞা।

| | | | |
|---|---|---|---|
| একবচন | দদাতু | দেহি | দদানি |
| দ্বিবচন | দত্তাম্ | দত্তম্ | দদাব |
| বহুবচন | দদতু | দত্ত | দদাম |

## গ্রহ্‌ধাতু—গ্রহণ, লওয়া।

বর্ত্তমান কাল।

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | গৃহ্লাতি | গৃহ্লাসি | গৃহ্লামি |
| দ্বিবচন | গৃহ্লীতঃ | গৃহ্লীথঃ | গৃহ্লীবঃ |
| বহুবচন | গৃহ্লন্তি | গৃহ্লীথ | গৃহ্লীমঃ |

অতীত কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | জগ্রাহ | জগ্রহিথ | জগ্রাহ, জগ্রহ |
| দ্বিবচন | জগৃহতুঃ | জগৃহথুঃ | জগৃহিব |
| বহুবচন | জগৃহুঃ | জগৃহ | জগৃহিম |

ভবিষ্যৎ কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | গ্রহীষ্যতি | গ্রহীষ্যসি | গ্রহীষ্যামি |
| দ্বিবচন | গ্রহীষ্যতঃ | গ্রহীষ্যথঃ | গ্রহীষ্যাবঃ |
| বহুবচন | গ্রহীষ্যন্তি | গ্রহীষ্যথ | গ্রহীষ্যামঃ |

অনুজ্ঞা।

| | | | |
|---|---|---|---|
| একবচন | গৃহ্লাতু | গৃহাণ | গৃহ্লানি |
| দ্বিবচন | গৃহ্লীতাম্ | গৃহ্লীতম | গৃহ্লাব |
| বহুবচন | গৃহ্লন্তু | গৃহ্লীত | গৃহ্লাম |

---

## প্রচ্ছ ধাতু—জিজ্ঞাসা।

### বর্ত্তমান কাল।

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | পৃচ্ছতি | পৃচ্ছসি | পৃচ্ছামি |
| দ্বিবচন | পৃচ্ছতঃ | পৃচ্ছথঃ | পৃচ্ছাবঃ |
| বহুবচন | পৃচ্ছন্তি | পৃচ্ছথ | পৃচ্ছামঃ |

### অতীত কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | পপ্রচ্ছ | পপ্রচ্ছিথ, পপ্রষ্ঠ | পপ্রচ্ছ |
| দ্বিবচন | পপ্রচ্ছতুঃ | পপ্রচ্ছথুঃ | পপ্রচ্ছিব |
| বহুবচন | পপ্রচ্ছুঃ | পপ্রচ্ছ | পপ্রচ্ছিম |

### ভবিষ্যৎ কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | প্রক্ষ্যতি | প্রক্ষ্যসি | প্রক্ষ্যামি |
| দ্বিবচন | প্রক্ষ্যতঃ | প্রক্ষ্যথঃ | প্রক্ষ্যাবঃ |
| বহুবচন | প্রক্ষ্যন্তি | প্রক্ষ্যথ | প্রক্ষ্যামঃ |

### অনুজ্ঞা।

| | | | |
|---|---|---|---|
| একবচন | পৃচ্ছতু | পৃচ্ছ | পৃচ্ছানি |
| দ্বিবচন | পৃচ্ছতাম্ | পৃচ্ছতম্ | পৃচ্ছাব |
| বহুবচন | পৃচ্ছন্তু | পৃচ্ছত | পৃচ্ছাম |

## ব্রূধাতু—কথন, বলা।

বর্ত্তমান কাল।

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | ব্রবীতি | ব্রবীষি | ব্রবীমি |
| দ্বিবচন | ব্রূতঃ | ব্রূথঃ | ব্রূবঃ |
| বহুবচন | ব্রুবন্তি | ব্রূথ | ব্রূমঃ |

অতীত কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | উবাচ | উবচিথ, উবক্থ | উবাচ, উবচ |
| দ্বিবচন | ঊচতুঃ | ঊচথুঃ | ঊচিব |
| বহুবচন | ঊচুঃ | ঊচ | ঊচিম |

ভবিষ্যৎ কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | বক্ষ্যতি | বক্ষ্যসি | বক্ষ্যামি |
| দ্বিবচন | বক্ষ্যতঃ | বক্ষ্যথঃ | বক্ষ্যাবঃ |
| বহুবচন | বক্ষ্যন্তি | বক্ষ্যথ | বক্ষ্যামঃ |

অনুজ্ঞা।

| | | | |
|---|---|---|---|
| একবচন | ব্রবীতু | ব্রূহি | ব্রবাণি |
| দ্বিবচন | ব্রূতাম্ | ব্রূতম্ | ব্রবাব |
| বহুবচন | ব্রুবন্তু | ব্রূত | ব্রবাম |

---

## ভক্ষ্ধাতু—ভক্ষণ, খাওয়া।

### বর্ত্তমান কাল।

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | ভক্ষয়তি | ভক্ষয়সি | ভক্ষয়ামি |
| দ্বিবচন | ভক্ষয়তঃ | ভক্ষয়থঃ | ভক্ষয়াবঃ |
| বহুবচন | ভক্ষয়ন্তি | ভক্ষয়থ | ভক্ষয়ামঃ |

### অতীত কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | ভক্ষয়ামাস | ভক্ষয়ামাসিথ | ভক্ষয়ামাস |
| দ্বিবচন | ভক্ষয়ামাসতুঃ | ভক্ষয়ামাসথুঃ | ভক্ষয়ামাসিব |
| বহুবচন | ভক্ষয়ামাসুঃ | ভক্ষয়ামাস | ভক্ষয়ামাসিম |

### ভবিষ্যৎ কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | ভক্ষয়িষ্যতি | ভক্ষয়িষ্যসি | ভক্ষয়িষ্যামি |
| দ্বিবচন | ভক্ষয়িষ্যতঃ | ভক্ষয়িষ্যথঃ | ভক্ষয়িষ্যাবঃ |
| বহুবচন | ভক্ষয়িষ্যন্তি | ভক্ষয়িষ্যথ | ভক্ষয়িষ্যামঃ |

### অনুজ্ঞা।

| | | | |
|---|---|---|---|
| একবচন | ভক্ষয়তু | ভক্ষয় | ভক্ষয়াণি |
| দ্বিবচন | ভক্ষয়তাম্ | ভক্ষয়তম্ | ভক্ষয়াব |
| বহুবচন | ভক্ষয়ন্তু | ভক্ষয়ত | ভক্ষয়াম |

---

## পাধাতু—পান।

### বর্ত্তমান কাল।

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | পিবতি | পিবসি | পিবামি |
| দ্বিবচন | পিবতঃ | পিবথঃ | পিবাবঃ |
| বহুবচন | পিবন্তি | পিবথ | পিবামঃ |

### অতীত কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | পপৌ | পপিথ, পপাথ | পপৌ |
| দ্বিবচন | পপতুঃ | পপথুঃ | পপিব |
| বহুবচন | পপুঃ | পপ | পপিম |

### ভবিষ্যৎ কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | পাস্যতি | পাস্যসি | পাস্যামি |
| দ্বিবচন | পাস্যতঃ | পাস্যথঃ | পাস্যাবঃ |
| বহুবচন | পাস্যন্তি | পাস্যথ | পাস্যামঃ |

### অনুজ্ঞা।

| | | | |
|---|---|---|---|
| একবচন | পিবতু | পিব | পিবানি |
| দ্বিবচন | পিবতাম্ | পিবতম্ | পিবাব |
| বহুবচন | পিবন্তু | পিবত | পিবাম |

---

## ইষ্‌ধাতু—ইচ্ছা।

### বর্ত্তমান কাল।

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | ইচ্ছতি | ইচ্ছসি | ইচ্ছামি |
| দ্বিবচন | ইচ্ছতঃ | ইচ্ছথঃ | ইচ্ছাবঃ |
| বহুবচন | ইচ্ছন্তি | ইচ্ছথ | ইচ্ছামঃ |

### অতীত কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | ইয়েষ | ইয়েষিথ | ইয়েষ |
| দ্বিবচন | ঈষতুঃ | ঈষথুঃ | ঈষিব |
| বহুবচন | ঈষুঃ | ঈষ | ঈষিম |

### ভবিষ্যৎ কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | এষিষ্যতি | এষিষ্যসি | এষিষ্যামি |
| দ্বিবচন | এষিষ্যতঃ | এষিষ্যথঃ | এষিষ্যাবঃ |
| বহুবচন | এষিষ্যন্তি | এষিষ্যথ | এষিষ্যামঃ |

### অনুজ্ঞা।

| | | | |
|---|---|---|---|
| একবচন | ইচ্ছতু | ইচ্ছ | ইচ্ছানি |
| দ্বিবচন | ইচ্ছতাম্‌ | ইচ্ছতম্‌ | ইচ্ছাব |
| বহুবচন | ইচ্ছন্তু | ইচ্ছত | ইচ্ছাম |

## জ্ঞাধাতু—জ্ঞান, জানা।

বর্ত্তমান কাল।

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | জানাতি | জানাসি | জানামি |
| দ্বিবচন | জানীতঃ | জানীথঃ | জানীবঃ |
| বহুবচন | জানন্তি | জানীথ | জানীমঃ |

অতীত কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | জজ্ঞৌ | জজ্ঞিথ, জজ্ঞাথ | জজ্ঞৌ |
| দ্বিবচন | জজ্ঞতুঃ | জজ্ঞথুঃ | জজ্ঞিব |
| বহুবচন | জজ্ঞুঃ | জজ্ঞ | জজ্ঞিম |

ভবিষ্যৎ কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | জ্ঞাস্যতি | জ্ঞাস্যসি | জ্ঞাস্যামি |
| দ্বিবচন | জ্ঞাস্যতঃ | জ্ঞাস্যথঃ | জ্ঞাস্যাবঃ |
| বহুবচন | জ্ঞাস্যন্তি | জ্ঞাস্যথ | জ্ঞাস্যামঃ |

অনুজ্ঞা।

| | | | |
|---|---|---|---|
| একবচন | জানাতু | জানীহি | জানানি |
| দ্বিবচন | জানীতাম্ | জানীতম্ | জানাব |
| বহুবচন | জানন্তু | জানীত | জানাম |

## প্রপূর্ব্বক আপ্ধাতু—প্রাপ্তি, পাওয়া।

### বর্ত্তমান কাল।

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | প্রাপ্নোতি | প্রাপ্নোষি | প্রাপ্নোমি |
| দ্বিবচন | প্রাপ্নুতঃ | প্রাপ্নুথঃ | প্রাপ্নুবঃ |
| বহুবচন | প্রাপ্নুবন্তি | প্রাপ্নুথ | প্রাপ্নুমঃ |

### অতীত কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | প্রাপ | প্রাপিথ | প্রাপ |
| দ্বিবচন | প্রাপতুঃ | প্রাপথুঃ | প্রাপিব |
| বহুবচন | প্রাপুঃ | প্রাপ | প্রাপিম |

### ভবিষ্যৎ কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | প্রাপ্স্যতি | প্রাপ্স্যসি | প্রাপ্স্যামি |
| দ্বিবচন | প্রাপ্স্যতঃ | প্রাপ্স্যথঃ | প্রাপ্স্যাবঃ |
| বহুবচন | প্রাপ্স্যন্তি | প্রাপ্স্যথ | প্রাপ্স্যামঃ |

### অনুজ্ঞা।

| | | | |
|---|---|---|---|
| একবচন | প্রাপ্নোতু | প্রাপ্নুহি | প্রাপ্নবানি |
| দ্বিবচন | প্রাপ্নুতাম্ | প্রাপ্নুতম্ | প্রাপ্নবাব |
| বহুবচন | প্রাপ্নুবন্তু | প্রাপ্নুত | প্রাপ্নবাম |

---

## ত্যজ্‌ধাতু—ত্যাগ।

### বর্ত্তমান কাল।

| | প্রথম পুরুষ | মধ্যম পুরুষ | উত্তম পুরুষ |
|---|---|---|---|
| একবচন | ত্যজতি | ত্যজসি | ত্যজামি |
| দ্বিবচন | ত্যজতঃ | ত্যজথঃ | ত্যজাবঃ |
| বহুবচন | ত্যজন্তি | ত্যজথ | ত্যজামঃ |

### অতীত কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | তত্যাজ | তত্যজিথ, তত্যক্থ | তত্যাজ, তত্যজ |
| দ্বিবচন | তত্যজতুঃ | তত্যজথুঃ | তত্যজিব |
| বহুবচন | তত্যজুঃ | তত্যজ | তত্যজিম |

### ভবিষ্যৎ কাল।

| | | | |
|---|---|---|---|
| একবচন | ত্যক্ষ্যতি | ত্যক্ষ্যসি | ত্যক্ষ্যামি |
| দ্বিবচন | ত্যক্ষ্যতঃ | ত্যক্ষ্যথঃ | ত্যক্ষ্যাবঃ |
| বহুবচন | ত্যক্ষ্যন্তি | ত্যক্ষ্যথ | ত্যক্ষ্যামঃ |

### অনুজ্ঞা।

| | | | |
|---|---|---|---|
| একবচন | ত্যজতু | ত্যজ | ত্যজানি |
| দ্বিবচন | ত্যজতাম্ | ত্যজতম্ | ত্যজাব |
| বহুবচন | ত্যজন্তু | ত্যজত | ত্যজাম |

## কর্ত্তৃবাচ্য।

১২১। যেখানে কর্ত্তৃকারকে প্রথমা বিভক্তি ও কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি থাকে, তাহাকে কর্ত্তৃবাচ্য প্রয়োগ বলে। যথা, কুম্ভকারঃ ঘটং করোতি, কুম্ভকার ঘট গড়িতেছে; দেবদত্তঃ গ্রামং গচ্ছতি, দেবদত্ত গ্রামে যাইতেছে; শিশুঃ পুস্তকং পঠতি, শিশু পুস্তক পড়িতেছে; অশ্বঃ জলং পিবতি, অশ্ব জল খাইতেছে।

১২২। কর্ত্তৃবাচ্যে কর্ত্তার যে বচন, ক্রিয়াতেও সেই বচন হয়, অর্থাৎ কর্ত্তা একবচনের হইলে, ক্রিযাতে একবচন; কর্ত্তা দ্বিবচনের হইলে, ক্রিয়াতে দ্বিবচন; কর্ত্তা বহুবচনের হইলে, ক্রিয়াতে বহুবচন হয়। যথা, কুম্ভকারঃ ঘটং করোতি, কুম্ভকারৌ ঘটং কুরুতঃ, কুম্ভকারাঃ ঘটং কুর্ব্বন্তি; শিশুঃ পুস্তকং পঠতি, শিশূ পুস্তকং পঠতঃ, শিশবঃ পুস্তকং পঠন্তি।

---

## কর্ম্মবাচ্য।

১২৩। যে স্থলে কর্ত্তৃকারকে তৃতীয়া বিভক্তি ও কর্ম্মকারকে প্রথমা বিভক্তি থাকে, তাহাকে

কর্ম্মবাচ্য প্রয়োগ বলে। যথা, কুম্ভকারেণ ঘটঃ ক্রিয়তে, কুম্ভকার ঘট গড়িতেছে। শিষ্যেণ গুরুঃ পৃচ্ছ্যতে, শিষ্য গুরুকে জিজ্ঞাসা করিতেছে। ময়া চন্দ্রঃ দৃশ্যতে, আমি চন্দ্র দেখিতেছি।

১২৪। কর্ত্তৃবাচ্যে যেমন কর্ত্তৃকারকের বচন অনুসারে ক্রিয়ার বচন হয়, কর্ম্মবাচ্যপ্রয়োগে সেরূপ নহে। কর্ম্মবাচ্যে কর্ম্মের যে বচন, ক্রিয়ার সেই বচন হয়, অর্থাৎ কর্ম্ম একবচনের হইলে, ক্রিয়ার একবচন; কর্ম্ম দ্বিবচনের হইলে, ক্রিয়ার দ্বিবচন; কর্ম্ম বহুবচনের হইলে, ক্রিয়ার বহুবচন হয়। যথা, কুম্ভকারেণ ঘটঃ ক্রিয়তে, কুম্ভকারেণ ঘটৌ ক্রিয়েতে, কুম্ভকারেণ ঘটাঃ ক্রিয়ন্তে; শিষ্যেণ গুরুঃ পৃচ্ছ্যতে, শিষ্যেণ গুরূ পৃচ্ছ্যেতে, শিষ্যেণ গুরবঃ পৃচ্ছ্যন্তে।

---

## ভাববাচ্য

১২৫। যেখানে কর্ত্তৃকারকে তৃতীয়া বিভক্তি হয়, কিন্তু কর্ম্মপদ না থাকে, তাহাকে ভাববাচ্য প্রয়োগ বলে, ভাববাচ্যের ক্রিয়া সর্ব্বদাই এক-বচনান্ত হয়। যথা, ময়া স্থীয়তে, আমি আছি;

আবাভ্যাং স্থীয়তে, আমরা দুজন আছি; অস্মাভিঃ স্থীয়তে, আমরা বহুজন আছি।

---

## কৃদন্ত।

১২৬। ধাতুর উত্তর তুম্, ত্বা প্রভৃতি কতকগুলি প্রত্যয় হয়। সেই সকল প্রত্যয়কে কৃৎ বলে। কৃৎপ্রত্যয় করিয়া যে সকল শব্দ নিষ্পন্ন হয়, তাহারা প্রায় ক্রিয়ার মত অর্থ প্রকাশ করে। কৃৎপ্রত্যয় নানা, তন্মধ্যে কতকগুলির বিষয় স্থূল রূপে লিখিত হইতেছে।

### তুম।

১২৭। নিমিত্ত অর্থে ধাতুর উত্তর তুম্‌প্রত্যয় হয়। যথা, দাধাতু–তুম্, দাতুম্; দিবার নিমিত্ত। স্থাধাতু–তুম্, স্থাতুম্; থাকিবার নিমিত্ত। পাধাতু-তুম্, পাতুম্; পান করিবার নিমিত্ত। হন্‌ধাতু-তুম্, হন্তুম্; বধ করিবার নিমিত্ত। গম্‌ধাতু–তুম্, গন্তুম্; যাইবার নিমিত্ত। গ্রহ্‌ধাতু–তুম্, গ্রহীতুম্; গ্রহণ করিবার নিমিত্ত। কৃধাতু–তুম্, কর্ত্তুম্; করিবাব নিমিত্ত। বচ্‌ধাতু–তুম্, বক্তুম্; বলিবার নিমিত্ত। জিধাতু–তুম্, জেতুম্; জয় করি-

বার নিমিত্ত। দৃশ্‌ধাতু-তুম্‌, দ্রষ্টুম্‌; দেখিবার নিমিত্ত। চিন্তিধাতু-তুম্‌, চিন্তয়িতুম্‌; চিন্তা করিবার নিমিত্ত। ভুজ্‌ধাতু-তুম্‌, ভোক্তুম্‌; খাইবার নিমিত্ত ইত্যাদি।

ক্ত্বা।

১২৮। অনন্তর অর্থে ধাতুর উত্তর ক্ত্বাপ্রত্যয় হয়। যথা, কৃধাতু-ক্ত্বা, কৃত্বা; করিয়া, করণানন্তর। জিধাতু-ক্ত্বা, জিত্বা; জয় করিয়া, জয়ানন্তর। গম্‌ধাতু-ক্ত্বা, গত্বা; যাইয়া, গমনানন্তর। ভুজ্‌ধাতু-ক্ত্বা, ভুক্ত্বা; খাইয়া, ভোজনানন্তর। দৃশ্‌ধাতু-ক্ত্বা, দৃষ্ট্বা; দেখিয়া, দর্শনানন্তর। দাধাতু-ক্ত্বা, দত্ত্বা; দিয়া, দানানন্তর। পাধাতু-ক্ত্বা, পীত্বা; পান করিয়া, পানানন্তর। চিন্তিধাতু-ক্ত্বা, চিন্তয়িত্বা; চিন্তা করিয়া, চিন্তনানন্তর। বচ্‌ধাতু-ক্ত্বা, উক্ত্বা; বলিয়া, কথনানন্তর। গ্রহ্‌ধাতু-ক্ত্বা, গৃহীত্বা; লইয়া, গ্রহণানন্তর ইত্যাদি।

যপ্‌।

১২৯। যদি ধাতুর পূর্ব্বে উপসর্গ থাকে, অনন্তর অর্থে ধাতুর উত্তর যপ্‌প্রত্যয় হয়। যথা, আ-দাধাতু-যপ্‌, আদায়; গ্রহণ করিয়া, গ্রহণানন্তর। আ-গম্‌ধাতু-যপ্‌, আগম্য, আগত্য;

আসিয়া, আগমনানন্তর। আ–হন্‌ধাতু–যপ্‌, আহত্য; আঘাত করিয়া, আঘাতানন্তর। বি-জিধাতু–যপ্‌, বিজিত্য; জয় করিয়া, জয়ানন্তর। সং–স্মৃধাতু–যপ্‌, সংস্মৃত্য; স্মরণ করিয়া, স্মরণানন্তর। প্র–নম্‌ধাতু–যপ্‌ প্রণম্য, প্রণত্য; প্রণাম করিয়া, প্রণামানন্তর।

১৩০। তুম্‌, ত্বা, ও যপ্‌ প্রত্যয় করিয়া, যে সকল শব্দ নিষ্পন্ন হয়, তাহারা অব্যয়। প্রযোগ কালে, এই সকল শব্দে প্রথমা বিভক্তির এক-বচন হয়।

তব্য, অনীয়, য।

১৩১। ভবিষ্যৎ কালে, ধাতুর উত্তর কর্ম্ম-বাচ্যে ও ভাববাচ্যে তব্য, অনীয়, য এই তিন প্রত্যয় হয়। এই তিন প্রত্যয় করিয়া যে শব্দ নিষ্পন্ন হয়, তাহার রূপ পুংলিঙ্গে নরশব্দের ন্যায়, স্ত্রীলিঙ্গে লতাশব্দের ন্যায়, ক্লীবলিঙ্গে ফলশব্দের ন্যায়।

১৩২। তব্য, অনীয়, য, কোনও কোনও স্থলে, ধাতুর সহিত কেবল যুক্ত হয়; কোনও কোনও স্থলে, ধাতুর আকারের কিছু কিছু পরিবর্ত্ত হয়। যথা, দাধাতু–তব্য, দাতব্যম্‌; অনীয়, দানীয়ম্‌;

য, দেয়ম্। জিধাতু, জেতব্যম্, জয়নীয়ম্, জেয়ম্। শীধাতু, শয়িতব্যম্, শয়নীয়ম্, শেয়ম্। শ্রুধাতু শ্রোতব্যম্, শ্রবণীয়ম্, শ্রব্যম্, শ্রাব্যম্। ভূধাতু, ভবিতব্যম্, ভবনীয়ম্, ভব্যম্। কৃধাতু, কর্ত্তব্যম্, করণীয়ম্, কার্য্যম্। গ্রহ্‌ধাতু, গ্রহীতব্যম্, গ্রহণীয়ম্, গ্রাহ্যম্। গম্‌ধাতু, গন্তব্যম্, গমনীয়ম্, গম্যম্। দৃশ্‌ধাতু, দ্রষ্টব্যম্, দর্শনীয়ম্, দৃশ্যম্। বচ্‌ধাতু, বক্তব্যম্, বচনীয়ম্, বাচ্যম্। ভুজ্‌ধাতু, ভোক্তব্যম্, ভোজনীয়ম্, ভোজ্যম্। চিন্তিধাতু, চিন্তয়িতব্যম্, চিন্তনীয়ম্, চিন্ত্যম্।

১৩৩। কর্ম্মবাচ্যে তব্য, অনীয়, য করিলে, যে শব্দ নিষ্পন্ন হয়, তাহা কর্ম্মের বিশেষণ স্বরূপ। এই নিমিত্ত কর্ম্মপদের যে লিঙ্গ, যে বিভক্তি, যে বচন, ঐ সকল শব্দেও সেই লিঙ্গ, সেই বিভক্তি, সেই বচন হয়। যথা, পঠ্‌ধাতু অনীয়, ময়া গ্রন্থঃ পঠনীয়ঃ ; আমি গ্রন্থ পাঠ করিব। ময়া পত্রিকা পঠনীয়া। ময়া পুস্তকং পঠনীয়ম্। পঠনীয়ম্ গ্রন্থম্, পঠনীয়েন গ্রন্থেন, পঠনীয়ায় গ্রন্থায়, পঠনীয়াৎ গ্রন্থাৎ, পঠনীয়স্য গ্রন্থস্য, পঠনীয়ে গ্রন্থে, পঠনীয়য়োঃ গ্রন্থয়োঃ, পঠনীয়েষু গ্রন্থেষু।

১৩৪। ভাববাচ্যে তব্য, অনীয়, য করিয়া যে

শব্দ নিষ্পন্ন হয়, তাহার রূপ অকারান্ত ক্লীবলিঙ্গ শব্দের প্রথমার একবচনের ন্যায় হয়। যথা, স্থাধাতু-তব্য, ময়া স্থাতব্যম্; আমি থাকিব। ক্রীড়ধাতু-তব্য, ত্বয়া ক্রীড়িতব্যম্; তুমি ক্রীড়া করিবে। লজ্জধাতু-তব্য, তেন লজ্জিতব্যম্; সে লজ্জা পাইবেক।

তবৎ।

১৩৫। অতীত কালে, ধাতুর উত্তর, কর্ত্তৃবাচ্যে, তবৎ প্রত্যয় হয়। তবৎ প্রত্যয় করিয়া যে শব্দ নিষ্পন্ন হয়, তাহা কর্ত্তার বিশেষণ। এই নিমিত্ত, কর্ত্তার যে লিঙ্গ, যে বিভক্তি, যে বচন, ঐ সকল শব্দেও সেই লিঙ্গ, সেই বিভক্তি, সেই বচন হইয়া থাকে। এই সকল শব্দের রূপ, পুংলিঙ্গে ও ক্লীবলিঙ্গে, শ্রীমৎশব্দের ন্যায়; স্ত্রীলিঙ্গে নদী-শব্দের ন্যায়। যথা, জিধাতু-তবৎ, পুং, জিতবান্, জিতবন্তৌ, জিতবন্তঃ; ক্লী, জিতবৎ, জিতবতী, জিতবন্তি; স্ত্রী, জিতবতী, জিতবত্যৌ, জিতবত্যঃ। রামো রাবণং জিতবান্; রাম রাবণকে জয় করিয়াছিলেন। শ্রুধাতু, অহং শাস্ত্রং শ্রুতবান্; আমি শাস্ত্র শুনিয়াছি। কৃধাতু, স কিং কৃতবান্; তিনি কি করিয়াছেন। এইরূপ,

স্থাধাতু, স্থিতবান্ ; দাধাতু, দত্তবান্ ; গম্‌ধাতু, গতবান্ ; হন্‌ধাতু, হতবান্ ; গ্রহ্‌ধাতু, গৃহীতবান্ ; দৃশ্‌ধাতু, দৃষ্টবান্ ; জ্ঞাধাতু, জ্ঞাতবান্ ; বচ্‌ধাতু, উক্তবান্ ; ভুজ্‌ধাতু, ভুক্তবান্ ; চিন্তিধাতু, চিন্তিতবান্।

ত।

১৩৬। অতীত কালে, ধাতুর উত্তর, কর্ম্মবাচ্যে ত প্রত্যয় হয়। জিধাতু, জিতঃ ; কৃধাতু, কৃতঃ ; গ্রহ্‌ধাতু, গৃহীতঃ ; দাধাতু, দত্তঃ ; দৃশধাতু, দৃষ্টঃ ; জ্ঞাধাতু, জ্ঞাতঃ ; শ্রুধাতু, শ্রুতঃ ; বচধাতু, উক্তঃ।

১৩৭। কর্ম্মবাচ্যে ত প্রত্যয় করিলে, যে শব্দ হয়, তাহা কর্ম্মের বিশেষণ। এই নিমিত্ত, কর্ম্মের যে লিঙ্গাদি, ঐ শব্দের তাহাই হয়। ত প্রত্যয় করিয়া যে শব্দ হয়, তাহার রূপ পুংলিঙ্গে নরশব্দের ন্যায়, ক্লীবলিঙ্গে ফলশব্দের ন্যায়, স্ত্রীলিঙ্গে লতাশব্দের ন্যায়। পঠ্‌ধাতু-ত, তেন গ্রন্থঃ পঠিতঃ ; সে গ্রন্থ পাঠ করিয়াছে। তেন পত্রী পঠিতা ; সে পত্র পাঠ করিয়াছে। তেন পুস্তকং পঠিতম্ ; সে পুস্তক পাঠ করিয়াছে।

১৩৮। অকর্ম্মক ধাতুর উত্তর, এবং গম্ রুহ্

প্রভৃতি কতকগুলি সকর্ম্মক ধাতুর উত্তর, কর্ত্তৃবাচ্যে ত প্রত্যয় হয়। কর্ত্তৃবাচ্যে ত প্রত্যয় করিয়া, যে শব্দ নিষ্পন্ন হয়, তাহা কর্ত্তার বিশেষণ। মৃধাতু, পুরুষো মৃতঃ, পুরুষ মরিয়াছে। স্ত্রী মৃতা, স্ত্রী মরিয়াছে; অপত্যং মৃতম্, সন্তান মরিয়াছে। ভূধাতু, ভূতঃ; স্থাধাতু, স্থিতঃ; ভীধাতু, ভীতঃ; জাগৃধাতু, জাগরিতঃ; গম্‌ধাতু, গতঃ। স গৃহং গতঃ, সে গৃহে গিয়াছে। রুহধাতু, রূঢ়ঃ; বানরো বৃক্ষম্ আরূঢঃ, বানর গাছে চড়িয়াছে।

১৩৯। অকর্ম্মক, সকর্ম্মক, দুইপ্রকার ধাতুর উত্তর ভাববাচ্যে ত হয়। ভাববাচ্যে ত প্রত্যয় করিয়া, যে শব্দ নিষ্পন্ন হয়, তাহার সর্ব্বদাই, ক্লীবলিঙ্গে প্রথমা বিভক্তির একবচনে ন্যায়, রূপ হইয়া থাকে। যথা, ময়া জিতম্, আমি জিতিয়াছি। তেন কুত্র স্থিতম্, সে কোথায় ছিল। ত্বয়া দৃষ্টম্, তুমি দেখিয়াছ। শিশুনা রুদিতম্, শিশু রোদন করিল। ময়া ভুক্তম্, আমি খাইযাছি। তেন জাগরিতম্, সে জাগিয়াছে। চৌরেণ পলায়িতম্, চোর পলাইল।

---

## সমাস।

১৪০। বিভক্তিহীন শব্দকে নাম বলে। ঐ নাম বিভক্তিযুক্ত হইলে, তাহাকে পদ বলা যায়। বৃক্ষ, গিরি, পশু, ভ্রাতৃ, এই সকল শব্দে বিভক্তিযোগ হয় নাই; ইহাদিগকে, এই অবস্থায়, নাম বলে। বৃক্ষঃ, বৃক্ষৌ, বৃক্ষাঃ; গিরিঃ, গিরী, গিরয়ঃ; পশুঃ, পশূ, পশবঃ; ভ্রাতা, ভ্রাতরৌ, ভ্রাতরঃ; এই সকল শব্দ বিভক্তিযুক্ত হইয়াছে; এজন্য, ইহাদিগকে, নাম না বলিয়া, পদ বলে।

১৪১। প্রত্যেক পদের অন্তে, এক এক বিভক্তি থাকে। কখনও কখনও, দুই তিন পদ একত্র করা হয়; তখন কেবল শেষের পদটিতেই বিভক্তি থাকে, পূর্ব্ব পূর্ব্ব পদে বিভক্তি থাকে না। যথা, সুশীলবালকঃ। পূর্ব্বে, সুশীলঃ বালকঃ এইরূপ ছিল; কিন্তু, দুই পদের একত্র যোগ করাতে, সুশীলবালকঃ, এইরূপ হইল। যোগ হইল বলিয়া, সুশীল পদে বিভক্তি নাই; বালক পদ শেষে আছে বলিয়া, কেবল তাহাতেই বিভক্তি রহিল। এইরূপ দুই অথবা অনেক পদের একত্র যোগ করাকে সমাস কহে।

১৪২। সমাস ছয়প্রকার, কর্ম্মধারয়, তৎপুরুষ, দ্বন্দ্ব, বহুব্রীহি, দ্বিগু, অব্যয়ীভাব।

কর্ম্মধারয়।

১৪৩। বিশেষণ ও বিশেষ্য পদের যে সমাস, তাহার নাম কর্ম্মধারয়। যথা, উন্নতঃ তরুঃ, উন্নততরুঃ; নীলম্ উৎপলম্, নীলোৎপলম্; গভীরঃ কূপঃ, গভীরকূপঃ; সুন্দরঃ পুরুষঃ, সুন্দরপুরুষঃ।

১৪৪। যদি বিশেষণ ও বিশেষ্য স্ত্রীলিঙ্গ হয়, বিশেষণ শব্দ পুংলিঙ্গের মত হইয়া যায়; অর্থাৎ আকার ঈকার প্রভৃতি স্ত্রীলিঙ্গের যে চিহ্ন, তাহা থাকে না। যথা, দীর্ঘা যষ্টিঃ, দীর্ঘযষ্টিঃ; জীর্ণা তরিঃ, জীর্ণতরিঃ; সতী প্রবৃত্তিঃ, সৎপ্রবৃত্তিঃ।

তৎপুরুষ।

১৪৫। পূর্ব্ব পদ দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, সপ্তমী, ইহার মধ্যে কোনও বিভক্তিযুক্ত; আর পর পদ প্রথমা বিভক্তিযুক্ত; ঈদৃশ দুই পদের যে সমাস, তাহাকে তৎপুরুষ বলে। যথা, গৃহং গতঃ, গৃহগতঃ; লোভেন জিতঃ, লোভজিতঃ; ধনায় লোভঃ, ধনলোভঃ; সর্পাৎ ভয়ম্, সর্পভয়ম্; বৃক্ষস্য শাখা, বৃক্ষশাখা; পুরুষেষু উত্তমঃ, পুরুষোত্তমঃ।

দ্বন্দ্ব।

১৪৬। পরস্পর বিশেষ্য বিশেষণ নয়, এরূপ প্রথমাবিভক্তিযুক্ত দুই অথবা বহু পদের যে সমাস, তাহার নাম দ্বন্দ্ব। যদি একবচনান্ত দুই পদে দ্বন্দ্ব সমাস হয়, শেষের পদ দ্বিবচনান্ত হয়। আর সর্ব্বত্র বহুবচনান্ত হয়। শেষের পদের যে লিঙ্গ, দ্বন্দ্ব সমাস করিলে, সেই লিঙ্গ থাকে। যথা, রামঃ লক্ষ্মণঃ, রামলক্ষ্মণৌ; ভীমঃ অর্জ্জুনঃ, ভীমার্জ্জুনৌ; নদী পর্ব্বতঃ, নদীপর্ব্বতৌ; ফলং পুষ্পম্, ফলপুষ্পে; কন্দঃ মূলং ফলম্, কন্দমূলফলানি; রূপং রসঃ গন্ধঃ স্পর্শঃ শব্দঃ, রূপরসগন্ধস্পর্শশব্দাঃ। ইহার নাম ইতরেতর দ্বন্দ্ব।

১৪৭। কখনও কখনও, দ্বন্দ্ব সমাস করিলে, শেষের শব্দ, যে লিঙ্গের হউক না কেন, ক্লীবলিঙ্গ ও একবচনান্ত হইয়া যায়। ইহাকে সমাহার দ্বন্দ্ব বলে। যথা, হংসঃ কোকিলঃ, হংসকোকিলম্; পাণী পাদৌ, পাণিপাদম্।

বহুব্রীহি।

১৪৮। যে কয় পদে সমাস করা যায়, সেই কয় পদের যে অর্থ, তাহা না বুঝাইয়া, যেখানে

অন্য বস্তু বা ব্যক্তি বুঝায়, তাহাকে বহুব্রীহি সমাস বলে। সমাসকালে, বহুব্রীহিতে যদ্‌শব্দের এক পদ থাকে। যথা, দীর্ঘৌ বাহূ যস্য, দীর্ঘবাহুঃ পুরুষঃ; এ স্থলে, দীর্ঘ দুই বাহু না বুঝাইয়া, দীর্ঘবাহুবিশিষ্ট পুরুষ বুঝাইল। নির্মলং জলং যস্যাঃ, নির্মলজলা নদী; এ স্থলে, নির্মল জল না বুঝাইয়া, নির্মলজলবিশিষ্ট নদী বুঝাইল।

১৪৯। যদি দুই স্ত্রীলিঙ্গ পদে বহুব্রীহি সমাস হয়, পূর্ব্ব পদ প্রায় পুংলিঙ্গ হইয়া যায়; অর্থাৎ স্ত্রীলিঙ্গের চিহ্ন আকার ঈকার প্রভৃতি থাকে না। যথা, নির্মলা মতির্যস্য, নির্মলমতিঃ; মৃদ্বী গতির্যস্য, মৃদুগতিঃ।

১৫০। বহুব্রীহি সমাস করিয়া, যে পদ নিষ্পন্ন হয়, উহা প্রায় বিশেষণ; সুতরাং বিশেষ্যের লিঙ্গ, বিভক্তি ও বচন প্রাপ্ত হয়।

### দ্বিগু।

১৫১। যাহাতে পূর্ব্ব পদ সংখ্যাবাচক শব্দ ও যাহাতে সমাহার থাকে, অর্থাৎ এক কালে অনেক বস্তুর বোধ হয়, উহাকে সমাহার দ্বিগু বলে। সমাহার ভিন্ন অন্য অর্থেও দ্বিগু হয়। সমাহার দ্বিগু করিলে, কোনও কোনও স্থলে

স্ত্রীলিঙ্গ ও ঈ হয়, কোনও কোনও স্থলে ক্লীবলিঙ্গ হয়। যথা, ত্রয়াণাং লোকানাং সমাহারঃ, ত্রিলোকী। এ স্থলে স্ত্রীলিঙ্গ ও ঈ হইল। ত্রিলোকী বলিলে, এককালে তিন লোকের বোধ হয়। ত্রয়াণাং ভুবনানাং সমাহারঃ, ত্রিভুবনম্।

অব্যয়ীভাব।

১৫২। সামীপ্য, বীপ্সা, অনতিক্রম, অভাব, পর্য্যন্ত, ইত্যাদি অর্থে যে সমাস হয়, তাহার নাম অব্যয়ীভাব। যে কয় পদে সমাস হয়, তন্মধ্যে প্রথম পদ অব্যয় শব্দ। সমাস করিলে, শেষের শব্দ যদি অকারান্ত থাকে, তাহার রূপ, পঞ্চমী ভিন্ন সকল বিভক্তিতেই, অকারান্ত ক্লীবলিঙ্গ শব্দের প্রথমার একবচনের ন্যায় হয়; তদ্ভিন্ন সর্ব্বত্র অব্যয় শব্দের ন্যায় হয়, অর্থাৎ, কোনও বিভক্তির চিহ্ন থাকে না। যথা, কূলস্য সমীপে, উপকূলম্; গৃহে গৃহে, প্রতিগৃহম্; শক্তিমনতিক্রম্য, যথাশক্তি; বিঘ্নস্য অভাবঃ নির্ব্বিঘ্নম্; সমুদ্রপর্য্যন্তম্, আসমুদ্রম্।

---

## তদ্ধিত প্রত্যয়

১৫৩। অর্থবিশেষে, শব্দের উত্তর ত, ত্ব, বৎ, মৎ প্রভৃতি প্রত্যয় হয়। সেই সকল প্রত্যয়কে তদ্ধিত বলে। তদ্ধিত প্রত্যয় নানা; তন্মধ্যে কতকগুলির বিষয় সংক্ষেপে লিখিত হইতেছে।

ত, ত্ব।

১৫৪। ভাব অর্থ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর ত ও ত্ব হয়। ত প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ ও ত্ব প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ হইয়া থাকে। যথা, প্রভুতা, প্রভুত্বম্, প্রভুর ভাব; লঘুতা, লঘুত্বম্, লঘুর ভাব; পশুতা, পশুত্বম্, পশুর ভাব; খলতা, খলত্বম্, খলের ভাব।

বৎ।

১৫৫। সাদৃশ্য অর্থ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর বৎ হয়। এই বৎপ্রত্যয়ান্ত শব্দ অব্যয়। যথা, চন্দ্রবৎ, চন্দ্রের মত; পিতৃবৎ, পিতার মত; মাতৃবৎ, মাতার মত; পুত্রবৎ, পুত্রের মত; গুরুবৎ, গুরুর মত।

মৎ।

১৫৬। যাহার বা যাহাতে আছে, এই অর্থে

প্রাতিপদিকের উত্তর মৎ হয়। যথা, বুদ্ধি যার আছে, বুদ্ধিমান্; শ্রী যার আছে, শ্রীমান্; ধীমান্, মতিমান্, অংশুমান্। অগ্নি আছে যাতে, অগ্নিমান্, বায়ুমান্, নদীমান্। অবর্ণান্তপ্রাতিপদিকের উত্তর, মতের মস্থানে ব হয়। যথা, জ্ঞানবান্, বলবান্, বিদ্যাবান্, দয়াবান্।

ইন্।

১৫৭। যাহার বা যাহাতে আছে, এই অর্থে, একের অধিকস্বরবিশিষ্ট অবর্ণান্ত শব্দের উত্তর বিকল্পে ইন্ হয়; ইন্ হইলে, অন্ত্য স্বরের লোপ হয়। যথা, জ্ঞানী, গুণী, ধনী; পক্ষে, জ্ঞানবান্, গুণবান্, ধনবান্।

বিন্।

১৫৮। যাহার বা যাহাতে আছে, এই অর্থে, অসৃভাগান্ত প্রাতিপদিকের উত্তর বিন্ হয়। যথা, যশস্-যশস্বী, তেজস্-তেজস্বী, তপস্-তপস্বী, পয়স্-পয়স্বী। স্রজ, মায়া ও মেধা শব্দের উত্তরও হয়। যথা, স্রজ্ স্রগ্বী, মায়া মায়াবী, মেধা মেধাবী।

তর।

১৫৯। দুয়ের মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে,

প্রাতিপদিকের উত্তর তর হয়। যথা, দুয়ের মধ্যে দৃঢ়, দৃঢ়তরঃ; দুয়ের মধ্যে গুরু, গুরুতরঃ; দুয়ের মধ্যে মৃদু, মৃদুতরঃ।

তম।

১৬০। অনেকের মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর তম হয়। যথা, অনেকের মধ্যে দৃঢ়, দৃঢ়তমঃ; অনেকের মধ্যে গুরু, গুরুতমঃ; অনেকের মধ্যে মৃদু, মৃদুতমঃ।

ময়।

১৬১। বিকার, ব্যাপ্তি, ও অবয়ব অর্থ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর ময় হয়। যথা, স্বর্ণের বিকার, স্বর্ণময়ম্; রজতের বিকার, রজতময়ম্; লৌহের বিকার, লৌহময়ম্; মৃদের বিকার, মৃণ্ময়ম্। ধূমে ব্যাপ্ত, ধূমময়ম্; জলে ব্যাপ্ত, জলময়ম্; রোগে ব্যাপ্ত, রোগময়ম্। দারু যাহার অবয়ব, দারুময়ম্; কাষ্ঠ যাহার অবয়ব, কাষ্ঠময়ম্; ঊর্ণা যাহার অবয়ব, ঊর্ণাময়ম্।

ধা।

১৬২। প্রকার অর্থ বুঝাইলে, সংখ্যাবাচক প্রাতিপদিকের উত্তর ধা হয়। ধাপ্রত্যয়ান্ত শব্দ

অব্যয়। যথা, এক প্রকার, একধা; দ্বি প্রকার, দ্বিধা; ত্রি প্রকার, ত্রিধা; চতুঃপ্রকার, চতুর্ধা। নকারান্ত শব্দের উত্তর ধাপ্রত্যয় হইলে, শব্দের অন্তস্থিত নকারের লোপ হয়। যথা, পঞ্চ প্রকার, পঞ্চধা; নব প্রকার, নবধা।

তস্।

১৬৩। পঞ্চমী ও সপ্তমী বিভক্তির স্থানে বিকল্পে তস্ হয়। যথা, পঞ্চমী—গৃহাৎ গৃহতঃ, গ্রামাৎ গ্রামতঃ, উভয়স্মাৎ উভয়তঃ, একস্মাৎ একতঃ। সপ্তমী-অগ্রে অগ্রতঃ, আদৌ আদিতঃ, অন্তে অন্ততঃ।

ত্র।

১৬৪। সর্ব্বনাম প্রাতিপদিকের সপ্তমী-বিভক্তির স্থানে বিকল্পে ত্র হয়। যথা, সর্ব্বস্মিন্ সর্ব্বত্র, অন্যস্মিন্ অন্যত্র, একস্মিন্ একত্র, পরস্মিন্ পরত্র, উভয়স্মিন্ উভয়ত্র।

থা।

১৬৫। প্রকার অর্থ বুঝাইলে, সর্ব্বনামের তৃতীয়াবিভক্তি স্থানে থা হয়। যথা, অন্যেন প্রকারেণ, অন্যথা, সর্ব্বৈঃ প্রকারৈঃ সর্ব্বথা,

ইতরেণ প্রকারেণ ইতরথা, উভয়েন প্রকারেণ উভয়থা।

তন।

১৬৬। উৎপত্তি বা ঘটনা বুঝাইলে, কাল-বাচক অব্যয় শব্দের উত্তর তন হয়। যথা, অদ্য-অদ্যতনম্, সায়ম্-সায়ন্তনম্, পুরা-পুরাতনম্, চিরম্-চিরন্তনম্, অধুনা-অধুনাতনম্, ইদানীম্-ইদানীন্তনম্, তদানীম্-তদানীন্তনম্।

চিৎ, চন।

১৬৭। বিভক্ত্যন্ত কিম্‌শব্দের উত্তর চিৎ ও চন হয়। যথা, কঃ-কশ্চিৎ, কশ্চন; কিম্-কিঞ্চিৎ, কিঞ্চন; কা-কাচিৎ, কাচন; কে-কেচিৎ, কেচন; কেনচিৎ, কস্যচিৎ, কেষাঞ্চিৎ, কয়াচিৎ, কস্যাশ্চিৎ, কাসাঞ্চিৎ; কুতশ্চিৎ, কুতশ্চন; ক্বচিৎ, ক্বচন; কুত্রচিৎ, কুত্রচন।

# দেবনাগরবর্ণপরিচয়।

अ आ इ ई उ ऊ ऋ ॠ

অ আ ই ঈ উ ঊ ঋ ৠ

ऌ ए ऐ ओ औ।

ঌ এ ঐ ও ঔ।

---

क ख ग घ ङ। च छ ज झ ञ।

ক খ গ ঘ ঙ। চ ছ জ ঝ ঞ।

ट ठ ड ढ ण। त थ द ध न।

ট ঠ ড ঢ ণ। ত থ দ ধ ন।

प फ ब भ म। य र ल व।

প ফ ব ভ ম। য র ল ব।

श ष स ह ं ः।

শ ষ স হ ং ঃ।

का कि की कु कू के कै को कौ

কা কি কী কু কূ কে কৈ কো কৌ

कृ गृ तृ दृ धृ नृ पृ भृ मृ शृ हृ।

কৃ গৃ তৃ দৃ ধৃ নৃ পৃ ভৃ মৃ শৃ হৃ।

## সহজ সংস্কৃত পাঠ।

### प्रथमः पाठः।

अश्वो धावति। गौः शब्दायते। सूर्य्यस्तपति। चन्द्र उदेति। वायुर्वाति। नदी वहति। फलं पतति। पत्रं चलति। पीडा वर्द्धते। बालको रोदिति। वृष्टिर्भवति। मेघो गर्जति। पुष्पं शोभते। नटो नृत्यति। गायको गायति। शिशुः क्रीडति। युवा हसति। वृद्धो निद्राति। चौरः पलायते।

---

### द्वितीयः पाठः।

स ग्रामं गच्छति। अहं चन्द्रं पश्यामि। पिता पुत्त्रमाह्वयति। पुत्त्रः पितरं प्रणमति। गुरुः शिष्यमध्यापयति। शिष्यो गुरुं पृच्छति। शिशुः शय्यायां शेते। राजा प्रजाः पालयति। स इहागमिष्यति। यूयं

कुत्र गमिष्यथ। अहं तत्र गमिष्यामि। त्वं कथं रोदिषि। बीजादङ्कुरो जायते। [illegible] गच्छन्ति। तन्तुवायो वस्त्रं वयति। गोपो दुग्धं दोग्धि। गो शष्पाण्यत्ति। विद्या विनयं ददाति।

---

तृतीय पाठ

भृत्यः प्रभोराज्ञां पालयति। प्रभुर्भृत्याय वेतनं ददाति। बालको यत्नेन विद्यामर्ज्जयति। स क्लेशं सोढुं शक्नोति। दशरथः पुत्त्रशोकेन प्राणांस्तत्याज। राम समुद्रे सेतुं बबन्ध। ग्रीष्मकाले रविरति तीक्ष्णो भवति। शरदि नभोमण्डलं निर्मलं भवति। वोपदेवो मुग्धबोधं व्याकरणं प्रणीतवान्। पक्षिणो रात्रौ वृक्षशाखायां निवसन्ति। साधवः सर्व्वभूतेषु दयां कुर्व्वन्ति। कालिदासो बहूनि काव्यानि रचितवान्। अर्ज्जुनो बाहुबलेन पृथिवी-

मजयत्। युधिष्ठिरः सदा सत्यमुवाच। उद्योगी पुरुषो लक्ष्मीमुपैति। कापुरुषा एव दैवमवलम्बन्ते।

---

चतुर्थः पाठः।

पाटलिपुत्त्रनगरे चन्द्रगुप्तो नाम राजा बभूव। चाणक्यश्चन्द्रगुप्तस्य नरपतेरमात्य आसीत्। परशुरामः पृथिवीं निःक्षत्त्रियामकरोत्। धृतराष्ट्रो जन्मान्ध आसीत तेन राज्यं न प्राप। रामः पितुरादेशात् सीतया लक्ष्मणेन च सह वनं जगाम। भीमो गदाघातेन दुर्योधनस्य ऊरू बभञ्ज। चन्द्रं दृष्ट्वा मनसि महान् हर्षो जायते। आकाशे रजन्यामसङ्ख्यानि नक्षत्राणि दृश्यन्ते। रात्रौ प्रभातायां पूर्बस्यां दिशि सूर्य्यः प्रकाशते। वसन्तागमे तरुषु लतासु च नवपल्लवानि कुसुमानि च जायन्ते।

पञ्चमः पाठः।

यो बाल्ये विद्यां नोपार्ज्जयति स चिराय मूर्खो भवति। यो दयालुर्भवति स दीनेभ्यो धनं ददाति। यः कृपणो भवति स आत्मानमपि वञ्चयते। यो बन्धुवाक्यं न शृणोति स विपदमाप्नोति। पण्डिताः शास्त्रालोचनया कालं यापयन्ति। मूर्खा निद्रया कलहेन च समयमतिवाहयन्ति। यः शठेषु विश्वसिति स आत्मनो मृत्यु-माह्वयति। यो विपदि सहायो भवति स एव यथार्थबन्धुः। यो दुर्ज्जनेन सह मैत्रीं करोति स पदे पदे विपदमाप्नोति। यस्य कुलं शीलं च न ज्ञायते न तस्मिन् सहसा विश्वसनीयम्। यत्नेन विना किमपि न सिध्यति तस्मात् सर्व्वेषु कार्य्येषु यत्नः करणीयः।

---

षष्ठः पाठः ।

सदा सत्यं ब्रूयात् । सर्व्वे सत्यवादिनमाद्रियन्ते तस्य वचसि विश्वासं कुर्व्वन्ति च । यो हि मिथ्यावादी भवति न कोऽपि तस्मिन् विश्वसिति ।

सदा प्रियं ब्रूयात् । प्रियवादी सर्व्वस्य प्रियो भवति ।

विद्या हि परमं धनम् । यस्य विद्याधनमस्ति स सदा सुखेन कालं नयति । श्रमेण यत्नेन च विना विद्या न भवति तस्मात् विद्यालाभाय श्रमो यत्नश्च विधेय । विद्यां विना वृथा जीवनम् ।

आलस्यं सर्व्वेषां दोषाणामाकरः । अलसा विद्यामुपार्ज्जयितुं न शक्नुवन्ति धनं न लभन्ते । अलसानां चिरमेव दुःखम् । तस्मादालस्यं परित्यजेत् ।

मातापितरौ पुत्त्रार्थं बहून् क्लेशान् सहेते । तयोर्नित्यं प्रियं कुर्य्यात् । कायेन

मनसा वाचा तयोर्हितं चिन्तयेत् । तयो
[illegible]तं भक्तिमान् भवेत । प्राणात्ययेऽपि
तयोरवमानना न कार्य्या । तयोरनुमतिं
विना न किञ्चित् कर्म्म कर्त्तव्यम् ।

—

सप्तमः पाठः ।

अतिभोजनं रोगमूलम् आयुःक्षयकरम् । तस्मादतिभोजनं परिहरेत् ।

योऽस्मानध्यापयति सोऽस्माकं परमो गुरुः । स हि पितृवत् पूजनीयः । विद्यादाता जन्मदाता द्वावेव समानौ समं माननीयौ च ।

क्रोधं यत्नेन वर्ज्जयेत् । क्रोधवशो न परुषं भाषेत न प्रहरेत् । क्रोधो हि महान् शत्रुः ।

सर्व्वं परवशं दुःखम् । सर्व्वमात्मवशं सुखम् । एतदेव सुखदुःखयोर्लक्षणम् ।

परहिंसायां परापकारे च बुद्धिर्न कार्य्या। तयोः समं पापं नास्ति।

यथाशक्ति परेषामुपकारं कुर्य्यात्। परोपकारो हि परमो धर्म्मः।

अहङ्कारं परिहरेत्। नाहङ्कारात् परो रिपुः।

सन्तुष्टस्य सदा सुखम्। य आत्मन सुखमन्विच्छेत् स सन्तोषमवलम्बेत। सन्तोषमूलं हि सुखम्।

PRINTED BY YAJNESWARA MUKHOPADHYAYA
AT THE SANSKRIT PRESS,
No. 62, AMHERST STREET, CALCUTTA
1891